তত্র কারণমিচ্ছামি শ্রোতুং চক্রগদাধর! ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

স এবমুক্তো গোবিন্দঃ প্রত্যুবাচ মহামনাঃ।
উদ্যন্মেঘস্বনঃ কালে প্রগৃহ্য বিপুলং ভুজম্ ॥১৭॥
অলঘূকৃতমগ্রস্তমনিরস্তমসঙ্কুলম্।
রাজীবনেত্রো রাজানং হেতুমদ্বাক্যমুত্তমম্ ॥১৮॥ (যুগ্মকম্)
কৃতার্থা ভুঞ্জতে দূতাঃ পূজাং গৃহ্লন্তি চৈব হ।
কৃতার্থং মাং সহামাত্যং সমর্চ্চিষ্যসি ভারত! ॥১৯॥
এবমুক্তঃ প্রত্যুবাচ ধার্ত্তরাষ্ট্রো জনার্দ্দনম্।
ন যুক্তং ভবতাঽস্মাসু প্রতিপত্তুমসাম্প্রতম্ ॥২০॥

ভারতকৌমুদী

ত্বমিতি। সর্ব্বশঃ সর্ব্বৌ। তত্র অন্নাদীনামগ্রহণে ॥১৬॥

স ইতি। উদ্যতো মেঘস্য স্বন ইব স্বনো গম্ভীরধ্বনির্যস্য সঃ, প্রগৃহ্য উত্তোল্য। অলঘূকৃতং সারভূতম্, অগ্রস্তং ভয়াস্পৃষ্টম্, অনিরস্তম্ অবিক্ষিপ্তং সধৈর্য্যমিত্যর্থঃ, অসঙ্কুলং জড়তাশূন্যম্। রাজীবনেত্রঃ পদ্মনয়নো গোবিন্দঃ, রাজানং দুর্য্যোধনম্, হেতুমৎ যুক্তিযুক্তম্, উত্তমং বাক্যম্, প্রত্যুবাচ ॥১৭—১৮॥

কৃতেতি। কৃতার্থাঃ কৃতকার্য্যাঃ সন্ত এব। অয়মেব যুক্তো নিয়ম ইতি ভাবঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

আকাশমাত্রবর্ত্তিধনঃ স হি শরৎসম্বন্ধাদ্ধবল ইতি ব্যাচখ্যুঃ ॥৩—১২॥ শঠোদর্কং শাঠ্যপর্য্যবসানম্ আভায্য সম্বোধনেনোন্মুখীকৃত্য ॥১৩—১৫॥ তত্র অন্নাদেরগ্রহণে ॥১৬॥ প্রগৃহ্য উদ্যম্য ॥১৭॥ অলঘূকৃতং প্রযত্নশৈথিল্যহীনকরণম্। পাঠান্তরে অনম্বূকৃতম্ অনিষ্ঠীবনম্

চক্রগদাধর গোবিন্দ! আপনি যথার্থরূপে সমস্ত ধর্ম্মার্থ জানেন। সুতরাং এগুলি গ্রহণ না করিবার কারণ আমি শুনিতে ইচ্ছা করি' ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—দুর্য্যোধন এইরূপ বলিলে, মহামনা; সজল-মেঘ-গম্ভীর-ধ্বনি ও পদ্মনয়ন কৃষ্ণ বিশাল বাহু উত্তোলন কবিয়া প্রত্যুত্তর কবিলেন; সেই প্রত্যুত্তরটী সারভূত, নির্ভয়, ধৈর্য্যপ্রণোদিত, জড়তাশূন্য, যুক্তিযুক্ত ও মনোহর হইয়াছিল ॥১৭—১৮॥

'ভরতনন্দন! দূতেরা কৃতকার্য্য হইয়াই ভোজন করে এবং পূজা গ্রহণ করে। সুতবাং আমি কৃতকার্য্য হইলে পরই মন্ত্রিবর্গের সহিত আমাকে আপনি পূজা করিবেন' ॥১৯॥

---

(১৮) অনম্বূকৃতমধ্বস্তমবিলম্বমসঙ্কুলম্···পি।

কৃতার্থং বাহকৃতার্থং বা ত্বাং বয়ং মধুসূদন ! ।
যতামহে পূজয়িতুং দাশার্হ ! ন চ শক্নুমঃ ॥২১॥
ন চ তৎকারণং বিদ্মো যস্মান্নো মধুসূদন ! ।
পূজাং কৃতাং প্রীয়মাণো নামংস্থাঃ পুরুষোত্তম ! ॥২২॥
বৈরং নো নাস্তি ভবতা গোবিন্দ ! ন চ বিগ্রহঃ ।
স ভবান্ প্রসমীক্ষ্যৈতন্নেদৃশং বক্তুমর্হসি ॥২৩॥

বৈশম্পায়ন উবাচ ।

এবমুক্তঃ প্রত্যুবাচ ধার্ত্তরাষ্ট্রং জনার্দ্দনঃ ।
অভিবীক্ষ্য সহামাত্যং দাশার্হঃ প্রহসন্নিব ॥২৪॥
নাহং কামান্ন সংরম্ভান্ন দ্বেষান্নার্থকারণাৎ ।
ন হেতুবাদাল্লোভাদ্বা ধর্ম্মং জহ্যাং কথঞ্চন ॥২৫॥

ভারতকৌমুদী

এবমিতি। ন যুক্তং নোচিতম্। প্রতিপত্তুং বোদ্ধুম্, অসাম্প্রতম্ অযুক্তম্ ॥২০॥
কৃতেতি। অকৃতার্থম্ অকৃতকার্য্যম্। শক্নুমঃ পূজয়িতুমিতি শেষঃ ॥২১॥
নেতি। নঃ অস্মাকম্। নামংস্থাঃ গ্রাহ্যত্বেন নাভিমতবান্ ॥২২॥
বৈরমিতি। নঃ অস্মাকম্। বিগ্রহঃ কলহঃ। প্রসমীক্ষ্য বিবিচ্য ॥২৩॥
এবমিতি। অমাত্যৈঃ কর্ণাদিভিঃ সহেতি সহামাত্যম্ ॥২৪॥

ভারতভাবদীপঃ

অনগ্নকৃতমিত্যপি পঠন্তি। অগ্রস্তম্ অলুপ্তাক্ষরম্। অনিরস্তং স্থানভ্রংশরহিতম্। অসঙ্কুলং অসংকীর্ণবর্ণম্ ॥১৮—১৯॥ অসাম্প্রতং প্রতিপত্তুং অযুক্তম্ কর্ত্তুম্ ॥২০—২২॥ বৈরং দ্বেষং,

---

কৃষ্ণ এইরূপ বলিলে, দুর্য্যোধন তাঁহাকে বলিলেন—'কৃষ্ণ ! আমাদের উপরে অসঙ্গত ধারণা করা আপনার উচিত নহে ॥২০॥

কৃষ্ণ ! আপনি কৃতকার্য্যই হউন, বা অকৃতকার্য্যই হউন, আপনাকে পূজা করিবার জন্য আমরা চেষ্টা করিতেছি ; অথ চ তাহাতে সমর্থ হইতেছি না ॥২১॥

মধুসূদন ! পুরুষোত্তম ! আপনি সন্তুষ্ট হইয়া আমাদের পূজা যে গ্রহণ করিলেন না, তাহার কারণ আমরা বুঝিতেছি না ॥২২॥

গোবিন্দ ! আপনার সহিত আমাদের কোন শত্রুতা নাই এবং কলহও নাই। আপনি ইহা বিবেচনা করিয়া এরূপ বলিতে পারেন না' ॥২৩॥

বৈশম্পায়ন বলিলেন—দুর্য্যোধন এইরূপ বলিলে, কৃষ্ণ মন্ত্রিবর্গের সহিত দুর্য্যোধনের প্রতি দৃষ্টিপাত করিয়া হাসিতে হাসিতেই যেন প্রত্যুত্তর করিলেন—॥২৪॥

সম্প্রীতিভোজ্যান্যন্নানি আপদ্ভোজ্যানি বা পুনঃ।
ন চ সম্প্রীয়সে রাজন্! ন চৈবাপদ্‌গতা বয়ম্ ॥২৬॥
দ্বিষদন্নং ন ভোক্তব্যং দ্বিষন্তং নৈব ভোজয়েৎ।
পাণ্ডবান্ দ্বিষসে রাজন্! মম প্রাণা হি পাণ্ডবাঃ ॥২৭॥
অকস্মাদ্দ্বিষসে রাজন্! জন্মপ্রভৃতি পাণ্ডবান্।
প্রিয়ানুবর্ত্তিনো ভ্রাতৄন্ সর্ব্বৈঃ সমুদিতান্ গুণৈঃ ॥২৮॥
অকস্মাচ্চৈব পার্থানাং দ্বেষণং নোপপদ্যতে।
ধর্ম্মে স্থিতাঃ পাণ্ডবেয়াঃ কস্তান্ কিং বক্তুমর্হতি ॥২৯॥
যস্তান্ দ্বেষ্টি স মাং দ্বেষ্টি যস্তাননু স মামনু।
ঐকাত্ম্যং মাং গতং বিদ্ধি পাণ্ডবৈর্ধর্ম্মচারিভিঃ ॥৩০॥

ভারতকৌমুদী

নেতি। সংরম্ভাৎ ক্রোধাৎ। অর্থকারণাৎ বস্তুবিশেষপ্রয়োজনাৎ। জহ্যাং ত্যজেয়ম্ ॥২৫॥
সম্প্রীতীতি। সম্প্রীয়সে অস্মদুপরীতি শেষঃ। অতএব সম্প্রীতির্নাস্তীতি ভাবঃ ॥২৬॥
দ্বিষদিতি। বিষাদিভোজনসম্ভাবনয়েতি ভাবঃ। দ্বিষসে দ্বেক্ষি ॥২৭॥
অকস্মাদিতি। অকস্মাৎ কারণং বিনা। প্রিয়াশ্চ তে অনুবর্ত্তিনশ্চেতি তান ॥২৮॥
অকস্মাদিতি। নোপপদ্যতে ন যুজ্যতে ॥২৯॥

'কাম, ক্রোধ, দ্বেষ, বিষয়বিশেষের প্রয়োজন, যুক্তি বা লোভবশতঃ আমি কখনও ধর্ম্ম ত্যাগ করি না ॥২৫॥

রাজা! সম্প্রীতি থাকিলেই অন্ন ভোজন করিবে, আর বিপৎকালেও অন্ন ভোজন করিতে পারে। কিন্তু রাজা! আপনি আমাদের উপরে সম্প্রীত নহেন, কিংবা আমরাও বিপদাপন্ন নহি ॥২৬॥

শত্রুর অন্ন ভোজন করিবে না, কিংবা শত্রুকেও নিজের অন্ন ভোজন করাইবে না। রাজা! আপনি পাণ্ডবগণের উপরে বিদ্বেষ করেন, পাণ্ডবেরা কিন্তু আমার প্রাণস্বরূপ ॥২৭॥

রাজা! পাণ্ডবেরা আপনার ভ্রাতা, প্রিয়, অনুগত এবং সর্বগুণসম্পন্ন; তথাপি আপনি বিনা কারণে জন্মাবধি তাঁহাদের বিদ্বেষ করিয়া আসিতেছেন ॥২৮॥

বিনা কারণে পাণ্ডবগণের প্রতি বিদ্বেষ করা আপনার যুক্তিযুক্ত হইতেছে না। পাণ্ডবেরা ধর্ম্মপথে রহিয়াছেন। সুতরাং কোন্ লোক তাঁহাদিগকে কি বলিতে পারে? ॥২৯॥

---

(২৭) অয়ং শ্লোকঃ পি পরত্র বর্ত্ততে, বা ব বা নাস্তি।

কামক্রোধানুবর্ত্তী হি যো মোহাদ্বিরুরুৎসতি।
গুণবস্তঞ্চ যো দ্বেষ্টি তমাহুঃ পুরুষাধমম্ ॥৩১॥
যঃ কল্যাণগুণান্ জ্ঞাতীন্ মোহাল্লোভাদ্দিদৃক্ষতে।
সোঽজিতাত্মাঽজিতক্রোধো ন চিরং তিষ্ঠতি শ্রিয়া ॥৩২॥
অথ যো গুণসম্পন্নান্ হৃদয়স্যাপ্রিয়ানপি।
প্রিয়েণ কুরুতে বশ্যাংশ্চিরং যশসি তিষ্ঠতি ॥৩৩॥
সর্ব্বমেতন্ন ভোক্তব্যমন্নং দুষ্টাভিসংহিতম্।
ক্ষত্তুরেকস্য ভোক্তব্যমিতি মে ধীয়তে মতিঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

য ইতি। অনু লক্ষ্যীকৃত্য বর্ত্ততে অনুকূল ইত্যর্থঃ। ঐকাত্ম্যমভেদম্ ॥৩০॥
কামেতি। বিরুরুৎসতি বিরোদ্ধুমিচ্ছতি ॥৩১॥
য ইতি। মোহাৎ বিবোধিভ্রমাৎ, লোভাৎ তদীয়দ্রব্যগ্রহণেচ্ছাতঃ ॥৩২॥
অথেতি। প্রিয়েণ ব্যবহারেণ। তিষ্ঠতি স ইতি শেষঃ ॥৩৩॥
সর্ব্বমিতি। দুষ্টাভিসংহিতং দুরভিসন্ধিপ্রস্তুতম্। ক্ষত্তুর্বিদুরস্য ॥৩৪॥

ভারতভাবদীপঃ

বিগ্রহো যুদ্ধম্ ॥২৩—২৪॥ সংরম্ভাৎ ক্রোধাৎ হেতুবাদাৎ কপটাৎ ॥২৫—২৬॥ দ্বেষ্টি ভবান্ ॥২৭—২৯॥ বিরুরুৎসতি বিরোধং কর্ত্তুমিচ্ছতি ॥৩০॥ মোহাৎ অদুষ্টে দুষ্টবুদ্ধির্মোহঃ, লোভঃ

যে লোক পাণ্ডবগণের প্রতি বিদ্বেষ করে, সে লোক আমার প্রতিও বিদ্বেষ করে এবং যে লোক তাঁহাদের অনুকূল, সে লোক আমারও অনুকূল। কারণ, ধর্ম্মচারী পাণ্ডবগণের সহিত আমাকে আপনি অভিন্ন বলিয়াই জানুন ॥৩০॥

যে লোক কাম ও ক্রোধের অনুবর্ত্তী হইয়া ভ্রমবশতঃ বিরোধ করিবার ইচ্ছা করে, কিংবা যে লোক গুণবানের প্রতি বিদ্বেষ করে, লোকে তাহাদিগকে পুরুষাধম বলে ॥৩১॥

যে লোক মোহ বা লোভ অনুসারে শুভগুণসম্পন্ন জ্ঞাতিগণকে দেখিবার ইচ্ছা করে, সেই অসংযতচিত্ত ও অজিতক্রোধ লোক দীর্ঘকাল লক্ষ্মীযুক্ত থাকে না ॥৩২॥

আবার যে লোক হৃদয়ের অপ্রিয় হইলেও গুণবান্ ব্যক্তিদিগকে প্রীতিকর ব্যবহারদ্বারা বশীভূত করে, সে লোক চিরকাল যশস্বী হইয়া থাকে ॥৩৩॥

সে যাহা হউক, দুরভিসন্ধিকৃত এই সকল অন্ন আমার খাদ্য নহে; কিন্তু এখানে একমাত্র বিদুরের অন্নই আমার খাদ্য; এইরূপ ধারণাই আমি স্থির করিয়া রাখিয়াছি ॥৩৪॥

(৩২)···মোহাদ্ভাত। দিদৃক্ষতে·· পি।

এবমুক্ত্বা মহাবাহুর্দুর্য্যোধনমমর্ষণম্‌ ।
নিশ্চক্রাম ততঃ শুভ্রাদ্ধার্ত্তরাষ্ট্রনিবেশনাৎ ॥৩৫॥
নির্য্যায় চ মহাবাহুর্বাসুদেবো মহামনাঃ ।
নিবেশায় যযৌ বেশ্ম বিদুরস্য মহাত্মনঃ ॥৩৬॥
তমভ্যগচ্ছদ্‌দ্রোণশ্চ কৃপো ভীষ্মোঽথ বাহ্লিকঃ ।
কুরবশ্চ মহাবাহুং বিদুরস্য গৃহে স্থিতম্‌ ॥৩৭॥
ত ঊচুর্মাধবং বীরং কুরবো মধুসূদনম্‌ ।
নিবেদয়ামো বার্ষ্ণেয় ! সরত্নাংস্তে গৃহান্‌ বয়ম্‌ ॥৩৮॥
তানুবাচ মহাতেজাঃ কৌরবান্‌ মধুসূদনঃ ।
সর্ব্বে ভবন্তো গচ্ছন্তু সর্ব্বা মেঽপচিতিঃ কৃতা ॥৩৯॥

বৈশম্পায়ন উবাচ ।

যাতেষু কুরুষু ক্ষত্তা দাশার্হমপরাজিতম্‌ ।
অভ্যর্চ্চয়ামাস তদা সর্ব্বকামৈঃ প্রযত্নবান্‌ ॥৪০॥

ভারতকৌমুদী

এবমিতি। মহাবাহুঃ কৃষ্ণঃ, অমর্ষণমসহিষ্ণুম্‌। শুভ্রাৎ সুধাধবলাৎ ॥৩৫॥
নির্য্যায়েতি। নিবেশায় অবস্থানায়, বেশ্ম ভবনম্‌ ॥৩৬॥
তমিতি। তং কৃষ্ণম্‌। অথ কৃষ্ণস্য গমনানন্তরম্‌ ॥৩৭॥
ত ইতি। তে দ্রোণাদয়ঃ। নিবেদয়ামঃ অবস্থানায় ॥৩৮॥
তানিতি। অপচিতিঃ পূজা, কৃতা অত্রাগমনেনৈবেতি ভাবঃ ॥৩৯॥
যাতেম্বিতি। ক্ষত্তা বিদুরঃ, দাশার্হং কৃষ্ণম্‌। সর্ব্বকামৈঃ সর্ব্বাভীষ্টবস্তুভিঃ ॥৪০॥

মহাবাহু কৃষ্ণ অসহিষ্ণু দুর্য্যোধনকে এইরূপ বলিয়া দুর্য্যোধনের সেই শুভ্রবর্ণ ভবন হইতে নির্গত হইলেন ॥৩৫॥

মহাবাহু ও মহামনা কৃষ্ণ সেখান হইতে নির্গত হইয়া অবস্থান কবিবার জন্য মহাত্মা বিদুরের বাড়ীতে গমন-করিলেন ॥৩৬॥

তাহার পর দ্রোণ, কৃপ, ভীষ্ম, বাহ্লিক ও অন্যান্য কৌববেরা বিদুরগৃহস্থিত কৃষ্ণের নিকট যাইয়া উপস্থিত হইলেন ॥৩৭॥

তাঁহারা উপস্থিত হইয়া কৃষ্ণকে বলিলেন—‘বৃষ্ণিনন্দন! আপনার অবস্থানের জন্য আমরা রত্নখচিত বহুতর গৃহ নিবেদন করিব’ ॥৩৮॥

তখন মহাতেজা কৃষ্ণ সেই কৌরবগণকে বলিলেন—‘আপনারা সকলে গমন করুন; আপনাদের আগমনেই আমাব সর্ব্বপ্রকার পুজা হইয়াছে’ ॥৩৯॥

ততঃ ক্ষত্তাঽন্নপানানি শুচীনি গুণবন্তি চ।
উপাহরদনেকানি কেশবায় মহাত্মনে ॥৪১॥
তৈস্তর্পয়িত্বা প্রথমং ব্রাহ্মণান্ মধুসূদনঃ।
বেদবিদ্ভ্যো দদৌ কৃষ্ণঃ পরমদ্রবিণান্যপি ॥৪২॥
ভুক্তবৎসু দ্বিজাগ্র্যেষু নিষণ্ণেষু বরাসনে।
শুচিঃ সুপ্রয়তো ভূত্বা বিদুরোঽন্নমুপাহরৎ ॥৪৩॥
শ্রদ্ধয়া পরয়া যুক্ত ইদং বচনমব্রবীৎ।
সংবৃতৈস্তুষ্য গোবিন্দ! এতন্নঃ পরমং ধনম্।
অন্যথা হি বিশেষেণ কস্ত্বামর্চ্চিতুমর্হতি ॥৪৪॥

বৈশম্পায়ন উবাচ।

ততোঽনুযায়িভিঃ সার্দ্ধং মরুদ্ভিরিব বাসবঃ।
বিদুরান্নানি বুভুজে শুচীনি গুণবন্তি চ ॥৪৫॥

ভারতকৌমুদী

তত ইতি। শুচীনি পবিত্রাণি, গুণবন্তি উৎকৃষ্টানি ॥৪১॥
তৈরিতি। তৈরন্নপানৈঃ। বেদবিদ্ভ্যো ব্রাহ্মণেভ্যঃ। পরমদ্রবিণানি উত্তমধনানি ॥৪২॥
ভুক্তেতি। দ্বিজাগ্র্যেষু ব্রাহ্মণশ্রেষ্ঠেষু, নিষণ্ণেষু উপবিষ্টেষু ॥৪৩॥
শ্রদ্ধয়েতি। সংবৃতৈঃ পরিজনৈঃ সহ, এতৎ এতদন্নমেব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪॥
তত ইতি। মরুদ্ভির্দেবৈঃ, বাসব ইন্দ্র ইব। শুচীনি পবিত্রাণি ॥৪৫॥

বৈশম্পায়ন বলিলেন—কৌরবেরা চলিয়া গেলে, তখন বিদুর সর্বপ্রকার অভীষ্ট বস্তুদ্বারা প্রযত্ন সহকারে অপরাজিত কৃষ্ণের পূজা করিলেন ॥৪০॥

তাহার পর বিদুর মহাত্মা কৃষ্ণকে পবিত্র ও উৎকৃষ্ট নানাবিধ খাদ্য ও পেয় বস্তু প্রদান করিলেন ॥৪১॥

কৃষ্ণ সেই সকল বস্তুদ্বারা প্রথমে ব্রাহ্মণগণকে সন্তুষ্ট করিয়া, পরে বেদজ্ঞ ব্রাহ্মণদিগকে উত্তম উত্তম বস্তু দান করিলেন ॥৪২॥

ব্রাহ্মণশ্রেষ্ঠেরা ভোজন করিয়া উত্তম উত্তম আসনে উপবেশন করিলে, বিদুর পবিত্র ও সংযত হইয়া কৃষ্ণের জন্য অন্ন আনয়ন করিলেন ॥৪৩॥

এবং তিনি অত্যন্তশ্রদ্ধাযুক্ত হইয়া এই কথা বলিলেন—'গোবিন্দ! আপনি পরিজনবর্গের সহিত ইহাদ্বারাই সন্তুষ্ট হউন। কারণ, ইহাই আমার উত্তম দ্রব্য। না হইলে, কোন্ ব্যক্তি আপনার উপযুক্তভাবে আপনার পূজা করিতে পারে?' ॥৪৪॥

---

(৪৩) এতদাদিকঃ 'বৈশম্পায়ন উবাচ' ইত্যন্তঃ পাঠঃ পি বা ব বা নাস্তি।

তং ভুক্তবন্তং বিবিধাঃ সুশব্দাঃ সূতমাগধাঃ।
অভিতুষ্টুবুরাসীনং দাশার্হমপরাজিতম্ ॥৪৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে শ্রীকৃষ্ণদুর্য্যোধনসংবাদে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——::——

পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ।

——:০:——

বৈশম্পায়ন উবাচ।
তং ভুক্তবন্তমাশ্বস্তং নিশায়াং বিদুরোঽব্রবীৎ।
নেদং সম্যগ্ব্যবসিতং কেশবাগমনং তব ॥১॥

ভারতকৌমুদী

তমিতি। সুশব্দা মধুরকণ্ঠাঃ। দাশার্হং কৃষ্ণম্ ॥৪৬॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্বণি ভগবদ্‌যানে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

তমিতি। আশ্বস্তং কৃতবিশ্রামম্। ব্যবসিতং কৃতম্ ॥১

ভারতভাবদীপঃ

পরকীয়ধনাপহারেচ্ছা অজিতক্রোধ ইতি চ্ছেদঃ ॥৩১—৩৪॥ শুভ্রাৎ নানারত্নময়ত্বেন প্রদীপ্তাৎ।
"শুভ্রং প্রদীপ্তং ধবলেঽভ্রকে চ" ইতি বিশ্বঃ ॥৩৫—৩৮॥ অপচিতিঃ পূজা ॥৩৯—৪৬॥
ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৪॥

——:০:——

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর ইন্দ্র যেমন দেবগণের সহিত মিলিত হইয়া ভোজন করেন, সেইরূপ কৃষ্ণ অনুচরবর্গের সহিত মিলিত হইয়া বিদুর-প্রদত্ত পবিত্র ও উত্তম অন্ন ভোজন করিলেন ॥৪৫॥

অপরাজিত কৃষ্ণ ভোজন করিয়া উপবেশন করিলে, বহুতর সূত ও মাগধ মধুরস্বরে তাঁহার স্তব করিতে লাগিল ॥৪৬॥

——০:০——

(৪৬) অয়ং শ্লোকঃ পি ব্রা ব রা ন বর্ত্ততে। * '... একনবতিতমোঽধ্যায়ঃ' বা ব বা নি।

অর্থধর্ম্মাতিগো মন্দঃ সংরম্ভী চ জনার্দ্দন ! ।
মানঘ্নো মানকামশ্চ বৃদ্ধানাং শাসনাতিগঃ ॥২॥
ধর্ম্মশাস্ত্রাতিগো মূঢ়ো দুরাত্মা প্রগ্রহং গতঃ ।
অনেয়ঃ শ্রেয়সাং মন্দো ধার্ত্তরাষ্ট্রো জনার্দ্দন ! ॥৩॥
কামাত্মা প্রাজ্ঞমানী চ মিত্রধ্রুক্ সর্ব্বশঙ্কিতা ।
অকর্ত্তা চাকৃতজ্ঞশ্চ ত্যক্তধর্ম্মা প্রিয়ানৃতঃ ॥৪॥
মূঢ়শ্চাকৃতবুদ্ধিশ্চ ইন্দ্রিয়াণামনীশ্বরঃ ।
কামানুসারী কৃত্যেষু সর্ব্বেষকৃতনিশ্চয়ঃ ॥৫॥
এতৈশ্চান্যৈশ্চ বহুভির্দোষৈরেব সমন্বিতঃ ।
ত্বয়োচ্যমানঃ শ্রেয়োঽপি সংরম্ভান্ন গ্রহীষ্যতি ॥৬॥ (কুলকম্)
ভীষ্মে দ্রোণে কৃপে কর্ণে দ্রোণপুত্রে জয়দ্রথে ।
ভূয়সীং বর্ত্ততে বৃত্তিং ন শমে কুরুতে মনঃ ॥৭॥

ভারতকৌমুদী

উক্তার্থে হেতুমাহ কুলকেন অর্থেতি। অর্থং ন্যায়ং ধর্ম্মঞ্চ অতির্গচ্ছতি অতিক্রামতীতি সঃ, মন্দঃ ক্ষুদ্রচেতাঃ, সংরম্ভী ক্রোধী। মানঘ্নঃ মানিনাং মাননাশকঃ। প্রগ্রহম্ একগ্রহম্। শ্রেয়সাং সম্পর্কমপি অনেয়ঃ সর্ব্বৈরেবাপ্রাপণীয়ঃ, মন্দো মূর্খঃ। মিত্রধ্রুক্ সুহৃদ্‌দ্রোহী, সর্ব্বেষু শঙ্কত ইতি সর্বশঙ্কিতা। অকর্ত্তা সৎকার্য্যস্য। প্রিয়ম্ অনৃতং মিথ্যা যস্য সঃ। অনীশ্বরঃ অদময়িতা। কৃত্যেষু কার্য্যেষু। সমন্বিতো ধার্ত্তরাষ্ট্র ইতি সম্বন্ধঃ। সংরম্ভাৎ আত্মনঃ প্রাজ্ঞত্বাভিমানাৎ ॥২—৬॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণ ভোজন করিয়া বিশ্রাম করিলে, রাত্রিতে বিদুর যাইয়া তাঁহাকে কহিলেন—'কেশব! আপনার এই আগমন করাটা ভাল হয় নাই ॥১॥

কারণ, জনার্দ্দন! দুর্য্যোধন ক্ষুদ্রচেতা, ক্রোধী, ন্যায় ও ধর্ম্মের অতিক্রমকারী, মানিগণের মাননাশক, সম্মানকামী, বৃদ্ধবর্গের শাসনাতিবর্ত্তী, ধর্ম্মশাস্ত্রের লঙ্ঘনকারী, মূঢ়, দুরাত্মা ও একগ্রহী (একগুঁয়ে) এবং কেহ উহাকে মঙ্গলের সম্পর্কেও নিতে পারে না, আর সে মূর্খ, কামুক, পণ্ডিতাভিমানী, মিত্রদ্রোহী, সকলের উপরেই সন্দেহকারী, অসৎকার্য্যকারী, অকৃতজ্ঞ, ধর্ম্মত্যাগী, মিথ্যাপ্রিয়, মোহাবিষ্ট, অশিক্ষিতবুদ্ধি, অজিতেন্দ্রিয়, স্বেচ্ছাচারী এবং সমস্ত কার্য্যেই অব্যবস্থিতচিত্ত। এই সকল দোষ এবং অন্যান্য বহুতর দোষযুক্ত দুর্য্যোধনকে আপনি মঙ্গলের বিষয় বলিলেও সে তাহা পাণ্ডিত্যাভিমানে গ্রাহ্য করিবে না ॥২—৬॥

নিশ্চিতং ধার্ত্তরাষ্ট্রাণাং সকর্ণানাং জনার্দ্দন ! ।
ভীষ্মদ্রোণমুখান্ পার্থা ন শক্তাঃ প্রতিবীক্ষিতুম্ ॥৮॥
সেনাসমুদয়ং কৃত্বা পার্থিবং মধুসূদন ! ।
কৃতার্থং মন্যতে বাল আত্মানমবিচক্ষণঃ ॥৯॥
একঃ কর্ণঃ পরান্ জেতুং সমর্থ ইতি নিশ্চিতম্ ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধেঃ স শমং নোপযাস্যতি ॥১০॥
সংবিচ্চ ধার্ত্তরাষ্ট্রাণাং সর্ব্বেষামেব কেশব ! ।
শমে প্রয়তমানস্য তব সৌভ্রাত্রকাঙ্ক্ষিণঃ ॥১১॥
ন পাণ্ডবানামস্মাভিঃ প্রতিদেয়ং যথোচিতম্ ।
ইতি ব্যবসিতাস্তেষু বচনং স্যান্নিরর্থকম্ ॥১২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভীষ্ম ইতি। বর্ত্ততে অনুবর্ত্ততে, বৃত্তিং জয়াশাম্। শমে শান্তৌ ॥৭॥

নিশ্চিতমিতি। ভীষ্মদ্রোণমুখান্ ভীষ্মদ্রোণপ্রভৃতীন্ বীরান্, পার্থাঃ পাণ্ডবাঃ ॥৮॥

সেনেতি। সেনায়াঃ সমুদয়ং সংগ্রহম্, পার্থিবং রাজসম্বন্ধিনম্। বালো মূর্খঃ ॥৯॥

এক ইতি। পরান্ পাণ্ডবান্। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, শমং শান্তিম্ ॥১০॥

সংবিদিতি। সংবিৎ প্রতিজ্ঞা, "সংবিদাগূঃ প্রতিজ্ঞানম্" ইত্যমরঃ। শমে শান্তৌ। অনাদরে ষষ্ঠী। ব্যবসিতাঃ প্রবৃত্তাঃ, তেষু ধার্ত্তরাষ্ট্রেষু, তব বচনম্ ॥১১—১২॥

ভারতভাবদীপঃ

তং তুক্তবন্তমিতি ॥১—২॥ প্রগ্রহং নির্ব্বন্ধম্ অত্যন্তাভিনিবেশমিত্যর্থঃ। অনেয়ঃ অপ্রাপণীয়ঃ, শ্রেয়সাং কর্ম্মণি ষষ্ঠী ॥৩॥ সর্বশঙ্কিতা সর্বত্র বিশ্বাসহীনঃ ॥৪—৬॥ বৃত্তিং জীবিকাম্

ভীষ্ম, দ্রোণ, কৃপ, কর্ণ, অশ্বত্থামা ও জয়দ্রথের উপরে গুরুতর জয়াশা পোষণ করে বলিয়া দুর্য্যোধন শান্তির প্রতি মনোনিবেশই করিবে না ॥৭॥

জনার্দ্দন! ধার্ত্তরাষ্ট্রগণ ও কর্ণ ইহাই নিশ্চয় করিয়াছে যে, পাণ্ডবেরা যুদ্ধে ভীষ্ম-দ্রোণপ্রভৃতি বীরগণের প্রতি দৃষ্টিপাতই করিতে সমর্থ হইবে না ॥৮॥

মধুসূদন! মূর্খ ও অপটু দুর্য্যোধন রাজাদের সৈন্য আনয়ন করিয়াই আপনাকে কৃতার্থ মনে করিতেছে ॥৯॥

দুর্ব্বুদ্ধি দুর্য্যোধনের ইহাই নিশ্চয় হইয়াছে যে, এক কর্ণই বিপক্ষগণকে জয় করিতে সমর্থ হইবে। সুতরাং দুর্য্যোধন শান্তি স্বীকার করিবে না ॥১০॥

কেশব! সকল ধৃতরাষ্ট্রপুত্রেরই এই প্রতিজ্ঞা যে, ভ্রাতৃসৌহার্দ্দকামী ও শান্তির জন্য বিশেষ যত্নশীল কৃষ্ণকে অগ্রাহ্য করিয়াই আমরা পাণ্ডবগণকে

---

(৯) সেনাসমুদয়ং দৃষ্টা ··পি।

যত্র সূক্তং দুরুক্তঞ্চ সমং স্যান্মধুসূদন ! ।
ন তত্র প্রলপেৎ প্রাজ্ঞো বধিরেষ্বিব গায়নঃ ॥১৩॥
অবিজানৎস্থ মূঢ়েষু নির্ম্মর্য্যাদেষু মাধব ! ।
ন ত্বং বাক্যং ব্রুবন্ যুক্তশ্চণ্ডালেষু দ্বিজো যথা ॥১৪॥
সোঽয়ং বলস্থো মূঢ়শ্চ ন করিষ্যতি তে বচঃ ।
তস্মিন্ নিরর্থকং বাক্যমুক্তং সম্পৎস্যতে তব ॥১৫॥
তেষাং সমুপবিষ্টানাং সর্ব্বেষাং পাপচেতসাম্ ।
তব মধ্যাবতরণং মম কৃষ্ণ ! ন রোচতে ॥১৬॥
দুর্বুদ্ধীনামশিষ্টানাং বহূনাং দুষ্টচেতসাম্ ।
প্রতীপং বচনং মধ্যে তব কৃষ্ণ ! ন রোচয়ে ॥১৭॥

ভারতকৌমুদী

যত্রেতি। সূক্তং শোভনবচনম্, সমং সমানং নিষ্ফলম্। গায়নো গানশিল্পী ॥১৩॥
অবীতি। মূঢেষু মোহাপন্নেষু, নির্ম্মর্য্যাদেষু মর্য্যাদাজ্ঞানহীনেষু ॥১৪॥
স ইতি। বলস্থো বলবান্, মূঢ়ো মোহাপন্নঃ। সম্পৎস্যতে ভবিষ্যতি ॥১৫॥
তেষামিতি। তব তেষাং মধ্যাবতরণমিতি সম্বন্ধঃ। অত্যাচারসম্ভবাদিতি ভাবঃ ॥১৬॥
দুর্বুদ্ধীনামিতি। বহূনাং মধ্যে, প্রতীপং প্রতিকূলম্। পূর্ব্ববদেব ভাবঃ ॥১৭॥

যথোচিত রাজ্যাদি ফিরাইয়া দিব না, এইভাবে তাহারা প্রবৃত্তও হইয়াছে। সুতরাং তাহাদের নিকটে আপনার বাক্য নিষ্ফলই হইবে ॥১১—১২॥

মধুসূদন! বধিরের নিকটে গায়ক যেমন গান করে না, সেইরূপ যাহার নিকটে ভাল কথা বা মন্দ কথা উভয়ই সমান হয়, তাহার নিকটে প্রাজ্ঞলোকও অনর্থক কোন কথা বলিবেন না ॥১৩॥

মাধব! চণ্ডালের নিকটে ব্রাহ্মণের যেমন কোন কথা বলা উচিত নহে, সেইরূপ মূর্খ, মূঢ় ও মর্য্যাদাজ্ঞানশূন্য ধার্ত্তরাষ্ট্রগণের নিকটে আপনারও কোন কথা বলা উচিত নহে ॥১৪॥

দুর্য্যোধন সৈন্য-সামন্ত-পরিবেষ্টিত হইয়াছে, অথ চ মূঢ়; সুতরাং সে আপনার বাক্য রক্ষা করিবে না। অতএব তাহার নিকটে আপনার বাক্য বলা অনর্থক হইবে ॥১৫॥

কৃষ্ণ! পাপাত্মা ধার্ত্তরাষ্ট্রেরা সকলে যখন উপবিষ্ট থাকিবে, তখন তাহাদের মধ্যে আপনার উপস্থিত হওয়াটা আমার অভিপ্রেত নহে ॥১৬॥

---

(১৪)...ত্বকং বাক্যং ব্রুবন্ নিন্দ্যঃ ...নি। (১৭)...ন রোচতে—বা ব রা নি।

অনুপাসিতবৃদ্ধত্বাচ্ছ্রিয়ো দর্পাচ্চ মোহিতঃ।
বয়োদর্পাদমর্ষাচ্চ ন তে শ্রেয়ো গ্রহীষ্যতি ॥১৮॥
বলং বলবদপ্যস্য যদি বক্ষ্যসি মাধব!।
ত্বয্যস্য মহতী শঙ্কা ন করিষ্যতি তে বচঃ ॥১৯॥
নেদমদ্য যুধা শক্যমিন্দ্রেণাপি সহামরৈঃ।
ইতি ব্যবসিতাঃ সর্ব্বে ধার্ত্তরাষ্ট্রা জনার্দ্দন! ॥২০॥
তেষ্বেবমুপপন্নেষু কামক্রোধানুবর্ত্তিষু।
সমর্থমপি তে বাক্যমসমর্থং ভবিষ্যতি ॥২১॥
মধ্যে তিষ্ঠন্ হস্ত্যনীকস্য মন্দো রথাশ্বযুক্তস্য বলস্য মূঢ়ঃ।
দুর্য্যোধনো মন্যতে বীতভীতিঃ কৃৎস্না ময়েয়ং পৃথিবী জিতেতি ॥২২॥

ভারতকৌমুদী

অনুপাসিতেতি। শ্রিয়ঃ সম্পদঃ। অমর্ষাদসহিষ্ণুত্বাৎ। শ্রেয়ো মঙ্গলবাক্যম্ ॥১৮॥

বলমিতি। অস্য দুর্য্যোধনস্য, বলং সৈন্যমপি, বলবৎ প্রবলম্, ত্বয়ি অস্য মহতী শঙ্কা বিপক্ষত্বাশঙ্কা চ বর্ত্ততে। অতো যদ্যপি শুভং বচো বক্ষ্যসি, তথাপি তন্ন করিষ্যতি ॥১৯॥

নেতি। ইদমস্মদ্বলম্। শক্যং জেতুমিতি শেষঃ। ব্যবসিতাঃ কৃতনিশ্চয়াঃ ॥২০॥

তেষ্বিতি। উপপন্নেষু স্বপ্রাধান্যং বুধ্যমানেষু। সমর্থং যুক্তিযুক্তম্। অসমর্থং শমে ॥২১॥

মধ্য ইতি। মন্দো ভাগ্যহীনো মূঢ়শ্চ দুর্য্যোধনঃ, হস্ত্যনীকস্য হস্তিসৈন্যস্য, রথাশ্বযুক্তস্য

তা'র পর দুর্বুদ্ধি, অশিষ্ট ও দুষ্টচিত্ত বহুলোকের মধ্যে আপনার প্রতিকূল কথা বলাটাকেও আমি ভাল মনে করি না ॥১৭॥

দুর্য্যোধন বৃদ্ধের উপদেশ গ্রহণ করে নাই, ধনের দর্পে দর্পিত ও মোহাবিষ্ট হইয়াছে, আর তাহার বয়সের দর্পও রহিয়াছে এবং অসহিষ্ণুতাও আছে; এ অবস্থায় আপনি মঙ্গলের কথা বলিলেও, সে তাহা গ্রাহ্য করিবে না ॥১৮॥

মাধব! দুর্য্যোধনের শক্তিও গুরুতর, আপনার উপরে উহার আশঙ্কাও অত্যন্ত। সুতরাং আপনি যদি ভাল কথাও বলেন, তথাপি সে তাহা রক্ষা করিবে না ॥১৯॥

জনার্দ্দন! দেবগণের সহিত মিলিত হইয়া স্বয়ং ইন্দ্রও যুদ্ধে আমাদের এই সৈন্য জয় করিতে পারেন না; এইরূপই ধার্ত্তরাষ্ট্রেরা সকলে ধারণা করিয়া রাখিয়াছে ॥২০॥

কাম-ক্রোধানুবর্ত্তী ধার্ত্তরাষ্ট্রেরা এইরূপ ধারণা করিয়া রহিয়াছে বলিয়া তাহাদের নিকটে আপনার যুক্তিযুক্ত বাক্যও নিরর্থক হইবে ॥২১॥

আশংসতে বৈ ধৃতরাষ্ট্রস্য পুত্রো মমেহ রাজ্যমসপত্নং পৃথিব্যাম্ ।
তস্মিন্ শমঃ কেবলো নোপলভ্যো বদ্ধং সন্তং মন্যতে লব্ধমর্থম্ ॥২৩॥
পর্য্যন্তেয়ং পৃথিবী কালপক্কা দুর্য্যোধনার্থে পাণ্ডবান্ যোদ্ধুকামাঃ ।
সমাগতাঃ সর্ব্বযোধাঃ পৃথিব্যা রাজানশ্চ ক্ষিতিপালৈঃ সমেতাঃ ॥২৪॥
সর্ব্বে চৈতে কৃতবৈরাঃ পুরস্তাত্ত্বয়া রাজানো হৃতসারাশ্চ কৃষ্ণ ! ।
তবোদ্বেগাৎ সংশ্রিতা ধার্ত্তরাষ্ট্রান্ সুসংহতাঃ সহ কর্ণেন বীরাঃ ॥২৫॥
ত্যক্তাত্মানঃ সহ দুর্য্যোধনেন হৃষ্টা যোদ্ধুং পাণ্ডবান্ সর্ব্বযোধাঃ ।
তেষাং মধ্যে প্রবিশেথা যদি ত্বং ন তন্মতং মম দাশার্হবীর ! ॥২৬॥

ভারতকৌমুদী

বলস্য সৈন্যস্য চ মধ্যে তিষ্ঠন্, অতএব বীতভীতিঃ ত্যক্তভয়ঃ সন্, ময়া ইয়ং কৃৎস্না পৃথিবী জিতা ইতি মন্যতে ॥২২॥

আশংসত ইতি। অসপত্নং শত্রুশূন্যম্। শমঃ শান্তিঃ, কেবলো মুখ্যঃ। অলভ্যত্বে হেতুমাহ বদ্ধমিতি। লব্ধং দ্যূতশাঠ্যেন প্রাপ্তম্, অর্থং রাজ্যম্, বদ্ধং হস্তে সংযতমেব, সন্তং বিদ্যমানং মন্যতে ধৃতরাষ্ট্রস্য পুত্র ইতি সম্বন্ধঃ ॥২৩॥ —

পর্য্যন্তেতি। পর্য্যন্তা প্রায়েণ ধ্বস্তা, কালেন পক্কা পরিণতা ॥২৪॥

সর্ব্ব ইতি। পুরস্তাৎ পূর্ব্বম্। হৃতসারা হৃতধনাঃ। সুসংহতাঃ সম্মিলিতাঃ ॥২৫॥

ত্যক্তেতি। ত্যক্তাত্মানো দেহত্যাগোদ্যতাঃ। যদি যৎ। হে দাশার্হবীর! যদুবীর! ॥২৬॥

মন্দভাগ্য ও মূঢ়মতি দুর্য্যোধন হস্তী, অশ্ব ও রথী সৈন্যের মধ্যে থাকিয়া ভয় ত্যাগ করিয়া মনে করে যে, 'আমি এই সমগ্র পৃথিবীই জয় করিয়াছি' ॥২২॥

আর দুর্য্যোধন এইরূপ ধারণা করে যে, 'এই সমগ্র পৃথিবীতে আমার রাজ্য শত্রুশূন্য' এবং ইহাও মনে করে যে, 'দ্যূতলব্ধ রাজ্য আমার হস্তেই বদ্ধ রহিয়াছে।' সেই দুর্য্যোধনের নিকট কখনও শান্তি লাভ করা যাইবে না ॥২৩॥

পৃথিবীর সমস্ত যোদ্ধা এবং রক্ষী পুরুষদের সহিত রাজারা মিলিত হইয়া দুর্য্যোধনের জন্য পাণ্ডবদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছায় আসিয়াছেন। সুতরাং কালপক্ক এই পৃথিবী বিধ্বস্ত হইতেই বসিয়াছে ॥২৪॥

কৃষ্ণ! আপনি পূর্ব্বে যাঁহাদের সহিত শত্রুতা করিয়াছেন এবং যাঁহাদের ধন হরণ করিয়াছেন, সেই সকল রাজা আপনার ভয়ে ভীত হইয়া আসিয়া ধার্ত্তরাষ্ট্রগণের আশ্রয় লইয়াছেন এবং কর্ণের সহিত সম্মিলিত হইয়াছেন ॥২৫॥

যাদববীর! যোদ্ধারা সকলে দুর্য্যোধনের সঙ্গে মিলিত হইয়া হৃষ্টচিত্তে

---

(২৩)…মহারাজ্যমসপত্নম্…বা ব বা নি। (২৪)…সর্ব্বযোধাঃ পৃথিব্যাম্…বা ব বা নি।
(২৬)…কৃষ্ণ! যোদ্ধুং পাণ্ডবান্…পি।

তেষাং সমুপবিষ্টানাং বহূনাং দুষ্টচেতসাম্।
কথং মধ্যং প্রপদ্যেথাঃ শত্রূণাং শত্রুকর্ষণ ! ॥২৭॥
সর্বথা ত্বং মহাবাহো ! দেবৈরপি দুরুৎসহঃ।
প্রভাবং পৌরুষং বুদ্ধিং জানামি তব শত্রুহন্ ! ॥২৮॥
যা মে প্রীতিঃ পাণ্ডবেষু ভূয়ঃ সা ত্বয়ি মাধব ! ।
প্রেম্ণা চ বহুমানাচ্চ সৌহৃদাচ্চ ব্রবীম্যহম্ ॥২৯॥
যা মে প্রীতিঃ পুষ্করাক্ষ ! ত্বদ্দর্শনসমুদ্ভবা।
সা কিমাখ্যায়তে তুভ্যমন্তরাত্মাঽসি দেহিনাম্ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি ভগবদ্‌যানে শ্রীকৃষ্ণবিদুরসংবাদে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

ভারতকৌমুদী

তেষামিতি। প্রপদ্যেথাঃ প্রাপ্নুয়াঃ, বিপদাশঙ্কাবশাদিত্যাশয়ঃ ॥২৭॥
অথ স্বয়মেবাশঙ্কাং তাং নিরস্যন্নাহ সর্ব্বথেতি। দুরুৎসহো দুর্ব্বারঃ ॥২৮॥
ননু ত্বং কথমীদৃগ্‌ব্রবীষীত্যাহ যেতি। ভূয়ো বহুলমেবাস্তীতি শেষঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

এতে যুদ্ধেন মহৎ রাজ্যং দাস্যন্তীত্যাশয়েনেত্যর্থঃ ॥৭—৮॥ পার্থিবং পৃথ্বীসম্বন্ধিনম্ ॥৯—১১॥ প্রতিদেয়ং পরাবৃত্য দেয়ম্, ব্যবসিতাঃ নিশ্চিতাঃ ॥১২—১৭॥ তে ঘ্নন্তঃ ॥১৮—২২॥ বদ্ধং ভবদীয়ত্বেন প্রতিবদ্ধমপি লব্ধমেব মন্যতে ॥২৩—৩০॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৫॥

——:০:——

পাণ্ডবগণের সহিত যুদ্ধে দেহত্যাগ করিতে উদ্যত হইয়াছে; তাহাদের মধ্যে আপনি যে প্রবেশ করিবেন, তাহা আমার অভিমত নহে ॥২৬॥

শত্রুদমন! সেই দুষ্টচিত্ত বহুসংখ্যক শত্রু যখন উপবিষ্ট থাকিবে, তখন তাহাদের মধ্যে আপনি কি করিয়া গমন করিবেন? ॥২৭॥

তবে মহাবাহু! আপনি সর্বপ্রকারে দেবগণেরও দুঃসহ বটেন এবং আমি আপনার প্রভাব, পুরুষকার ও বুদ্ধির বিষয়ও জানি ॥২৮॥

মাধব! পাণ্ডবগণের উপরে আমার যেরূপ প্রীতি আছে, তদপেক্ষা আপনার উপরে অধিক প্রীতি রহিয়াছে। সুতরাং সেই প্রীতি, গৌরব ও সৌহার্দ্দবশতই আমি এই সকল কথা বলিলাম ॥২৯॥

* '...দ্বিনবতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

ষড়শীতিতমোঽধ্যায়ঃ।

———ঃ০ঃ———

বৈশম্পায়ন উবাচ।

বিদুরস্য বচঃ শ্রুত্বা প্রশ্রিতং পুরুষোত্তমঃ।
ইদং হোবাচ বচনং মধুরং মধুসূদনঃ ॥১॥

শ্রীভগবানুবাচ।

যথা ব্রূয়ান্মহাপ্রাজ্ঞো যথা ব্রূয়াদ্বিচক্ষণঃ।
যথা বাচ্যস্ত্বদ্বিধেন ভবতা মদ্বিধঃ সুহৃৎ ॥২॥
ধর্ম্মার্থযুক্তং তথ্যঞ্চ যথা ত্বয্যুপপদ্যতে।
তথা বচনমুক্তোঽস্মি ত্বয়ৈতৎ পিতৃমাতৃবৎ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তাং প্রীতিং প্রমাপয়তি যেতি। শ্লোকোঽয়ং পূর্ব্বমপি বিদুরেণৈবোক্তঃ ॥৩০॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ববণি ভগবদ্যানে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃঃ)——

বিদুরস্যেতি। প্রশ্রিতং প্রশ্রয়ান্বিতং প্রণয়প্রযুক্তমিত্যর্থঃ। হশব্দঃ পাদপূরণে ॥১॥
যথেতি। বিচক্ষণঃ সর্ব্ববিষয়নিপুণঃ। উপপদ্যতে সংগচ্ছতে ॥২—৩॥

পুণ্ডরীকাক্ষ! আপনার সন্দর্শনে আমার যে আনন্দ জন্মিয়াছে, তাহা আর আপনার নিকটে বলিব কি। কারণ, আপনিই ত প্রাণিগণের অন্তরাত্মা। (সুতরাং আপনি নিজেই ত তাহা জানেন)' ॥৩০॥

——০ঃ০——

বৈশম্পায়ন বলিলেন—পুরুষোত্তম কৃষ্ণ বিদুরের প্রণয়প্রযুক্ত বাক্য শুনিয়া এইরূপ মধুর বাক্য বলিতে লাগিলেন ॥১॥

কৃষ্ণ বলিলেন—'মহাপ্রাজ্ঞ লোক যেমন বলেন, সর্ব্ববিষয়নিপুণ লোক যেমন বলিয়া থাকেন এবং আমার মত সুহৃদের নিকটে আপনার মত লোকের যেরূপ বলা উচিত, আর আপনার পক্ষে যেমন সঙ্গত হইতে পারে, পিতা ও মাতার ন্যায় আপনি আমার নিকট তেমনই ধর্ম্মার্থযুক্ত ও সত্য কথা সকল বলিয়াছেন ॥২—৩॥

(১) অয়মংশঃ পি বা ব রা নাস্তি।

সত্যং প্রাপ্তঞ্চ যুক্তঞ্চাপ্যেবমেব যথাত্থ মাম্।
শৃণুম্বাগমনে হেতুং বিদুরাবহিতো মম ॥৪॥
দৌরাত্ম্যং ধার্ত্তরাষ্ট্রস্য ক্ষত্রিয়াণাঞ্চ বৈরিতাম্।
সর্ব্বমেতদহং জানন্ ক্ষত্তঃ! প্রাপ্তোঽদ্য কৌরবান্ ॥৫॥
পর্য্যস্তাং পৃথিবীং সর্বাং সাশ্বাং সরথকুঞ্জরাম্।
যো মোচয়েন্মৃত্যুপাশাৎ প্রাপ্নুয়াদ্ধর্ম্মমুত্তমম্ ॥৬॥
ধর্ম্মকার্য্যং যতন্ শক্ত্যা নো চেৎ প্রাপ্নোতি মানবঃ।
প্রাপ্তো ভবতি তৎপুণ্যমত্র মে নাস্তি সংশয়ঃ ॥৭॥
মনসা চিন্তয়ন্ পাপং কর্ম্মণা নাতিরোচয়ন্।
ন প্রাপ্নোতি ফলং তস্যেত্যেবং ধর্ম্মবিদো বিদুঃ ॥৮॥

ভারতকৌমুদী

সত্যমিতি। প্রাপ্তং সময়ানুরূপম্, যুক্তং সর্ব্বদা সঙ্গতম্ ॥৪॥

দৌরাত্ম্যমিতি। ক্ষত্রিয়াণামপরেষাং শকুনিপ্রভৃতীনাম্। হে ক্ষত্তঃ! বিদুর! ॥৫॥

পর্য্যস্তামিতি পর্য্যস্তাং ধ্বস্তপ্রায়াম্। প্রাপ্নুয়াৎ স ইতি শেষঃ ॥৬॥

অথেদানীং পৃথিব্যা মৃত্যুপাশান্মোচনমশক্যমেবেত্যাহ ধর্ম্মেতি। মানবঃ শক্ত্যা ধর্ম্মকার্য্যং কর্ত্তুং যতন্ যতমানঃ সন্নপি, নো চেৎ প্রাপ্নোতি তদনুষ্ঠাতুং ন শক্নোতি, তথাপি তৎপুণ্যং প্রাপ্তো ভবতি, "চরেদ্‌ব্রতমহত্বাপি ঘাতার্থঞ্চেৎ সমাগতঃ" ইতি ন্যায়াদিতি ভাবঃ ॥৭॥

উক্তমর্থং পাপেঽপি যোজয়তি মনসেতি। নাতিরোচয়ন্ রুচ্যা ন সম্পাদয়ন্। তস্য পাপকর্ম্মানুষ্ঠানস্য ফলং ন প্রাপ্নোতি। পাপচিন্তাফলন্তু প্রাপ্নোত্যেবেতি ভাবঃ ॥৮॥

এবং আপনি আমার নিকটে সত্য, কালোচিত ও সর্ব্বদা সঙ্গত যাহা বলিলেন, তাহা আমি সম্পূর্ণ স্বীকার করি। তবে বিদুর! আমার আগমনের কারণটা আপনি অবহিত হইয়া শ্রবণ করুন ॥৪॥

দুর্য্যোধনের দৌরাত্ম্য এবং অন্যান্য ক্ষত্রিয়দের শত্রুতা ইত্যাদি সমস্ত বিষয়ই আমি জানি। বিদুর! তথাপি আমি আজ কৌরবগণের নিকট আসিয়াছি ॥৫॥

তাহার কারণ, অশ্ব, রথ ও হস্তীর সহিত সমগ্র পৃথিবীটাই বিনষ্ট হইতে বসিয়াছে; এক্ষেত্রে যে লোক এই পৃথিবীটাকে মৃত্যুপাশ হইতে মুক্ত করিবে, সে লোক অসাধারণ ধর্ম্ম লাভ করিবে ॥৬॥

মানুষ আপন শক্তি অনুসারে ধর্ম্মকার্য্য করিবার চেষ্টা করিয়াও যদি তাহা করিতে না পারে, তথাপি তাঁহার পুণ্য লাভ করে; এবিষয়ে আমার কোন সন্দেহ নাই ॥৭॥

---

(৮)···নাভিরোয়চন্···পি।

সোঽহং যতিষ্যে প্রশমং ক্ষত্তঃ! কর্ত্তুমমায়য়া।
কুরূণাং সৃঞ্জয়ানাঞ্চ সংগ্রামে বিনশিষ্যতাম্ ॥৯॥
সেয়মাপন্মহাঘোরা কুরুষ্বেব সমুত্থিতা।
কর্ণদুর্য্যোধনকৃতা সর্ব্বে হ্যেতে তদন্বয়াঃ ॥১০॥
ব্যসনে ক্লিশ্যমানং হি যো মিত্রং নাভিপদ্যতে।
অনুনীয় যথাশক্তি তং নৃশংসং বিদুর্বুধাঃ ॥১১॥
আকেশগ্রহণান্মিত্রমকার্য্যাৎ সংনিবর্ত্তয়ন্।
অবাচ্যঃ কস্যচিদ্ভবতি কৃতযত্নো যথাবলম্ ॥১২॥
তৎ সমর্থং শুভং বাক্যং ধর্ম্মার্থসহিতং হিতম্।
ধার্ত্তরাষ্ট্রঃ সহামাত্যো গ্রহীতুং বিদুরার্হতি ॥১৩॥

ভারতকৌমুদী

স ইতি। প্রশমং শান্তিম্, হে ক্ষত্তঃ! বিদুর! অমায়য়া অচ্ছলেন ॥৯॥
সেতি। এতে আগতা যোদ্ধারঃ, তদন্বয়াঃ তয়োঃ কর্ণদুর্য্যোধনয়োরনুবর্ত্তিনঃ ॥১০॥
ব্যসন ইতি। ব্যসনে বিপদি। নাভিপদ্যতে সাহায্যায় ন প্রাপ্নোতি ॥১১॥
আকেশেতি। আকেশগ্রহণাৎ কেশগ্রহণমপি কৃত্বা। অবাচ্যঃ অনিন্দনীয়ঃ ॥১২॥
তদিতি। সমর্থং যুক্তিযুক্তম্। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ ॥১৩॥

আবার মানুষ মনে মনে পাপের চিন্তা করিয়াও যদি কার্য্যদ্বারা তাহা সম্পাদন না করে, তবে তাহার সম্পূর্ণ ফল ভোগ করে না। ধর্ম্মজ্ঞেরা এই রূপই জানেন ॥৮॥

অতএব বিদুর! আমি অকপটে কৌরব ও সৃঞ্জয়গণের শান্তিস্থাপনের জন্য চেষ্টা করিব; না হইলে উঁহারা যুদ্ধে বিনষ্ট হইবেন ॥৯॥

কর্ণ ও দুর্য্যোধনই এই মহাভয়ঙ্কর বিপদ্ ঘটাইয়াছে এবং সমাগত যোদ্ধারা সকলে উঁহাদেরই অনুবর্ত্তী হইয়াছে। সুতরাং এ বিপদ্ কৌরবপক্ষ হইতেই উৎপন্ন হইয়াছে ॥১০॥

মিত্র বিপদে পড়িয়া কষ্ট পাইতে প্রবৃত্ত হইলে, যে লোক যাইয়া শক্তি অনুসারে অনুনয় করিয়া তাহাকে উদ্ধার করিবার চেষ্টা না করে, তাহাকে জ্ঞানীরা নৃশংস বলিয়া মনে করেন ॥১১॥

আর যে লোক যাইয়া কেশাকর্ষণপর্য্যন্ত করিয়া মিত্রকে দুষ্কার্য্য হইতে নিবৃত্ত করিবার জন্য শক্তি অনুসারে যত্ন করে, সে লোক কাহারও নিকট নিন্দনীয় হয় না ॥১২॥

---

(৯)…যুক্তঃ কর্ত্তুমমায়য়া · পি।

হিতং হি ধার্ত্তরাষ্ট্রাণাং পাণ্ডবানাং তথৈব চ।
পৃথিব্যাং ক্ষত্রিয়াণাঞ্চ যতিষ্যেঽহমমায়য়া ॥১৪॥
হিতে প্রযতমানং মাং শঙ্কেদ্‌দুর্য্যোধনো যদি।
হৃদয়স্য চ মে প্রীতিরানৃণ্যঞ্চ ভবিষ্যতি ॥১৫॥
জ্ঞাতীনাং হি মিথো ভেদে যন্মিত্রং নাভিপদ্যতে।
সর্ব্বযত্নেন মাধ্যস্থ্যং ন তন্মিত্রং বিদুর্বুধাঃ ॥১৬॥
ন মাং ব্রূয়ুরধর্ম্মিষ্ঠা মূঢ়া হ্যসুহৃদস্তথা।
শক্তো নাবারয়ৎ কৃষ্ণঃ সংরব্ধান্ কুরুপাণ্ডবান্ ॥১৭॥
উভয়োঃ সাধয়ন্নর্থমহমাগত ইত্যুত।
তত্র যত্নমহং কৃত্বা গচ্ছেয়ং নৃষ্ববাচ্যতাম্ ॥১৮॥

ভারতকৌমুদী

ননু ত্বয়া প্রাগুক্তে কুরূণাং সৃঞ্জয়ানাঞ্চ প্রশমে সত্যপি অন্যে বিবদেরন্নেবেত্যাহ হিতমিতি। হিতং কর্ত্তুমিতি শেষঃ। অমায়য়া অচ্ছলেন ॥১৪॥

হিত ইতি। প্রযতমানং প্রযত্নং কুর্ব্বন্তম্, শঙ্কেৎ পাণ্ডবপক্ষপাতিতয়া শঙ্কেত ॥১৫॥

জ্ঞাতীনামিতি। মিথঃ পরস্পরম্। মাধ্যস্থ্যং নাভিপদ্যতে ন প্রাপ্নোতি ॥১৬॥

নেতি। কিং ন ব্রূয়ুরিত্যাহ শক্ত ইতি। সংরব্ধান্ পরস্পরং প্রতি ক্রুদ্ধান্ ॥১৭॥

উভয়োরিতি। উভয়োঃ পক্ষয়োঃ। সাধয়ন্নিতি ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানা ॥১৮॥

অতএব বিদুর! যুক্তিযুক্ত, মঙ্গলজনক, হিতকর ও ধর্ম্মার্থসম্পন্ন আমার বাক্য মন্ত্রিবর্গের সহিত দুর্য্যোধনের গ্রহণ করা উচিত ॥১৩॥

আমি অকপটে ধার্ত্তরাষ্ট্রগণ, পাণ্ডবগণ ও পৃথিবীর অন্যান্য ক্ষত্রিয়গণের হিত করিবার জন্য যত্ন করিব ॥১৪॥

আমি তাঁহাদের হিতসাধনে যত্নবান্ হইলেও, দুর্য্যোধন যদি আমাকে পাণ্ডবদের পক্ষপাতী বলিয়াই আশঙ্কা করে, তথাপি আমার মনে আনন্দই জন্মিবে এবং আমি জগতের নিকট অনৃণী হইব ॥১৫॥

জ্ঞাতিদের পরস্পর ভেদ উপস্থিত হইলে, যে মিত্র যাইয়া সর্বপ্রযত্নে মধ্যস্থতা অবলম্বন না করে, তাহাকে জ্ঞানীরা মিত্র বলিয়া মনে করেন না ॥১৬॥

(আমি শান্তির জন্য চেষ্টা করিলে,) আমার অধার্ম্মিক ও মূর্খ শত্রুরা আমাকে বলিতে পারিবে না যে, কৃষ্ণ সমর্থ হইয়াও পরস্পরক্রুদ্ধ কৌরব ও পাণ্ডবগণকে বারণ করিল না ॥১৭॥

এই কারণেই আমি উভয়পক্ষের প্রয়োজন সাধনের জন্য এখানে আসিয়াছি এবং সে বিষয়ে চেষ্টা করিয়া মনুষ্যসমাজে অনিন্দনীয় হইব ॥১৮॥

মম ধর্ম্মার্থযুক্তং হি শ্রুত্বা বাক্যমনাময়ম্ ।
ন চেদাদাস্যতে বালো দিষ্টস্য বশমেষ্যতি ॥১৯॥
অহাপয়ন্ পাণ্ডবার্থং যথাবচ্ছমং কুরূণাং যদি চাচরেয়ম্ ।
পুণ্যঞ্চ মে স্যাচ্চরিতং মহাত্মন্ ! মুচ্যেরংশ্চ কুরবো মৃত্যুপাশাৎ ॥২০॥
অপি বাচং ভাষমাণস্য কাব্যাং ধর্ম্মারামামর্থবতীমহিংস্রাম্ ।
অবেক্ষেরন্ ধার্ত্তরাষ্ট্রাঃ শমার্থং মাঞ্চ প্রাপ্তং কুরবঃ পূজয়েয়ুঃ ॥২১॥
ন চাপি মম পর্য্যাপ্তাঃ সহিতাঃ সর্ব্বপার্থিবাঃ ।
ক্রুদ্ধস্য প্রমুখে স্থাতুং সিংহস্যেবেতরে মৃগাঃ ॥২২॥

ভারতকৌমুদী

মমেতি। আদাস্যতে গ্রহীষ্যতি, বালো মূর্খো দুর্য্যোধনঃ, দিষ্টস্য কালস্য ॥১৯॥

অহাপয়ন্নিতি। শমং শান্তিম্। আচরেয়ং কর্ত্তুং শক্নুয়াম্। চরিতং কৃতম্ ॥২০॥

অপীতি। ধার্ত্তরাষ্ট্রাঃ, শমার্থং শান্ত্যবধানার্থম্, ভাষমাণস্য মম, কাব্যাং শুক্রনীত্যনুসারিণীম্, ধর্ম্ম আরমতি অবতিষ্ঠতে অস্যামিতি ধর্ম্মারামা তাং ধর্ম্মসঙ্গতামিত্যর্থঃ, অর্থবতীং রাজ্যাদিবিষয়োচিতাম্, অহিংস্রাং হিংসারহিতাঞ্চ বাচম্, অবেক্ষেরন্ পর্য্যালোচ্য গৃহ্লীয়ুঃ; কুরবঃ, প্রাপ্তমাগতঞ্চ মাম্, পূজয়েয়ুঃ আদ্রিয়েরন্, অপি ইতি সম্ভাবয়ামি ॥২১॥

অথ যদি ধার্ত্তরাষ্ট্রা ভবন্তং নিগ্রহীতুমেব যতেরন্নিত্যাহ নেতি। পর্য্যাপ্তাঃ শক্তা ভবেয়ুঃ, সহিতা মিলিতা অপি। প্রমুখে সম্মুখে, মৃগাঃ পশবঃ ॥২২॥

আমার ধর্ম্মার্থযুক্ত ও শান্তিজনক বাক্য শুনিয়াও মূর্খ দুর্য্যোধন যদি তাহা গ্রাহ্য না করে; তবে সে—কালের (যমের) বশীভূত হইবে ॥১৯॥

মহাত্মন্! আমি যদি পাণ্ডবগণের স্বার্থের হানি না করিয়া যথাযথভাবে কৌরবগণের শান্তি বিধান করিতে সমর্থ হই, তাহা হইলে আমারও পুণ্য করা হইবে, কৌরবগণও মৃত্যুপাশ হইতে মুক্ত হইবেন ॥২০॥

অতএব আমি যদি শান্তির জন্য ধর্ম্ম ও অর্থসঙ্গত এবং হিংসাপরিশূন্য বাক্য সকল শুক্রনীতি অনুসারে বলিতে থাকি, তাহা হইলে সম্ভবতঃ পর্য্যালোচনা করিয়া ধার্ত্তরাষ্ট্রেরা তাহা গ্রহণ করিবেন; আর আমি শান্তির জন্যই আসিয়াছি বলিয়া সম্ভবতঃ কৌরবেরাও আমার আদর করিবেন ॥২১॥

পক্ষান্তরে অন্য পশুগণ যেমন সিংহের সম্মুখে থাকিতে সমর্থ হয় না, সেই-রূপ আমি ক্রুদ্ধ হইলে, আমার সম্মুখে রাজারা সকলে সম্মিলিত হইয়াও থাকিতে সমর্থ হইবেন না' ॥২২॥

---

(২০) বাচরেয়ম্…চরিতং মহার্থম্…পি।

বৈশম্পায়ন উবাচ।

ইত্যেবমুক্ত্বা বচনং বৃষ্ণীনামৃষভস্তদা।
শয়নে সুখসংস্পর্শে শিশ্যে যদুসুখাবহঃ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি-
ভগবদ্যানে শ্রীকৃষ্ণবাক্যে ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ।

——:*:——

বৈশম্পায়ন উবাচ।

তথা কথয়তোরেব তয়োর্বুদ্ধিমতোস্তদা।
শিবা নক্ষত্রসম্পন্না সা ব্যতীয়ায় শর্ব্বরী ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি। ঋষভঃ শ্রেষ্ঠঃ। শয়নে শয্যায়াম্। শিশ্যে শয়িতবান্ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্বণি ভগবদ্যানে ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(:ঃ)——

তথেতি। নক্ষত্রসম্পন্না মেঘাভাবাৎ, অতএব শিবা মঙ্গলসূচিকা ॥১॥

ভারতভাবদীপঃ

যথেতি ॥১—৫॥ পর্য্যস্তাম্ অন্যথাভূতাম্ ॥৬॥ যতন্ যতমানঃ ॥৭—১১॥ তন্নৃশংসম্ অনর্থায় বিদুর্বিতি সম্বন্ধঃ। অমুনীয়েত্যপি পাঠঃ ॥১২॥ হিতং কর্ত্তুমিতি শেষঃ ॥১৩—১৪॥ নাভিপদ্যতে নোপকরোতি ॥১৫—২৩॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥৮৬॥

——:০:——

বৈশম্পায়ন বলিলেন—এইরূপ বাক্য বলিয়া বৃষ্ণিবংশশ্রেষ্ঠ ও যদুবংশের সুখজনক কৃষ্ণ সুকোমল শয্যায় শয়ন করিলেন ॥২৩॥

——(:০:)——

বৈশম্পায়ন বলিলেন—বুদ্ধিমান্ কৃষ্ণ ও বিদুর সেই ভাবে কথোপকথন করিতেছিলেন, সেই অবস্থাতেই নক্ষত্রযুক্তা ও মঙ্গলময়ী সেই রজনী অতীত হইল ॥১॥

* '...ত্রিনবতিতমোঽধ্যায়ঃ' বা ব বা নি।

ধর্ম্মার্থকামযুক্তাশ্চ বিচিত্রার্থপদাক্ষরাঃ।
শৃণ্বতো বিবিধা বাচো বিদুরস্য মহাত্মনঃ ॥২॥
কথাভিরনুরূপাভী রক্তস্যামিততেজসঃ।
অকামস্যেব কৃষ্ণস্য সা ব্যতীয়ায় শর্ব্বরী ॥৩॥ (যুগ্মকম্)
ততস্তু স্বরসংপন্না বহবঃ সূতমাগধাঃ।
শঙ্খদুন্দুভিনির্ঘোষৈঃ কেশবং প্রত্যবোধয়ন্ ॥৪॥
তত উত্থায় দাশার্হ ঋষভঃ সর্ব্বসাত্বতাম্।
সর্ব্বমাবশ্যকং চক্রে প্রাতঃ কার্য্যং জনার্দ্দনঃ ॥৫॥
কৃতোদকানুজপ্যঃ স হুতাগ্নিঃ সমলঙ্কৃতঃ।
ততশ্চাদিত্যমুদ্যন্তমুপাতিষ্ঠত মাধবঃ ॥৬॥

ভারতকৌমুদী

তস্যা রাত্রেরতিক্রমস্তু তয়োরুভয়োরেবানভিমত আসীদিত্যাহ ধর্ম্মেতি। ধর্ম্মার্থকাম-যুক্তাঃ, বিচিত্রাণি অর্থপদাক্ষরাণি যাসাং তাস্তাদৃশীশ্চ, বিবিধাঃ, মহাত্মনঃ কৃষ্ণস্য বাচঃ শৃণ্বতঃ, অতএব অকামস্যেব তং রাত্র্যতিক্রমম্ অনিচ্ছত ইব বিদুরস্য, তথা অনুরূপাভি-র্বিদুরস্যাপি কথাভিঃ, রক্তস্য অনুরাগাৎ তচ্ছ্রবণব্যাপৃতস্য, অতএব অকামস্যেব তং রাত্র্যতিক্রমম্ অনিচ্ছত ইব, অমিততেজসঃ কৃষ্ণস্যাপি, সা শর্ব্বরী রাত্রিঃ, ব্যতীয়ায় অতিচক্রাম ॥২—৩॥

তত ইতি। স্বরসম্পন্না মনোহরস্বরাঃ। প্রত্যবোধয়ন্ জাগরিতবন্তঃ ॥৪॥

তত ইতি। দাশার্হঃ তদ্বংশীয়ঃ, ঋষভঃ শ্রেষ্ঠঃ। প্রাতঃ কার্য্যং স্নানাদিকম্ ॥৫॥

কৃতেতি। কৃতম্ উদকমুদককার্য্যং তর্পণম্ অনুজপ্যং সন্ধ্যান্তর্গতগায়ত্রীজপো যেন সঃ। উদ্যন্তমুদয়মানম্, উপাতিষ্ঠত উপাস্ত ॥৬॥

মহাত্মা কৃষ্ণ ধর্ম্ম, অর্থ ও কামবিষয়ে নানাবিধ কথা বলিতেছিলেন, তাহার অর্থ, পদ ও অক্ষরগুলি বিচিত্র হইতেছিল; সুতরাং বিদুর আনন্দের সহিত সেই কথাগুলি শুনিতেছিলেন বলিয়া সে রাত্রিপ্রভাতটা যেন তাঁহার অভীষ্ট ছিল না; আবার অমিততেজা কৃষ্ণও বিদুরের অনুরূপ কথাদ্বারা অনুরক্ত হইয়াছিলেন বলিয়া তিনিও যেন সে রাত্রিপ্রভাত কামনা করেন নাই; তথাপি সে রাত্রি অতীতই হইল ॥২—৩॥

তাহার পর মধুরস্বর বহুতর সূত ও মাগধ আসিয়া শঙ্খ ও দুন্দুভির শব্দে কৃষ্ণকে উদ্বোধিত করিল ॥৪॥

তদনন্তর সাত্বতবংশশ্রেষ্ঠ কৃষ্ণ গাত্রোত্থান করিয়া প্রাতঃস্নানপ্রভৃতি সকল নিত্যকার্য্য করিলেন ॥৫॥

(৩) ··অকামস্যেব···পি নি। (৫)···সর্ব্বসত্বতাম্···পি।

অথ দুর্য্যোধনঃ কৃষ্ণং শকুনিশ্চাপি সৌবলঃ।
সন্ধ্যাং তিষ্ঠন্তমভ্যেত্য দাশার্হমপরাজিতম্ ॥৭॥
আচক্ষেতাং তু কৃষ্ণস্য ধৃতরাষ্ট্রং সভাগতম্।
কুরূংশ্চ ভীষ্মপ্রমুখান্ রাজ্ঞঃ সর্বাংশ্চ পার্থিবান্ ॥৮॥ (যুগ্মকম্)
ত্বামর্থয়ন্তে গোবিন্দ! দিবি শক্রমিবামরাঃ।
তাবভ্যনন্দদ্‌গোবিন্দঃ সাম্না পরমবল্গুনা ॥৯॥
ততো বিমল আদিত্যে ব্রাহ্মণেভ্যো জনার্দ্দনঃ।
দদৌ হিরণ্যং বাসাংসি গাশ্চাশ্বাংশ্চ পরন্তপঃ ॥১০॥
বিসৃজ্য বহুরত্নানি দাশার্হমপরাজিতম্।
তিষ্ঠন্তমুপসংগম্য ববন্দে সারথিস্তদা ॥১১॥

ভারতকৌমুদী

অথেতি। সন্ধ্যাং বিধায় তিষ্ঠন্তমিত্যর্থঃ। পার্থিবান্ পৃথিবীসম্বন্ধিনঃ ॥৭—৮॥
ত্বামিতি। তৌ শকুনিদুর্য্যোধনৌ, সাম্না মধুরবাক্যেন, পরমবল্গুনা অতিমন্দবেণ ॥৯॥
তত ইতি। আদিত্যে উদিতে সতীত্যর্থঃ। হিরণ্যং ধনম্ ॥১০॥
বিসৃজ্যেতি। বিসৃজ্য হিরণ্যাদীনি দত্বা তিষ্ঠন্তম্। সারথির্দারুকঃ ॥১১॥

তৎপরে তিনি সন্ধ্যা, তর্পণ, হোম ও উদয়কালীন সূর্য্যের উপাসনা করিয়া অলঙ্কারাদি পরিধান করিলেন ॥৬॥

অপরাজিত কৃষ্ণ সন্ধ্যাবন্দনাদি করিয়া অবস্থান করিতেছিলেন, এমন সময়ে দুর্য্যোধন ও সুবলনন্দন শকুনি যাইয়া তাঁহাব নিকটে বলিলেন—'রাজা ধৃতবাষ্ট্র, ভীষ্মপ্রভৃতি কৌববগণ এবং পৃথিবীর বাজাবা সকলে সভায় গমন করিয়াছেন ॥৭—৮॥

কৃষ্ণ! স্বর্গে দেবতারা যেমন ইন্দ্রের প্রতীক্ষা কবেন, তেমন তাঁহাবা আপনার প্রতীক্ষা করিতেছেন'। তখন কৃষ্ণ পবম সুন্দর ও মধুর বাক্যে দুর্য্যোধন ও শকুনির অভিনন্দন কবিলেন ॥৯॥

তাহার পর নির্ম্মল সূর্য্য উদিত হইলে, পরন্তপ কৃষ্ণ ব্রাহ্মণগণকে ধন, বস্ত্র, গো এবং অশ্ব দান করিলেন ॥১০॥

অপরাজিত কৃষ্ণ বহুতর রত্ন দান করিয়া অবস্থান কবিতেছিলেন, এমন সময়ে তাঁহার সারথি দারুক যাইয়া তাঁহাকে নমস্কার কবিল ॥১১॥

---

(৯) ত্বামর্চ্চয়ন্তে গোবিন্দ!...পি। (১১) বিসৃষ্টবন্তং রত্নানি...নি।

তস্মৈ রথবরো যুক্তঃ শুশুভে লোকবিশ্রুতঃ।
বাজিভিঃ শৈব্যসুগ্রীব-মেঘপুষ্প-বলাহকৈঃ ॥১২॥
শৈব্যস্তু শুকপত্রাভঃ সুগ্রীবঃ কিংশুকপ্রভঃ।
মেঘপুষ্পো মেঘবর্ণঃ পাণ্ডুরস্তু বলাহকঃ ॥১৩॥
দক্ষিণঞ্চাবহচ্ছৈব্যঃ সুগ্রীবঃ সব্যতোঽবহৎ।
পৃষ্ঠবাহৌ রথস্যাস্তাং মেঘপুষ্পবলাহকৌ ॥১৪॥
বিশ্বকর্ম্মকৃতাপীড়া রত্নজালবিভূষিতা।
আশ্রিতা বৈ রথে তস্মিন্ ধ্বজযষ্টিরশোভত ॥১৫॥
বৈনতেয়ঃ স্থিতস্তস্যাং প্রভাকরমিব স্পৃশন্।
তস্য সত্ত্বতঃ কেতৌ ভুজগারিরশোভত ॥১৬॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। তস্মৈ কৃষ্ণায়, শৈব্যাদিনামভির্বাজিভির্যুক্ত ইতি সম্বন্ধঃ ॥১২॥

শৈব্য ইতি। শুকপত্রাভঃ শুকপক্ষিপক্ষবর্ণঃ ॥১৩॥

দক্ষিণমিতি। পরত্র পৃষ্ঠবাহাবিত্যভিধানাৎ সম্মুখে রথস্য দক্ষিণং পার্শ্বমিত্যর্থঃ। সব্যতো বামং পার্শ্বম্। পশ্চাদ্দক্ষিণে পার্শ্বে মেঘপুষ্পঃ, বামে পার্শ্বে চ বলাহকঃ ॥১৪॥

বিশ্বেতি। বিশ্বকর্ম্মণা কৃত আপীড়ঃ শেখরো যস্যাঃ সা ॥১৫॥

বৈনেতি। বৈনতেয়ো গরুড়ঃ। প্রভাকরং সূর্য্যম্। সত্ত্বতো বলবতঃ ॥১৬॥

এদিকে শৈব্য, সুগ্রীব, মেঘপুষ্প ও বলাহকনামক চারিটী অশ্বসংযুক্ত জগদ্বিখ্যাত উত্তম রথ কৃষ্ণের জন্য বাহিরে শোভা পাইতে লাগিল ॥১২॥

সেই অশ্বগুলির মধ্যে শৈব্যনামক অশ্বটীর বর্ণ—শুকপক্ষীর পক্ষের ন্যায়, সুগ্রীবনামক অশ্বটীর বর্ণ—কিংশুকপুষ্পের তুল্য, মেঘপুষ্পনামক অশ্বটীর বর্ণ—মেঘের সমান এবং বলাহকনামক অশ্বটীর বর্ণ—পাণ্ডুর ছিল ॥১৩॥

সেই রথখানার সম্মুখে দক্ষিণপার্শ্বে শৈব্য ও বামপার্শ্বে সুগ্রীব বহিয়াছিল এবং পশ্চাদ্ভাগে দক্ষিণপার্শ্বে মেঘপুষ্প ও বামপার্শ্বে বলাহক ছিল ॥১৪॥

সেই রথে রত্নের জালযুক্ত একটা ধ্বজ শোভা পাইতেছিল, বিশ্বকর্ম্মা তাহার শেখর নির্ম্মাণ করিয়া দিয়াছিলেন ॥১৫॥

গরুড় আসিয়া সূর্য্যকে স্পর্শ করিতে থাকিয়াই যেন সেই ধ্বজের উপরে অবস্থান করিতেছিলেন এবং বলবান্ কৃষ্ণের ধ্বজে গরুড় শোভাও পাইতে-ছিলেন ॥১৬॥

---

(১২) ইত্যাদয়ো দ্বাদশ শ্লোকাঃ নি বা ব বা ন সন্তি।

তস্য কীর্ত্তিমতস্তেন ভাস্বরেণ বিরাজতা।
শুশুভে স্যন্দনশ্রেষ্ঠঃ পতগেন্দ্রেণ কেতুনা ॥১৭॥
রশ্মিজালৈঃ পতাকাভিঃ সৌবর্ণেন চ কেতুনা।
বভূব স রথশ্রেষ্ঠঃ কালসূর্য্য ইবোদিতঃ ॥১৮॥
পক্ষিধ্বজবিতানৈশ্চ রুক্মজালকৃতাঙ্গণৈঃ।
দণ্ডমার্গবিভাগৈশ্চ সুকৃতৈর্বিশ্বকর্ম্মণা ॥১৯॥
প্রবালমণিশোভৈশ্চ মুক্তাবৈদূর্য্যশোভনৈঃ।
কিঙ্কিণীশতসংঘৈশ্চ বালজালকৃতান্তরৈঃ ॥২০॥
কার্ত্তস্বরময়ীভিশ্চ পদ্মিনীভিরলঙ্কৃতঃ।
শুশুভে স্যন্দনশ্রেষ্ঠস্তাপনীয়ৈশ্চ পাদপৈঃ ॥২১॥
ব্যাঘ্রসিংহবরাহৈশ্চ গোভিশ্চ মৃগপক্ষিভিঃ।
তারাভির্ভাস্করৈশ্চাপ বারণৈশ্চ হিরণ্ময়ৈঃ ॥২২॥

ভারতকৌমুদী

তস্যেতি। স্যন্দনশ্রেষ্ঠো রথশ্রেষ্ঠঃ, পতগেন্দ্রেণ গরুড়ারূঢেন ॥১৭॥

রশ্মীতি। সৌবর্ণেন স্বর্ণখচিতেন। কালসূর্য্যঃ প্রলয়সময়সূর্য্যঃ ॥১৮॥

পক্ষীতি। পক্ষিধ্বজশ্চ বিতানানি উপর্য্যাবরণানি চ তৈঃ, রুক্মজালেন স্বর্ণপট্টেন কৃতম্ অঙ্গণং চত্বরং তলং যেষাং তৈঃ, দণ্ডমার্গাণামস্ত্রক্ষেপস্থানানাং বিভাগৈশ্চ, সুকৃতৈঃ সুষ্ঠু নির্ম্মিতৈঃ। প্রবালমণীনাং শোভা যেষু তৈঃ। বালানাং মণিবিশেষাণাং জালেন সমূহেন কৃতানি অন্তরাণি অবকাশা যেষাং তৈর্বিভাগৈঃ। কার্ত্তস্বরময়ীভিঃ স্বর্ণময়ীভিঃ। তাপনীয়ৈঃ স্বর্ণময়ৈঃ। ভাস্করৈঃ সূর্য্যমূর্ত্তিভিঃ, বারণৈর্হস্তিমূর্ত্তিভিঃ। বজ্রাঙ্কুশবিমানৈশ্চ তত্তন্মূর্ত্তিভিশ্চ অলঙ্কৃত ইতি সম্বন্ধঃ। কূবরে যুগন্ধরাখ্যদারুবিশেষে আবৃত্তা গোলাকারা যে সন্ধয়ঃ সংযোগ-

---

কীর্ত্তিমান্ কৃষ্ণের উত্তম রথখানা সেই উজ্জ্বল ও শোভমান গরুড়ধ্বজদ্বারা শোভা পাইতেছিল ॥১৭॥

রত্নের কিরণ, রত্নময় পতাকা ও স্বর্ণময় ধ্বজদ্বারা সেই উত্তম রথখানা প্রলয়কালোদিত সূর্য্যের ন্যায় সমুজ্জ্বল হইয়াছিল ॥১৮॥

পক্ষিধ্বজ, চন্দ্রাতপ, স্বর্ণপট্টময় তলদেশ এবং অস্ত্রক্ষেপের পথ, এইগুলি স্বয়ং বিশ্বকর্ম্মাই সুন্দরভাবে নির্ম্মাণ করিয়াছিলেন; প্রবাল, বৈদূর্য্য, মুক্তা, বহুসংখ্যক কিঙ্কিণী এবং বালমণি এইগুলিও যথাস্থানে সন্নিবেশিত ছিল। স্বর্ণময় পদ্মিনী, বৃক্ষ, ব্যাঘ্র, সিংহ, বরাহ, গো, হরিণ, পক্ষী, নক্ষত্র, সূর্য্য ও হস্তীর মূর্ত্তি এবং কূবরের গোলাকার সংযোগস্থলে বজ্র, অঙ্কুশ ও বিমানের মূর্ত্তিদ্বারা সে উত্তম রথখানা অলঙ্কৃত ছিল; আর তাহার চক্রগুলির নাভিদেশ

বজ্রাঙ্কুশবিমানৈশ্চ কূবরাবৃত্তসন্ধিষু।
সমুচ্ছ্রিতমহানাভিঃ স্তনয়িত্নুমহাস্বনঃ ॥২৩॥ (কুলকম্)
ততো রথেন শুভ্রেণ মহতা কিঙ্কিণীকিনা।
হয়োত্তমযুজা শীঘ্রমুপাতিষ্ঠত দারুকঃ ॥২৪॥
তমুপস্থিতমাজ্ঞায় রথং দিব্যং মহামনাঃ।
মহাভ্রঘননির্ঘোষং সর্ব্বরত্নবিভূষিতম্ ॥২৫॥
অগ্নিং প্রদক্ষিণং কৃত্বা ব্রাহ্মণাংশ্চ জনার্দ্দনঃ।
কৌস্তুভং মণিমাবধ্য শ্রিয়া পরময়া জ্বলন্ ॥২৬॥
কুরুভিঃ সংবৃতঃ কৃষ্ণো বৃষ্ণিভিশ্চাভিরক্ষিতঃ।
আতিষ্ঠত রথং শৌরিঃ সর্ব্বযাদবনন্দনঃ ॥২৭॥ (বিশেষকম্)
অন্বারুরোহ দাশার্হং বিদুরঃ সর্ব্বধর্ম্মবিৎ।
সর্ব্বপ্রাণভৃতাং শ্রেষ্ঠং সর্ব্ববুদ্ধিমতাং বরম্ ॥২৮॥

ভারতকৌমুদী

স্থানানি তেষু। সমুচ্ছ্রিতা উন্নতা মহত্যো নাভয়ঃ পিণ্ডিকা যস্মিন্ সঃ, স্তনয়িত্নোর্মেঘস্যেব মহান্ স্বনঃ শব্দো যস্য স তাদৃশঃ স্যন্দনশ্রেষ্ঠঃ শুশুভে ॥১৯—২৩॥

তত ইতি। কিঙ্কিণীকিনা ক্ষুদ্রঘণ্টাযুক্তেন। হয়োত্তমযুজা উত্তমাশ্বযুক্তেন ॥২৪॥

তমিতি। মহামনাঃ কৃষ্ণঃ। মহান্ অভ্রঘনস্য আকাশমেঘস্যেব নির্ঘোষো যস্য তম্। আবধ্য পরিধায়। সংবৃতঃ পরিবেষ্টিতঃ। আতিষ্ঠত আরোহৎ ॥২৫—২৭॥

অন্বিতি। দাশার্হং কৃষ্ণম্, অনু সহ পশ্চাৎ আরুরোহ রথম্ ॥২৮॥

উন্নত ছিল এবং মেঘের ন্যায় গম্ভীর শব্দ হইত। এইরূপ সেই উত্তম রথখানা বাহিরে শোভা পাইতেছিল ॥১৯—২৩॥

তদনন্তর শুভ্রবর্ণ, কিঙ্কিণীসমন্বিত এবং উত্তম অশ্বযুক্ত সেই বিশাল রথ লইয়া দারুক সত্বর নিকটে উপস্থিত হইল ॥২৪॥

তখন মহামনা ও সকল যাদবগণের আনন্দজনক কৃষ্ণ মেঘের ন্যায় গম্ভীর-শব্দকারী ও সর্বরত্নবিভূষিত সেই অলৌকিক রথ উপস্থিত হইয়াছে ইহা জানিয়া, অগ্নি ও ব্রাহ্মণদিগকে প্রদক্ষিণ করিয়া, কৌস্তুভমণি ধারণপূর্ব্বক পরম শোভায় শোভিত হইয়া, কৌরবগণে পরিবেষ্টিত এবং বৃষ্ণিগণে পরিরক্ষিত অবস্থায় সেই রথে আরোহণ করিলেন ॥২৫—২৭॥

সর্ব্বধর্ম্মজ্ঞ বিদুর রথে আরোহণ করিয়া সকল প্রাণীর শ্রেষ্ঠ এবং সকল বুদ্ধিমানের প্রধান কৃষ্ণের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥২৮॥

তেতো দুর্য্যোধনঃ কৃষ্ণং শকুনিশ্চাপি সৌবলঃ।
দ্বিতীয়েন রথেনৈনমন্বয়াতাং পরন্তপম্ ॥২৯॥
সাত্যকিঃ কৃতবর্ম্মা চ বৃষ্ণীনাঞ্চাপরে রথাঃ।
পৃষ্ঠতোঽনুযযুঃ কৃষ্ণং গজৈরশ্বৈ রথৈরপি ॥৩০॥
তেষাং হেমপরিষ্কারৈর্যুক্তাঃ পরমবাজিভিঃ।
গচ্ছতাং ঘোষিণশ্চিত্রা রথা রাজন্! বিরেজিরে ॥৩১॥
সংমৃষ্টসংসিক্তরজঃ প্রতিপেদে মহাপথম্।
রাজর্ষিচরিতং কালে কৃষ্ণো ধীমান্ শ্রিয়া জ্বলন্ ॥৩২॥
ততঃ প্রয়াতে দাশার্হে প্রাবাদ্যন্তৈকপুষ্করাঃ।
শঙ্খাশ্চ দধ্মিরে তত্র বাদ্যান্যন্যানি যানি চ ॥৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি। এনং কৃষ্ণমিতি সম্বন্ধঃ, অন্বয়াতাম্ অন্বগচ্ছতাম্ ॥২৯॥
সাত্যকিরিতি। রথা রথারোহিণঃ। অনু সহ পৃষ্ঠতো যযুঃ ॥৩০॥
তেষামিতি। হেমপরিষ্কারৈঃ স্বর্ণালঙ্কারধারিভিঃ। ঘোষিণো গম্ভীরশব্দাঃ ॥৩১॥
সমিতি। কচিৎ সংমৃষ্টানি কচিচ্চ সংসিক্তানি রজাংসি ধূলয়ো যস্য তৎ। প্রতিপেদে প্রাপ। কালে রাজর্ষিভিঃ শান্তনুপ্রভৃতিভিঃ চরিতং গতম্ ॥৩২॥
তত ইতি। একপুষ্করা বাদ্যবিশেষাঃ। দধ্মিরে বাদিতাঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

তথেতি। নক্ষত্রসম্পন্না শবদি নিবন্ধত্বাৎ ॥১—৫॥ উদকং স্নানাচমনাদি। অনুজপ্যং সন্ধ্যোপাসনাদি তে উভে কৃতে যেন সঃ কৃতোদকানুজপ্যঃ ॥৬॥ তিষ্ঠন্তম্ উপাসীনম্ ॥৭—৩০॥ চিত্রাশ্চ

তাহার পর দুর্য্যোধন ও সুবলনন্দন শকুনি দ্বিতীয় রথে আরোহণ করিয়া পরন্তপ কৃষ্ণের পিছনে পিছনে চলিতে থাকিলেন ॥২৯॥

সাত্যকি, কৃতবর্ম্মা এবং বৃষ্ণিবংশীয় অন্যান্য রথীরা হস্তী, অশ্ব ও রথে কৃষ্ণের অনুগমন করিতে লাগিলেন ॥৩০॥

রাজা! তাঁহাদের গমনের সময়ে স্বর্ণালঙ্কারশোভিত উৎকৃষ্ট অশ্ব-যুক্ত বিচিত্র রথগুলি গম্ভীর শব্দ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিল ॥৩১॥

পূর্ব্বকালে রাজর্ষিরা যে পথে গমন করিতেন, আর যে পথের কোন স্থান মার্জ্জিত এবং কোন স্থান ধৌত ছিল, বুদ্ধিমান্ ও কান্তিসমুজ্জ্বল কৃষ্ণ ক্রমে সেই রাজপথে যাইয়া উপস্থিত হইলেন ॥৩২॥

তাহার পর কৃষ্ণ উপস্থিত হইলে, সেই রাজধানীতে কাহল, শঙ্খ এবং অন্য যত বাদ্য ছিল তাহা বাদিত হইতে থাকিল ॥৩৩॥

---

(৩১)…চিত্ররথাঃ…বা ব রা নি।

প্রবীরাঃ সর্বলোকস্য যুবানঃ সিংহবিক্রমাঃ।
পরিবার্য্য রথং শৌরেরগচ্ছন্ত পরন্তপাঃ ॥৩৪॥
ততোঽন্যে বহুসাহস্রা বিচিত্রাদ্ভুতবাসসঃ।
অসিপ্রাসায়ুধধরাঃ কৃষ্ণস্যাসন্ পুরঃসরাঃ ॥৩৫॥
গজাঃ পঞ্চশতাস্তত্র রথাশ্চাসন্ সহস্রশঃ।
প্রয়ান্তমন্বয়ুর্বীরং দাশার্হমপরাজিতম্ ॥৩৬॥
পুরং কুরূণাং সংবৃত্তং দ্রষ্টুকামং জনার্দ্দনম্।
সবালবৃদ্ধং সস্ত্রীকং রথ্যাগতমরিন্দম ! ॥৩৭॥
বেদিকামাশ্রিতাভিশ্চ সমাক্রান্তান্যনেকশঃ।
প্রচলন্তীব ভারেণ যোষিদ্ভির্ভবনান্যুত ॥৩৮॥
স পূজ্যমানঃ কুরুভিঃ সংশৃণ্বন্ মধুরাঃ কথাঃ।
যথার্হং প্রতিসৎকুর্বন্ প্রেক্ষমাণঃ শনৈর্যযৌ ॥৩৯॥

ভাবতকৌমুদী

প্রেতি। প্রবীরাঃ প্রধানবীরাঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য, শৌরেঃ কৃষ্ণস্য ॥৩৪॥
তত ইতি। বিচিত্রাণি নানাবিধচিত্রযুক্তানি অতএবাদ্ভুতানি বাসাংসি যেষাং তে ॥৩৫॥
গজা ইতি। অন্বয়ুঃ অন্বগচ্ছন্। দাশার্হং কৃষ্ণম্ ॥৩৬॥
পুরমিতি। পুরং কর্ত্তৃ জনার্দ্দনং দ্রষ্টুকামং সৎ রথ্যাগতং সংবৃত্তং জাতম্ ॥৩৭॥
বেদিকামিতি। বেদিকাং গবাক্ষসন্নিহিতং মঞ্চম্ ॥৩৮॥
স ইতি। মধুরা অনুনয়সূচকত্বাৎ। যথার্হং যোগ্যতানুসারেণ ॥৩৯॥

সিংহের ন্যায় বিক্রমশালী, সমগ্র জগতে প্রধান বীর এবং শত্রুতাপী যুবকেরা কৃষ্ণের রথ পরিবেষ্টন করিয়া গমন করিতে লাগিল ॥৩৪॥

তাহার পর নানাবিধ-চিত্র-যুক্ত আশ্চর্য্য বস্ত্রধারী বহুসহস্র সৈন্য তরবারি ও কুন্তপ্রভৃতি অস্ত্র ধারণপূর্ব্বক কৃষ্ণের সম্মুখবর্ত্তী হইয়া গমন করিতে লাগিল ॥৩৫॥

মহাবীর অপরাজিত কৃষ্ণ গমন করিতে লাগিলে, পঞ্চশত গজারোহী এবং সহস্র সহস্র রথী তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চলিতে থাকিল ॥৩৬॥

অরিন্দম! বালক, বৃদ্ধ ও স্ত্রীলোকদের সহিত নগরবাসী সমস্ত লোকই কৃষ্ণকে দেখিবার ইচ্ছা করিয়া রাজপথে যাইয়া উপস্থিত হইল ॥৩৭॥

মহিলারা কৃষ্ণকে দেখিবার ইচ্ছায় যাইয়া গবাক্ষের নিকটবর্ত্তী মঞ্চের উপরে আরোহণ করিল; তখন তাঁহাদের ভারে আক্রান্ত হইয়া অনেক বাড়ীই যেন কাঁপিতে লাগিল ॥৩৮॥

ততঃ সভাং সমাসাদ্য কেশবস্যানুযায়িনঃ।
সশঙ্খৈর্বেণুনির্ঘোষৈর্দিশঃ সর্বা ব্যনাদয়ন্ ॥৪০॥
ততঃ সা সমিতিঃ সর্ব্বা রাজ্ঞামমিততেজসাম্।
সংপ্রাকম্পত হর্ষেণ কৃষ্ণাগমনকাঙ্ক্ষয়া ॥৪১॥
ততোঽভ্যাসগতে কৃষ্ণে সমহৃষ্যন্ নরাধিপাঃ।
শ্রুত্বা তং রথনির্ঘোষং পর্জন্যনিনদোপমম্ ॥৪২॥
আসাদ্য তু সভাদ্বারমৃষভঃ সর্বসাত্বতাম্।
অবতীর্য্য রথাচ্ছৌরিঃ কৈলাসশিখরোপমাৎ ॥৪৩॥
নবমেঘপ্রতীকাশাং জ্বলন্তীমিব তেজসা।
মহেন্দ্রসদনপ্রখ্যাং প্রবিবেশ সভাং ততঃ ॥৪৪॥
পাণৌ গৃহীত্বা বিদুরং সাত্যকিঞ্চ মহাযশাঃ।
জ্যোতীংষ্যাদিত্যবদ্রাজন্! কুরূন্ প্রাচ্ছাদয়ন্ শ্রিয়া ॥৪৫॥
(বিশেষকম্)

ভারতকৌমুদী

তত ইতি। সভাং সভাসমীপম্। সশঙ্খৈঃ শঙ্খনাদসহিতৈঃ ॥৪০॥,

তত ইতি। সমিতিঃ সভা। হর্ষেণ হর্ষনিবন্ধনসম্ভ্রমেণ ॥৪১॥

তত ইতি। অভ্যাসগতে সমীপমাগতে। পর্জন্যনিনদোপমং মেঘনির্ঘোষতুল্যাম্ ॥৪২॥

আসাদ্যেতি। ঋষভঃ শ্রেষ্ঠঃ। শৌরিঃ কৃষ্ণঃ। নবমেঘপ্রতীকাশাং বর্ণে। মহেন্দ্রসদনপ্রখ্যাম্ ইন্দ্রসভাতুল্যাম্। জ্যোতীংষি নক্ষত্রাদীনি, আদিত্যবৎ সূর্য্য ইব ॥৪৩—৪৫॥

কৃষ্ণ কৌরবদের নিকট সম্মান লাভ করিতে থাকিযা এবং তাঁহাদিগকে যথাযোগ্য সম্মান দেখাইতে প্রবৃত্ত হইয়া, মধুর বাক্য সকল শ্রবণ এবং সকল বস্তু দর্শন করিতে করিতে ধীরে ধীরে গমন করিতে লাগিলেন ॥৩৯॥

তাহার পর কৃষ্ণের অনুচরেরা রাজসভার নিকট উপস্থিত হইয়া শঙ্খ ও বংশীর শব্দে সকল দিক্ নিনাদিত করিতে থাকিল ॥৪০॥

তদনন্তর কৃষ্ণের আগমনের-আশায় অমিততেজা রাজাদের আনন্দনিবন্ধন সংভ্রমে সেই সমগ্র সভাটাই যেন কাঁপিতে লাগিল ॥৪১॥

তৎপরে কৃষ্ণ নিকটবর্ত্তী হইলে, মেঘনির্ঘোষতুল্য তাঁহার রথনির্ঘোষ শুনিযা রাজারা আনন্দিত হইলেন ॥৪২॥

রাজা! সর্বসাত্বতশ্রেষ্ঠ ও মহাযশা কৃষ্ণ ক্রমে সভাদ্বারে উপস্থিত হইয়া, কৈলাসপর্ব্বতশৃঙ্গতুল্য রথ হইতে অবতরণ করিয়া, বিদুর ও সাত্যকির হাত ধরিয়া, সূর্য্য যেমন আপন কিরণদ্বারা গ্রহ-নক্ষত্রগুলিকে আবৃত করেন, সেই

অগ্রতো বাসুদেবস্য কর্ণদুর্য্যোধনাবুভৌ।
বৃষ্ণয়ঃ কৃতবর্ম্মা চাপ্যাসন্ কৃষ্ণস্য পৃষ্ঠতঃ ॥৪৬॥
ধৃতরাষ্ট্রং পুরস্কৃত্য ভীষ্মদ্রোণাদয়স্ততঃ।
আসনেভ্যোঽচলন্ সর্ব্বে পূজয়ন্তো জনার্দ্দনম্ ॥৪৭॥
অভ্যাগচ্ছতি দাশার্হে প্রজ্ঞাচক্ষুর্নরেশ্বরঃ।
সহৈব দ্রোণভীষ্মাভ্যামুদতিষ্ঠন্মহাযশাঃ ॥৪৮॥
উত্তিষ্ঠতি মহারাজ! ধৃতরাষ্ট্রে নরেশ্বরে।
তানি রাজসহস্রাণি সমুত্তস্থুঃ সমন্ততঃ ॥৪৯॥
আসনং সর্ব্বতোভদ্রং জাম্বূনদপরিষ্কৃতম্।
কৃষ্ণার্থে কল্পিতং তত্র ধৃতরাষ্ট্রস্য শাসনাৎ ॥৫০॥

ভারতকৌমুদী

অগ্রত ইতি। অগ্রতঃ অগ্রগামিনৌ। পৃষ্ঠতঃ পৃষ্ঠবর্ত্তিনৌ ॥৪৬॥
ধৃতেতি। অচলন্ উত্থানায়। পূজয়ন্তঃ সম্মানং দর্শয়ন্তঃ ॥৪৭॥
অভীতি। দাশার্হে কৃষ্ণে। নরেশ্বরো ধৃতরাষ্ট্রঃ ॥৪৮॥
উদিতি। উত্তিষ্ঠতি উত্থানং কুর্ব্বতি সতি। সমন্ততঃ সর্ব্বাভ্যো দিগ্‌ভ্যঃ ॥৪৯॥
আসনমিতি। সর্ব্বতোভদ্রং নাম, জাম্বূনদপরিষ্কৃতং স্বর্ণখচিতম্ ॥৫০॥

রূপ আপন-কান্তিদ্বারা কৌরবগণকে আবৃত করিতে থাকিয়া, নবীন মেঘের ন্যায় নীলবর্ণা, তেজে যেন জাজ্বল্যমানা এবং ইন্দ্রসভার সদৃশী কৌরবসভায় যাইয়া প্রবেশ করিলেন ॥৪৩—৪৫॥

তৎকালে কর্ণ ও দুর্য্যোধন কৃষ্ণের সম্মুখে এবং বৃষ্ণিবংশীয়েরা ও কৃতবর্ম্মা তাঁহার পিছনে ছিলেন ॥৪৬॥

তাহার পর ভীষ্ম ও দ্রোণপ্রভৃতি সকলেই ধৃতরাষ্ট্রকে অগ্রবর্ত্তী করিয়া কৃষ্ণের সম্মান করিবার জন্য আপন আপন আসন হইতে উঠিবার উপক্রম করিলেন ॥৪৭॥

কৃষ্ণ আসিতে লাগিলে, প্রজ্ঞাচক্ষু ও মহাযশা ধৃতরাষ্ট্র ভীষ্ম ও দ্রোণের সহিতই গাত্রোত্থান করিলেন ॥৪৮॥

মহারাজ জনমেজয়! রাজা ধৃতরাষ্ট্র গাত্রোত্থান করিলে, সেই সহস্র সহস্র রাজারাও সকল দিক্ হইতে গাত্রোত্থান করিলেন ॥৪৯॥

স্বর্ণখচিত 'সর্ব্বতোভদ্র'—নামক একখানি আসন ধৃতরাষ্ট্রের আদেশে সেখানে পূর্ব্বেই কৃষ্ণের জন্য প্রস্তুত ছিল ॥৫০॥

---

(৪৮)··প্রজ্ঞাচক্ষুর্নরেশ্বর।·· নি। (৪৯)···মহারাজে···জনেশ্বরে···বা ব রা নি।

স্ময়মানস্তু রাজানং ভীষ্মদ্রোণৌ চ মাধবঃ।
অভ্যভাষত ধর্ম্মাত্মা রাজ্ঞশ্চান্যান্ যথাবয়ঃ ॥৫১॥
তত্র কেশবমানর্চ্চুঃ সম্যগভ্যাগতং সভাম্।
রাজানঃ পার্থিবাঃ সর্ব্বে কুরবশ্চ জনার্দ্দনম্ ॥৫২॥
তত্র তিষ্ঠন্ স দাশার্হো রাজমধ্যে পরন্তপঃ।
অপশ্যদন্তরীক্ষস্থানৃষীন্ পরপুরঞ্জয়ঃ ॥৫৩॥
ততস্তানভিসংপ্রেক্ষ্য নারদপ্রমুখানৃষীন্।
অভ্যভাষত দাশার্হো ভীষ্মং শান্তনবং শনৈঃ ॥৫৪॥
পার্থিবীং সমিতিং দ্রষ্টুমৃষয়োঽভ্যাগতা নৃপ ।।
নিমন্ত্র্যন্তামাসনৈশ্চ সৎকারেণ চ ভূয়সা ॥৫৫॥
নৈতেষ্বনুপবিষ্টেষু শক্যং কেনচিদাসিতুম্।
পূজা প্রযুজ্যতামাশু মুনীনাং ভাবিতাত্মনাম্ ॥৫৬॥

ভারতকৌমুদী

স্ময়েতি। স্ময়মান ঈষদ্ধসন্। যথাবয়ো বয়োঽনুসারেণ ॥৫১॥
তত্রেতি। সম্যক্ আনর্চ্চুঃ পূজয়ামাসুঃ। পার্থিবাঃ পৃথিবীসম্বন্ধিনঃ ॥৫২॥
তত্রেতি। দাশার্হঃ কৃষ্ণঃ। অপশ্যৎ বক্রভাবেন সুস্থান্তবালাৎ ॥৫৩॥
তত ইতি। শান্তনবপদং ভীষ্মান্তবন্যাবৃত্ত্যর্থম্ ॥৫৪॥
পার্থিবীমিতি। পার্থিবীং পৃথিবীসম্বন্ধিনীম্, সমিতিং সভাম্। নৃপেতি তজ্জাতীয়ত্বাৎ ॥৫৫॥
নেতি। আসিতুমুপবেষ্টুং ন শক্যম্, এষামবমাননাপ্রকাশাদিতি ভাবঃ ॥৫৬॥

ধর্ম্মাত্মা কৃষ্ণ ঈষৎ হাস্য করিয়া ধৃতরাষ্ট্র, ভীষ্ম, দ্রোণ ও অন্যান্য রাজাকে বয়স অনুসারে সম্ভাষণ করিলেন ॥৫১॥

কৃষ্ণ সভায় আগমন করিলে, রাজারা, কৌরবেরা এবং পৃথিবীর অন্যান্য সকল লোকেরা উপযুক্তভাবে তাঁহার সম্মান করিলেন ॥৫২॥

শত্রুনগরবিজয়ী ও শত্রুতাপী কৃষ্ণ সেই রাজগণমধ্যে থাকিয়াই আকাশবর্ত্তী ঋষিগণকে দেখিতে পাইলেন ॥৫৩॥

তাহার পর কৃষ্ণ সেই নারদপ্রভৃতি ঋষিগণকে দেখিয়া ধীরে ধীরে শান্তনুনন্দন ভীষ্মকে বলিলেন—॥৫৪॥

'রাজা! ঋষিরা পৃথিবীর সভা দেখিবার জন্য আসিতেছেন; অতএব আপনারা উঁহাদিগকে আহ্বান করুন এবং আসন দান ও উপযুক্ত সৎকার করিয়া সম্মানিত করুন ॥৫৫॥

ঋষীন্ শান্তনবো দৃষ্ট্বা সভাদ্বারমুপস্থিতান্।
ত্বরমাণস্ততো ভৃত্যানাসনানীত্যচোদয়ৎ ॥৫৭॥
আসনান্যথ মৃষ্টানি মহান্তি বিপুলানি চ।
মণিকাঞ্চনচিত্রাণি সমাজহ্রুস্ততস্ততঃ ॥৫৮॥
তেষু তত্রোপবিষ্টেষু গৃহীতার্ঘ্যেষু ভারত!।
নিষসাদাসনে কৃষ্ণো রাজানশ্চ যথাসনম্ ॥৫৯॥
দুঃশাসনঃ সাত্যকয়ে দদাবাসনমুত্তমম্।
বিবিংশতির্দদৌ পীঠং কাঞ্চনং কৃতবর্ম্মণে ॥৬০॥
অবিদূরে তু কৃষ্ণস্য কর্ণদুর্য্যোধনাবুভৌ।
একাসনে মহাত্মানৌ নিষীদতুরমর্ষণৌ ॥৬১॥
গান্ধাররাজঃ শকুনির্গান্ধারৈরভিরক্ষিতঃ।
নিষসাদাসনে রাজা সহপুত্রো বিশাংপতে! ॥৬২॥

ভারতকৌমুদী

ঋষীনিতি। আসনানি আনীয়ন্তাম্, ইতি ইত্থং ভৃত্যান্ অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৫৭॥
আসনানীতি। মৃষ্টানি পরিষ্কৃতানি। ততস্ততঃ স্থানাৎ ॥৫৮॥
তেষ্বিতি। তেষু ঋষিষু। গৃহীতানি অর্ঘ্যাণি যৈস্তেষু। নিষসাদ উপবিবেশ ॥৫৯॥
দুঃশাসন ইতি। বিবিংশতির্দুর্য্যোধনভ্রাতা ॥৬০॥
অবীতি। অবিদূরে অনতিদূরে। নিষীদতুঃ নিষেদতুঃ। আর্ষোঽয়ং প্রয়োগঃ ॥৬১॥

ইহারা উপবেশন না করিলে, কেহই উপবেশন করিতে সমর্থ হইবেন না। অতএব আপনারা সত্বর সংযতচিত্ত মুনিগণের পূজা করুন' ॥৫৬॥

তাহার পর ভীষ্ম মুনিগণকে সভাদ্বারে উপস্থিত দেখিয়া সত্বর ভৃত্যগণকে আদেশ করিলেন যে, 'তোমরা আসন আনয়ন কর' ॥৫৭॥

তদনন্তর ভৃত্যেরা সেই সেই স্থান হইতে পরিমার্জিত ও মণি-কাঞ্চন-বিচিত্র বিশাল বিশাল প্রচুর আসন আনয়ন করিল ॥৫৮॥

ভরতনন্দন! তৎপরে মুনিরা সেই সকল আসনে উপবেশন করিয়া অর্ঘ্য গ্রহণ করিলে, কৃষ্ণ ও রাজারা আপন আপন আসনে উপবেশন করিলেন ॥৫৯॥

তাহার পর দুঃশাসন সাত্যকিকে উত্তম আসন দান করিলেন এবং বিবিংশতি কৃতবর্ম্মাকে স্বর্ণময় পীঠ সমর্পণ করিলেন। ৬০॥

উদারচেতা হইলেও অসহিষ্ণুস্বভাব কর্ণ ও দুর্য্যোধন কৃষ্ণের অনতিদূরে একাসনে উপবেশন করিলেন ॥৬১॥

---

(৬১) নিষীদতুরমর্ষণৌ—দি।

বিদুরো মণিপীঠে তু শুক্লস্পর্দ্ধ্যাজিনোত্তরে।
সংস্পৃশন্নাসনং শৌরের্মহামতিরুপাবিশৎ ॥৬৩॥
চিরস্য দৃষ্ট্বা দাশার্হং রাজানঃ সর্ব্ব এব তে।
অমৃতস্যেব নাতৃপ্যন্ প্রেক্ষমাণা জনার্দ্দনম্ ॥৬৪॥
অতসীপুষ্পসঙ্কাশঃ পীতবাসা জনার্দ্দনঃ।
ব্যরাজত সভামধ্যে হেম্নীবোপহিতো মণিঃ ॥৬৫॥
ততস্তূষ্ণীং সর্ব্বমাসীদ্‌গোবিন্দগতমানসম্।
ন তত্র কশ্চিৎ কিঞ্চিদ্বা ব্যাজহার পুমান্ ক্বচিৎ ॥৬৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে শ্রীকৃষ্ণসভাপ্রবেশে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

ভারতকৌমুদী

গান্ধারেতি। নিষসাদ উপবিবেশ, পুত্রৈঃ সহেতি সহপুত্রঃ ॥৬২॥

বিদুর ইতি। শুক্লং যদাস্তরণং তৎস্পর্দ্ধি তত্তুল্যম্ আজিনং মৃগচর্ম্মাবরণম্ উত্তরে উপরিভাগে যস্য তস্মিন্। শৌরেঃ কৃষ্ণস্য আসনং সংস্পৃশন্নুপাবিশৎ ॥৬৩॥

চিরস্যেতি। অমৃতস্যেব অমৃতেনেব, করণে ষষ্ঠী ॥৬৪॥

অতসীতি। অতসীপুষ্পসঙ্কাশো নীলাতসীপুষ্পবর্ণঃ। মণিরিন্দ্রনীলঃ ॥৬৫॥

ভারতভাবদীপঃ

তে রথাশ্চ ॥৩১॥ সংমৃষ্টং দূরীকৃতং সংসিক্তং জলেনাপ্লাবিতঞ্চ বজ্রো যস্মাত্তম্ অবিভক্তিকং পদম্ ॥৩২॥ একপুষ্করাঃ কাহলাঃ ॥৩৩—৬৬॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৭॥

——:০:——

নরনাথ! গান্ধারদেশাধিপতি রাজা শকুনি গান্ধারসৈন্যগণে রক্ষিত হইয়া পুত্রগণের সহিত উপবেশন করিলেন ॥৬২॥

মহামতি বিদুর কৃষ্ণের আসন স্পর্শ করিয়া শুক্লবর্ণ আস্তরণের ন্যায় মৃগচর্ম্মযুক্ত মণিময় পীঠে সমাসীন হইলেন ॥৬৩॥

সেই রাজারা সকলেই বহুকালের পর কৃষ্ণকে দেখিয়া, মানুষ যেমন অমৃতপানে তৃপ্তিলাভ করে না, সেইরূপ তাঁহার দর্শনে তৃপ্তিলাভ করিলেন না ॥৬৪॥

(নীল) অতসীপুষ্পের ন্যায় নীলবর্ণ কৃষ্ণ পীতবর্ণ বস্ত্র পরিধান করিয়া স্বর্ণের উপরে সংস্থাপিত ইন্দ্রনীলমণির ন্যায় সভামধ্যে শোভা পাইতে লাগিলেন ॥৬৫॥

* '…চতুর্নবতিতমোঽধ্যায়ঃ' বা ব রা প্রি।

অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ।

———ঃ০ঃ———

বৈশম্পায়ন উবাচ।

তেষ্বাসীনেষু সর্ব্বেষু তূষ্ণীম্ভূতেষু রাজসু।
বাক্যমভ্যাদদে কৃষ্ণঃ সুদংষ্ট্রো দুন্দুভিস্বনঃ ॥১॥
জীমূত ইব ঘর্ম্মান্তে সর্বাং সংশ্রাবয়ন্ সভাম্।
ধৃতরাষ্ট্রমভিপ্রেক্ষ্য সমভাষত মাধবঃ ॥২॥

শ্রীভগবানুবাচ।

কুরূণাং পাণ্ডবানাঞ্চ শমঃ স্যাদিতি ভারত!।
অপ্রণাশেন বীরাণামেতদ্‌যাচিতুমাগতঃ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। তূষ্ণীং নীরবম্, সর্বং সভাভবনম্। ব্যাজহার উবাচ ॥৬৬॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃঃ)——

তেম্বিতি। অভ্যাদদে বক্তুমারেভে, সুদংষ্ট্রঃ শোভনদন্তযুক্তঃ ॥১॥
জীমূত ইতি। জীমূতো মেঘঃ, ঘর্ম্মান্তে গ্রীষ্মাবসানে। এতেন গ্রাহ্যবাক্যত্বং সূচিতম্ ॥২॥
কুরূণামিতি। বীরাণামপ্রণাশেন শমঃ শান্তিঃ স্যাৎ ইত্যেতদ্‌যাচিতুম্ ॥৩॥

তাহার পর কৃষ্ণ-নিবিষ্ট-চিত্ত সমগ্র সভাটীই নীরব থাকিল; কিন্তু কোন লোক কোন বিষয়ে কোন কথাই তখন বলিল না ॥৬৬॥

——০(০০)০——

বৈশম্পায়ন বলিলেন—সেই সকল রাজাই নীরব হইয়া উপবিষ্ট রহিলে, সুন্দরদন্তশালী ও দুন্দুভির ন্যায় মধুরধ্বনি কৃষ্ণ বলিতে আরম্ভ করিলেন ॥১॥

গ্রীষ্মাবসানে মেঘের শব্দ যেমন সকলে শ্রবণ করে, সেইরূপ সমগ্র সভাটীকে আপন বাক্য শ্রবণ করাইতে থাকিয়া ধৃতরাষ্ট্রের প্রতি দৃষ্টিপাত করিয়া কৃষ্ণ বলিতে লাগিলেন ॥২॥

কৃষ্ণ বলিলেন—'ভরতনন্দন! বীরগণের বিনাশ ব্যতীত যাহাতে কৌরব ও পাণ্ডবগণের শান্তি হয়, তাহাই প্রার্থনা করিবার জন্য আমি আসিয়াছি ॥৩॥

রাজন্! নান্যৎ প্রবক্তব্যং তব নৈঃশ্রেয়সং বচঃ।
বিদিতং হ্যেব তে সর্ব্বং বেদিতব্যমরিন্দম! ॥৪॥
ইদং হ্যস্য কুলং শ্রেষ্ঠং সর্ব্বরাজসু পার্থিব!।
শ্রুতবৃত্তোপসম্পন্নং সর্ব্বৈঃ সমুদিতং গুণৈঃ ॥৫॥
কৃপানুকম্পা কারুণ্যমানৃশংস্যঞ্চ ভারত!।
তথার্জ্জবং ক্ষমা সত্যং কুরুষ্বেতদ্বিশিষ্যতে ॥৬॥
তস্মিন্নেবংবিধে রাজন্! কুলে মহতি তিষ্ঠতি।
ত্বন্নিমিত্তং বিশেষেণ নেহ যুক্তমসাম্প্রতম্ ॥৭॥
ত্বং হি বারয়িতা শ্রেষ্ঠঃ কুরূণাং কুরুসত্তম!।
মিথ্যা প্রচরতাং তাত! বাহ্যেষ্বাভ্যন্তরেষু চ ॥৮॥

ভারতকৌমুদী

রাজন্নিতি। অন্যৎ উক্তভিন্নম্, নৈঃশ্রেয়সং মঙ্গলকরম্ ॥৪॥
ইদমিতি। শ্রুতং শাস্ত্রজ্ঞানং বৃত্তং সদাচারশ্চ তাভ্যামুপসম্পন্নং যুক্তম্ ॥৫॥
কৃপেতি। কৃপা দুঃস্থেষু স্বাভাবিকী দয়া, অনুকম্পা শরণাগতেষু আগন্তুকা দয়া, কারুণ্যং শোকাদিবিকলেষু দয়া, আনৃশংস্যমনিষ্ঠুরতা, আর্জ্জবং সারল্যম্ ॥৬॥
তদিতি। অসাম্প্রতমযুক্তং পররাজ্যহরণাদিকম্, ন যুক্তং নোচিতম্ ॥৭॥
ত্বমিতি। বাহ্যেষু প্রজাবর্গেষু, আভ্যন্তরেষু অমাত্যাদিষু, মিথ্যা দুষ্টম্ ॥৮॥

ভারতভাবদীপঃ

তেষিতি ॥১—২॥ আগতোঽস্মীতি ॥৩—৫॥ কৃপা পরস্য সুখার্থে যত্নঃ। অনুকম্পা পরদুঃখদর্শনে ত্রাসঃ। কারুণ্যং পরদুঃখপ্রহাণার্থো যত্নঃ। আনৃশংস্যং পরদুঃখাপ্রদানম্ ॥৬॥ অসাম্প্রতং কৃপাদিভ্যো বিপরীতং পরস্য দুঃখার্থো যত্নঃ। পরদুঃখদর্শনে আহ্লাদঃ।

অরিন্দম রাজা! তদ্ভিন্ন আপনার মঙ্গলজনক অন্য কোন বাক্যই আমার বক্তব্য নাই। কারণ, সমস্ত জ্ঞাতব্য বিষয়ই আপনার জানা আছে ॥৪॥

রাজা! শাস্ত্রজ্ঞান ও সদাচারযুক্ত এবং সর্ব্বগুণসম্পন্ন এই বংশই এখন সকল রাজবংশমধ্যে শ্রেষ্ঠ ॥৫॥

ভরতনন্দন! দুঃস্থের প্রতি কৃপা, শরণাগতের প্রতি দয়া, শোকার্ত্তপ্রভৃতির প্রতি করুণা, অনিষ্ঠুরতা, সরলতা, ক্ষমা ও সত্য এই গুণগুলিই কুরুবংশে বিশেষভাবে রহিয়াছে ॥৬॥

রাজা! এইরূপ সেই প্রশস্ত কুল বিদ্যমান থাকিতে, বিশেষতঃ আপনার জন্য কোন অসঙ্গত কার্য্য হওয়া কোনরূপেই উচিত নহে ॥৭॥

---

(৮) ত্বং হি ধারয়িতা শ্রেষ্ঠঃ...বা ব রা নি।

তে পুত্রাস্তব কৌরব্য ! দুর্য্যোধনপুরোগমাঃ ।
ধর্ম্মার্থৌ পৃষ্ঠতঃ কৃত্বা প্রচরন্তি নৃশংসবৎ ॥৯॥
অশিষ্টা গতমর্য্যাদা লোভেন হৃতচেতসঃ ।
স্বেষু বন্ধুষু মুখ্যেষু তদ্বেত্থ পুরুষর্ষভ ! ॥১০॥ (যুগ্মকম্)
সেয়মাপন্মহাঘোরা কুরুষেব সমুত্থিতা ।
উপেক্ষ্যমাণা কৌরব্য ! পৃথিবীং ঘাতয়িষ্যতি ॥১১॥
শক্যা চেয়ং শময়িতুং ত্বঞ্চেদিচ্ছসি ভারত ! ।
ন দুষ্করো হ্যত্র শমো মতো মে ভবতর্ষভ ! ॥১২॥
ত্বয্যধীনঃ শমো রাজন্ ! ময়ি চৈব বিশাংপতে ! ।
পুত্রান্ স্থাপয় কৌরব্য ! স্থাপয়িষ্যাম্যহং পরান্ ॥১৩॥

ভারতকৌমুদী

ত ইতি। পৃষ্ঠতঃ কৃত্বা অবজ্ঞায়, প্রচরন্তি ব্যবহরন্তি। বন্ধুষু পাণ্ডবেষু ॥৯—১০॥
সেতি। উপেক্ষ্যমাণা ত্বয়া। ঘাতয়িষ্যতি, যুদ্ধেন সর্বনাশাৎ ॥১১॥
শক্যেতি। ইয়মাপৎ। শমঃ সন্ধিনিবন্ধনা শান্তিঃ ॥১২॥
ত্বয়ীতি। স্থাপয় সৎপথে। পরান্ পাণ্ডবান্, স্থাপয়িষ্যামি সৎপথে ॥১৩॥

ভারতভাবদীপঃ

পরস্য সুখনাশার্থো যত্নঃ। পরস্য দুঃখসম্পাদনং কৌটিল্যাদিকঞ্চ তচ্চাযুক্তম্ ॥৭॥ বাহ্যেষু দ্যূতাদিষু আভ্যন্তরেষু জতুগৃহাদিষু ॥৮—১০॥ কুরুষেব ভবৎস্বেব ন তু পাণ্ডবেষু ॥১১॥ ন দিৎসসি কুলং ন ছেত্তুমিচ্ছসি তং চেদিচ্ছসীতি পাঠে কুরূন্ স্থাপয়িতুমিচ্ছসি তর্হি শমো ন দুষ্করঃ ॥১২—১৩॥

মাননীয় কৌরবশ্রেষ্ঠ! কৌরবেরা ভিতরে বা বাহিরে অন্যায্য আচরণ করিতে থাকিলে, আপনিই তাঁহাদিগকে বারণ করিবেন ॥৮॥

পুরুষশ্রেষ্ঠ কুরুনন্দন। অশিষ্ট, মর্য্যাদাশূন্য ও লোভী দুর্য্যোধনপ্রভৃতি আপনার পুত্রেরা ধর্ম্ম ও অর্থকে অগ্রাহ্য করিয়া স্বকীয় প্রধান বন্ধুবর্গের উপরেই নৃশংসের ন্যায় ব্যবহার করিয়া আসিতেছে; তাহা আপনি জানেন ॥৯—১০॥

অতএব কুরুনন্দন। মহাভয়ঙ্কর এই সেই বিপদ্ কৌরবগণের মধ্যেই উৎপন্ন হইয়াছে; তাহাতে আপনি যদি উপেক্ষা করেন, তবে ঐ বিপদ্ সমগ্র পৃথিবীটাকেই ধ্বংস করিবে ॥১১॥

ভরতনন্দন! আপনি যদি ইচ্ছা করেন, তবে অবশ্যই আপনি এ বিপদের নিবৃত্তি করিতে পারেন। কারণ, এবিষয়ে শান্তিস্থাপন করা দুষ্কর বলিয়া আমার মনে হয় না ॥১২॥

রাজা কুরুনন্দন নরনাথ! শান্তিস্থাপন করাটা আপনার অধীন ও আমার

আজ্ঞা তব হি রাজেন্দ্র! কার্য্যা পুত্রৈঃ সহান্বয়ৈঃ।
হিতং বলবদপ্যেষাং তিষ্ঠতাং তব শাসনে ॥১৪॥
তব চৈব হিতং রাজন্! পাণ্ডবানামথো হিতম্।
শমে প্রয়তমানস্য তব শাসনকাঙ্ক্ষিণঃ ॥১৫॥
স্বয়ং নিষ্ফলমালক্ষ্য সংবিধৎস্ব বিশাংপতে!।
সহায়ভূতা ভরতাস্তবৈব স্যুর্জনেশ্বর! ॥১৬॥
ধর্ম্মার্থয়োস্তিষ্ঠ রাজন্! পাণ্ডবৈরভিরক্ষিতঃ।
ন হি শক্যাস্তথাভূতা যত্নাদপি নরাধিপ! ॥১৭॥
নহি ত্বাং পাণ্ডবৈর্জেতুং রক্ষ্যমাণং মহাত্মভিঃ।
ইন্দ্রোঽপি দেবৈঃ সহিতঃ প্রসহেত কুতো নৃপাঃ ॥১৮॥

ভারতকৌমুদী

আজ্ঞেতি। সহান্বয়ৈঃ সানুচরৈঃ। হিতং ভবিষ্যতি, বলবৎ অত্যন্তম্ ॥১৪॥
তবেতি। প্রযতমানস্য সতঃ, শাসনকাঙ্ক্ষিণঃ পুত্রাণাং শাসনং কর্ত্তুমিচ্ছতঃ ॥১৫॥
স্বয়মিতি। নিষ্ফলং বিবাদম্। সংবিধৎস্ব সন্ধিং কুরু। ভবতাঃ পাণ্ডবাঃ ॥১৬॥
ধর্ম্মেতি। তথাভূতাঃ পাণ্ডবসদৃশা বীরাঃ, যত্নাদপি লব্ধুং নহি শক্যাঃ ॥১৭॥
নহীতি। প্রসহেত শক্নুয়াৎ। নৃপা অপরে মর্ত্ত্যবাসিনো রাজানঃ ॥১৮॥

অধীন। সুতরাং আপনি আপনার পুত্রগণকে সৎপথে স্থাপন করুন, আমিও পাণ্ডবগণকে সৎপথে স্থাপন করিব ॥১৩॥

রাজশ্রেষ্ঠ! আপনার পুত্রেরা অনুচরবর্গের সহিতই আপনার আদেশ পালন করিবেন। কারণ, আপনার আদেশের অধীন হইয়া থাকিলে, ইঁহাদের গুরুতর মঙ্গলই হইবে ॥১৪॥

রাজা! আপনি যদি আপনার পুত্রগণের শাসন করিবার ইচ্ছা করেন এবং সন্ধি করিবার জন্য চেষ্টা করেন, তবে আপনারও হিত হইবে, পাণ্ডবগণেরও হিত হইবে ॥১৫॥

নরনাথ! আপনি নিজেই বিবাদটাকে নিষ্ফল মনে করিয়া সন্ধি করুন। তাহা হইলে পাণ্ডবেরা আপনারই সহায় হইবেন ॥১৬॥

রাজা! আপনি পাণ্ডবগণকর্তৃক সর্ব্বতোভাবে রক্ষিত থাকিয়া ধর্ম্মানুষ্ঠানে এবং অর্থসম্পাদনে প্রবৃত্ত থাকুন। দেখুন—পাণ্ডবদের ন্যায় বীরগণকে যত্ন করিয়াও সহায় করা যায় না ॥১৭॥

---

(১৬) স্বয়ং নিষ্ফলমালক্ষ্য…পি। (১৭)…পাণ্ডবৈরভিবীক্ষিতঃ…পি।

যত্র ভীষ্মশ্চ দ্রোণশ্চ কৃপঃ কর্ণো বিবিংশতিঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সোমদত্তোঽথ বাহ্লিকঃ ॥১৯॥
সৈন্ধবশ্চ কলিঙ্গশ্চ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
যুধিষ্ঠিরো ভীমসেনঃ সব্যসাচী যমৌ তথা ॥২০॥
সাত্যকিশ্চ মহাতেজা যুযুৎসুশ্চ মহারথঃ।
কো নু তান্ বিপরীতাত্মা যুধ্যেত ভরতর্ষভ! ॥২১॥

(বিশেষকম্)

লোকস্যেশ্বরতাং ভূয়ঃ শত্রুভিশ্চাপ্যধৃষ্যতাম্।
প্রাপ্স্যসি ত্বমমিত্রঘ্ন! সহিতঃ কুরুপাণ্ডবৈঃ ॥২২॥
তস্য তে পৃথিবীপালাস্ত্বৎসমাঃ পৃথিবীপতে!।
শ্রেয়াংসশ্চৈব রাজানঃ সন্ধাস্যন্তে পরন্তপ! ॥২৩॥

ভারতকৌমুদী

যত্রেতি। যত্র পক্ষে। সৈন্ধবো জয়দ্রথঃ। সব্যসাচী অর্জুনঃ, যমৌ নকুলসহদেবৌ বিপরীতাত্মা বিপরীতবুদ্ধির্জনঃ ॥১৯—২১॥

লোকস্যেতি। ভূয়ো বহুলং যথা স্যাত্তথা প্রাপ্স্যসি। সহিতো মিলিতঃ ॥২২॥

তস্যেতি। শ্রেয়াংসস্ত্বদপেক্ষয়া শ্রেষ্ঠাঃ, সন্ধাস্যন্তে সন্ধিং করিষ্যন্তি ॥২৩॥

ভারতভাবদীপঃ

বলবৎ অত্যন্তম্ এষামেব অপি শব্দ এবার্থে ॥১৪॥ শাসনকাঙ্ক্ষিণঃ পুত্রান্ শাসিতুমিচ্ছত-স্তব ॥১৫॥ নিষ্ফলং নৈবং সংবিধৎস্ব শমং কুরু ॥১৬—২২॥ পাণ্ডবৈঃ সহ সন্ধাস্যন্তে সন্ধিং

মহাত্মা পাণ্ডবেরা আপনাকে রক্ষা করিতে থাকিলে, দেবগণের সহিত মিলিত হইয়া স্বয়ং ইন্দ্রও আপনাকে জয় করিতে সমর্থ হইবেন না; তাহাতে রাজগণ আর কি করিয়া সমর্থ হইবেন ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! যে পক্ষে ভীষ্ম, দ্রোণ, কৃপ, কর্ণ, বিবিংশতি, অশ্বত্থামা, বিকর্ণ, সোমদত্ত, বাহ্লিক, জয়দ্রথ, কলিঙ্গরাজ, কাম্বোজরাজ, সুদক্ষিণ, যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল সহদেব, মহাতেজা সাত্যকি এবং মহারথ যুযুৎসু থাকিবেন, তাঁহাদের সহিত যুদ্ধ করিবার জন্য কোন্ বিপরীতবুদ্ধি লোক ইচ্ছা করিবে? ॥১৯—২১॥

শত্রুনাশক! আপনি কৌরব ও পাণ্ডব এই উভয়পক্ষের সহিত মিলিত হইয়া জগতের প্রভুত্ব এবং শত্রুগণের অজেয়ত্ব সম্পূর্ণরূপে লাভ করিবেন ॥২২॥

পরন্তপ রাজা! তখন আপনার সমকক্ষ রাজারা এবং আপনা অপেক্ষা প্রবল রাজারাও আপনার সহিত সন্ধি করিবেন ॥২৩॥

স ত্বং পুত্রৈশ্চ পৌত্রৈশ্চ পিতৃভির্ভ্রাতৃভিস্তথা।
সুহৃদ্ভিঃ সর্বতো গুপ্তঃ সুখং শক্ষ্যসি জীবিতুম্ ॥২৪॥
এতানেব পুরোধায় সৎকৃত্য চ যথা পুরা।
অখিলাং ভোক্ষ্যসে সর্ব্বাং পৃথিবীং পৃথিবীপতে! ॥২৫॥
এতৈর্হি সহিতঃ সর্বৈঃ পাণ্ডবৈঃ স্বৈশ্চ ভারত!।
অন্যান্ বিজেষ্যসে শত্রূনেষ স্বার্থস্তবাখিলঃ ॥২৬॥
তৈরেবোপার্জিতাং ভূমিং ভোক্ষ্যসে চ পরন্তপ!।
যদি সম্পৎস্যসে পুত্রৈঃ সহামাত্যৈর্নরাধিপ! ॥২৭॥
সংযুগে বৈ মহারাজ! দৃশ্যতে সুমহান্ ক্ষয়ঃ।
ক্ষয়ে চোভয়তো রাজন্! কং ধর্ম্মমনুপশ্যসি ॥২৮॥
পাণ্ডবৈর্নিহতৈঃ সংখ্যে পুত্রৈর্ব্বাপি মহাবলৈঃ।
যদ্বিন্দেথাঃ সুখং রাজন্! তদ্ব্রূহি ভরতর্ষভ! ॥২৯॥

ভাবতকৌমুদী

স ইতি। পিতৃভির্ভীষ্মাদিভিঃ। গুপ্তো রক্ষিতঃ ॥২৪॥
এতানিতি। এতান্ পাণ্ডবানেব। অখিলাং নির্বিঘ্নাম্ ॥২৫॥
এতৈরিতি। স্বৈঃ পুত্রাদিভিঃ। স্বার্থঃ সম্পন্নো ভবিষ্যতীতি শেষঃ ॥২৬॥
তৈরিতি। তৈঃ শত্রুভিঃ। সম্পৎস্যসে মিলিতো ভবিষ্যসি, পুত্রৈঃ পাণ্ডবাদিভিঃ ॥২৭॥
সংযুগ ইতি। সংযুগে যুদ্ধে। দৃশ্যতে সম্ভাব্যতে ॥২৮॥
পাণ্ডবৈরিতি। সংখ্যে যুদ্ধে। বিন্দেথা লভেথাঃ ॥২৯॥

সুতরাং আপনি তখন পুত্র, পৌত্র, পিতা, ভ্রাতা ও সুহৃদ্‌গণকর্ত্তৃক সর্ব্বপ্রকারে রক্ষিত থাকিয়া সুখে জীবনযাত্রা নির্বাহ করিতে পারিবেন ॥২৪॥

রাজা! আপনি পূর্ব্বের ন্যায় এই পাণ্ডবগণকেই সম্মুখে রাখিয়া এবং উঁহাদের আদর করিয়া নির্বিঘ্নে সমগ্র পৃথিবী ভোগ করিতে পারিবেন ॥২৫॥

ভরতনন্দন! এই পাণ্ডবগণ এবং আপন পুত্রগণের সহিত মিলিত হইয়া আপনি অন্য শত্রুদিগকে জয় করিতে পারিবেন; এই স্বার্থ আপনার সম্পূর্ণ হইবে ॥২৬॥

পরন্তপ রাজা! আপনি যদি অমাত্যবর্গ ও পাণ্ডবাদি পুত্রগণের সঙ্গে মিলিত হন, তবে শত্রুগণের অর্জ্জিত ভূমিও আপনি ভোগ করিতে পারিবেন ॥২৭॥

মহারাজ! পক্ষান্তরে যুদ্ধে মহামারীরই সম্ভাবনা করিতে হয়। সুতরাং রাজা! উভয়পক্ষের মহামারীতে আপনি কি ধর্ম্ম দেখিতেছেন? ॥২৮॥

---

(২৬) এতৈর্হি সহিতৈঃ সর্ব্বৈঃ··· পি।

শূরাশ্চ হি কৃতাস্ত্রাশ্চ সর্বে যুদ্ধাভিকাঙ্ক্ষিণঃ।
পাণ্ডবাস্তাবকাশ্চৈব তান্ রক্ষ মহতো ভয়াৎ ॥৩০॥
ন পশ্যেম কুরূন্ সর্ব্বান্ পাণ্ডবাংশ্চৈব সংযুগে।
ক্ষীণানুভয়তঃ শূরান্ রথিনো রথিভির্হতান্ ॥৩১॥
সমবেতাঃ পৃথিব্যাং হি রাজানো রাজসত্তম !।
অমর্ষবশমাপন্না নাশয়েযুরিমাঃ প্রজাঃ ॥৩২॥
ত্রাহি রাজন্নিমং লোকং ন নশ্যেযুরিমাঃ প্রজাঃ।
ত্বয়ি প্রকৃতিমাপন্নে শেষঃ স্যাৎ কুরুনন্দন ! ॥৩৩॥
শুক্লা বদান্যা হ্রীমন্ত আর্য্যাঃ পুণ্যাভিজাতয়ঃ।
অন্যোন্যসচিবা রাজন্ ! তান্ পাহি মহতো ভয়াৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

শূরা ইতি। কৃতাস্ত্রাঃ শিক্ষিতাস্ত্রাঃ। তাবকাঃ তব পুত্রাঃ ॥৩০॥
নেতি। ন পশ্যেমেতি কাকুঃ পশ্যেমৈবেত্যর্থঃ উভয়ত উভয়োঃ পক্ষয়োঃ ॥৩১॥
সমিতি। অমর্ষবশমাপন্নাঃ ক্রুদ্ধাঃ। প্রজাঃ সৈন্যজনান্ ॥৩২॥
ত্রাহীতি। প্রকৃতিং লোভত্যাগেন স্বভাবম্। শেষঃ অবশিষ্টঃ স্থায়ীত্যর্থঃ ॥৩৩॥
শুক্লা ইতি। শুক্লা নির্দ্দোষাঃ, বদান্যা দাতারঃ, হ্রীমন্তঃ অকার্য্যকরণে লজ্জাবন্তঃ, আর্য্যাঃ সভ্যাঃ, পুণ্যাভিজাতয়ঃ পবিত্রকুলজাতাঃ, অন্যোন্যসচিবাঃ পরস্পরসুহৃদঃ ॥৩৪॥

ভরতশ্রেষ্ঠ রাজা ! মহাবল পাণ্ডবেরা কিংবা আপনার পুত্রেরা যুদ্ধে নিহত হইলে আপনি যে সুখ পাইবেন, তাহার কথা বলুন—দেখি ॥২৯॥

বীর ও অস্ত্রে সুশিক্ষিত পাণ্ডবগণ এবং আপনার পুত্রগণ সকলেই যুদ্ধাভিলাষী হইয়াছেন। সুতরাং আপনি তাঁহাদিগকে মহাভয় হইতে রক্ষা করুন ॥৩০॥

রথীরা রথীদিগকে এবং অপর বীরগণকে নিহত করিবেন ; সেই অবস্থায় সকল কৌরব, সকল পাণ্ডব এবং উভয়পক্ষেরই সকল বীরকে যুদ্ধে ক্ষয় পাইতে দেখিব না কি ? ॥৩১॥

রাজশ্রেষ্ঠ ! পৃথিবীর রাজারা সমবেত হইয়াছেন। সুতরাং ইহারা ক্রুদ্ধ হইয়া এই সৈন্যগণকে ধ্বংস করিবেন ॥৩২॥

রাজা ! আপনি এই লোকগুলিকে রক্ষা করুন, ইহারা যেন নষ্ট হয় না, আপনি প্রকৃতিস্থ হইলে ইহারা বাঁচিবে ॥৩৩॥

ইহারা নির্দ্দোষ, বদান্য, লজ্জাশীল, সভ্য, সৎকুলোৎপন্ন এবং পরস্পর পর-

---

(৩৩) শেষঃ স্যাৎ কুরুনন্দন !—পি।

শিবেনেমে ভূমিপালাঃ সমাগম্য পরস্পরম্।
সহ ভুক্ত্বা চ পীত্বা চ প্রতিযান্তু যথাগৃহম্ ॥৩৫॥
সুবাসসঃ স্রগ্বিনশ্চ সৎকৃতা ভরতর্ষভ !।
অমর্ষঞ্চ নিরাকৃত্য বৈরাণি চ পরন্তপ ! ॥৩৬॥ (যুগ্মকম্)
হার্দ্দং যৎ পাণ্ডবে ত্বাসীৎ প্রাপ্তেঽস্মিন্নায়ুষঃ ক্ষয়ে।
তদেব তে ভবত্বদ্য সন্ধৎস্ব ভরতর্ষভ ! ॥৩৭॥
বালা বিহীনাঃ পিত্রা তে ত্বয়ৈব পরিবর্দ্ধিতাঃ।
তান্ পালয় যথান্যায়ং পুত্রাংশ্চ ভরতর্ষভ ! ॥৩৮॥
ভবতৈব হি রক্ষ্যাস্তে ব্যসনেষু বিশেষতঃ।
মা তে ধর্ম্মস্তথৈবার্থো নশ্যেত ভরতর্ষভ ! ॥৩৯॥
আহুস্ত্বাং পাণ্ডবা রাজন্নভিবাদ্য প্রসাদ্য চ।
ভবতঃ শাসনাদ্দুঃখমনুভূতং সহানুগৈঃ ॥৪০॥

ভারতকৌমুদী

শিবেনেতি। শিবেন কুশলেন। সমাগম্য মিলিত্বা। স্রগ্বিনো মাল্যবন্তঃ ॥৩৫—৩৬॥
হার্দ্দমিতি। হার্দ্দং স্নেহঃ। আয়ুষঃ ক্ষয়ে যুদ্ধনিবন্ধনে। সন্ধৎস্ব সন্ধিং কুরু ॥৩৭॥
বালা ইতি। তে পাণ্ডবাঃ। পুত্রান্ দুর্য্যোধনাদীন্ ॥৩৮॥
ভবতেতি। তে পাণ্ডবাঃ, ব্যসনেষু বিপৎসু ॥৩৯॥

স্পরের সহায়। সুতরাং রাজা! আপনি ইহাদিগকে মহাভয় হইতে রক্ষা করুন ॥৩৪॥

পরন্তপ ভরতশ্রেষ্ঠ! এই রাজারা সুন্দর বস্ত্র ও মাল্য ধারণ করিয়া, আপনাদের নিকট আদর পাইয়া, ক্রোধ ও শত্রুতা পরিত্যাগ করিয়া, পরস্পর মিলিত হইয়া একসঙ্গে পান ও ভোজন করিয়া মঙ্গলে মঙ্গলে আপন আপন গৃহে প্রতিগমন করুন ॥৩৫—৩৬॥

ভরতশ্রেষ্ঠ! পূর্বে পাণ্ডবগণের উপরে আপনার যে স্নেহ ছিল, এই আয়ুক্ষয়ের সময়েও তাঁহাদের উপরে আপনার সেই স্নেহই হউক; আপনি সন্ধি করুন ॥৩৭॥

রাজা! পিতৃহীন বালক পাণ্ডবগণকে আপনিই পরিবর্দ্ধিত করিয়াছিলেন। অতএব এখনও তাঁহাদিগকে এবং আপন পুত্রগণকে ন্যায় অনুসারে পালন করুন ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ! বিপদের সময়ে বিশেষভাবে পাণ্ডবগণকে রক্ষা করা আপনারই উচিত; আর আপনার ধর্ম্ম ও অর্থ যেন নষ্ট হয় না ॥৩৯॥

দ্বাদশেমানি বর্ষাণি বনে নির্ব্যুষিতানি নঃ।
ত্রয়োদশং তথাঽজ্ঞাতৈঃ সজনে পরিবৎসরম্ ॥৪১॥
স্থাতা নঃ সময়ে তস্মিন্ পিতেতি কৃতনিশ্চয়াঃ।
নাহাস্ম সময়ং তাত! তচ্চ নো ব্রাহ্মণা বিদুঃ ॥৪২॥
তস্মিন্ নঃ সময়ে তিষ্ঠ স্থিতানাং ভরতর্ষভ!।
নিত্যং সংক্লেশিতা রাজন্! স্বরাজ্যাংশং লভেমহি।
ত্বং ধর্ম্মমর্থং সংজানন্ সম্যঙ্ নস্ত্রাতুমর্হসি ॥৪৩॥
গুরুত্বং ভবতি প্রেক্ষ্য বহূন্ ক্লেশাংস্তিতিক্ষ্মহে।
স ভবান্ মাতৃপিতৃবদস্মাসু প্রতিপদ্যতাম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

আহুরিতি। প্রসাদ্য অনুনয়েন প্রসন্নীকৃত্য। শাসনাদাদেশাৎ ॥৪০॥

দ্বাদশেতি। নির্ব্যুষিতানি স্থিতানি, নঃ অস্মাভিঃ। সজনে বিরাটনগরে ॥৪১॥

স্থাতেতি। নঃ অস্মাকম্, পিতা ভবান্, তস্মিন্ বনবাসাজ্ঞনন্তরং রাজ্যপ্রত্যর্পণবিষয়কে, সময়ে শপথে, স্থাতা স্থাস্যতি, ইতি কৃতনিশ্চয়া বয়মপি, সময়ং বনবাসাদিবিষয়ং শপথম্, নাহাস্ম ন ত্যক্তবন্তঃ। হে তাত। তচ্চ নঃ অস্মাকং সময়াহানম্, সহচারিণো ব্রাহ্মণাঃ, বিদুর্জানন্তি। অত এবেদানীং ভবানপি তং সময়ং পালয়ত্বিতি ভাবঃ ॥৪২॥

তস্মিন্নিতি। হে ভরতর্ষভ! সময়ে দ্যূতকালীনশপথে, স্থিতানাম্, নঃ অস্মাকং সম্বন্ধে, ত্বমপি তস্মিন্ সময়ে তিষ্ঠ। ত্রাতুমর্হসি স্বাংশদানেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৩॥

গুরুত্বমিতি। ভবতি ত্বয়ি। তিতিক্ষ্মহে সহামহে। প্রতিপদ্যতাং স্নেহং কুরুতাম্ ॥৪৪॥

রাজা! পাণ্ডবেরা অভিবাদনপূর্ব্বক প্রসন্ন করিয়া আপনাকে বলিয়া দিয়াছেন যে, 'আমরা আপনারই আদেশে অনুচরবর্গের সহিত দুঃখ ভোগ করিয়াছি ॥৪০॥

আমরা এই বার বৎসর বনে বাস করিয়াছি এবং লোকপূর্ণ বিরাটনগরে একবৎসর অজ্ঞাত বাস করিয়াছি ॥৪১॥

আপনি আমাদের জ্যেষ্ঠতাত; সুতরাং আপনি আমাদের সম্বন্ধে সেই শপথ অবশ্যই পালন করিবেন; এইরূপ কৃতনিশ্চয় হইয়া আমরাও সে শপথ ভঙ্গ করি নাই, আমাদের সহচর ব্রাহ্মণেরা সে বৃত্তান্ত জানেন ॥৪২॥

অতএব ভরতশ্রেষ্ঠ রাজা! আমরা সে শপথ পালন করিয়াছি, আপনিও পালন করুন। তাহা হইলে, আমরা সর্ব্বদা গুরুতর কষ্ট ভোগ করিয়াছি, এখন আপন রাজ্যের ভাগ লাভ করিতে পারিব। আপনি ধর্ম্ম ও অর্থ জানেন বলিয়া আমাদিগকে সম্পূর্ণভাবে রক্ষা করুন ॥৪৩॥

গুরোর্গরীয়সী বৃত্তির্যা চ শিষ্যস্য ভারত!।
বর্ত্তামহে ত্বয়ি চ তাং ত্বঞ্চ বর্ত্তস্ব নস্তথা ॥৪৫॥
পিত্রা স্থাপয়িতব্যা হি বয়মুৎপথমাস্থিতাঃ।
সংস্থাপয় পথিষ্বস্মাংস্তিষ্ঠ ধর্ম্মে সুবর্ত্মনি ॥৪৬॥
আহুশ্চেমাং পরিষদং পুত্রাস্তে ভরতর্ষভ!।
ধর্ম্মজ্ঞেষু সভাসৎসু নেহ যুক্তমসাম্প্রতম্ ॥৪৭॥
যত্র ধর্ম্মো হ্যধর্ম্মেণ সত্যং যত্রানৃতেন চ।
হন্যতে প্রেক্ষমাণানাং হতাস্তত্র সভাসদঃ ॥৪৮॥
বিদ্ধো ধর্ম্মো হ্যধর্ম্মেণ সভাং যত্র প্রপদ্যতে।
ন চাস্য শল্যং কৃন্তন্তি বিদ্ধাস্তত্র সভাসদঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

গুরোরিতি। গরীয়সী গৌরবপ্রযোজিকা। বর্ত্তস্ব স্নেহকারী ভব ॥৪৫॥
পিত্রেতি। বয়মিতি দুর্য্যোধনাদয় এব লক্ষ্যাঃ। এবমস্মানিত্যপি ॥৪৬॥
আহুরিতি। পুত্রাঃ পাণ্ডবাঃ। অসাম্প্রতমযুক্তং কার্য্যম্ ॥৪৭॥
যত্রেতি। যত্র সভায়াম্। প্রেক্ষমাণানাং প্রেক্ষমাণান্ সভাসদঃ অনাদৃত্য ॥৪৮॥

ভারতভাবদীপঃ

কবিস্তুতি ॥১৩—২৪॥ অখিলাং নিষ্কণ্টকাম্ ॥২৫—৩২॥ প্রকৃতিং সত্ত্বগুণম্ ॥৩৩—৩৬॥ হার্দ্দং প্রীতিঃ আসীৎ পূর্ব্ববাল্যে ॥৩৭—৪১॥ স্থাতা স্থাস্তুতি ॥৪২—৪৪॥ গুরোঃ

আপনি গুরু বলিয়া (আপনার আদেশে) আমরা বহুতর কষ্ট সহ্য করিয়াছি। সুতরাং আপনিও আমাদের উপরে পিতা ও মাতার ন্যায় ব্যবহার করুন ॥৪৪॥

ভরতনন্দন! গুরুর উপরে শিষ্যের যে গৌরব করা উচিত, তাহা আপনার উপরে আমরা করিয়া আসিতেছি। সুতরাং আপনিও আমাদের উপরে শিষ্যের ন্যায়ই ব্যবহার করুন ॥৪৫॥

আপনি পিতা, আমরাও বিপথে চলিয়াছি। সুতরাং আমাদিগকে সৎপথে স্থাপন করা আপনার উচিত। অতএব আপনি আমাদিগকে সৎপথে স্থাপন করুন এবং নিজেও ধর্ম্মে ও সৎপথে থাকুন' ॥৪৬॥

ভরতশ্রেষ্ঠ! আপনার পুত্রেরা (পাণ্ডবেরা) এই সভাকে লক্ষ্য করিয়াও বলিয়াছেন—'ধর্ম্মজ্ঞ সভাসদ্গণের অসঙ্গত কার্য্য করা উচিত নহে ॥৪৭॥

যে সভায় সভাসদ্গণের সমক্ষেই অধর্ম্ম ধর্ম্মকে এবং মিথ্যা সত্যকে বিনষ্ট করে, সে সভায় সভাসদেরাই বিনষ্ট হন ॥৪৮॥

ধর্ম্ম এতানারুজতি যথা নদ্যনুকূলজান্ ।
যে ধর্ম্মমনুপশ্যন্তস্তূষ্ণীং ধ্যায়ন্ত আসতে ॥৫০॥
তে সত্যমাহুর্ধর্ম্ম্যঞ্চ ন্যায্যঞ্চ ভরতর্ষভ ! ।
শক্যং কিমন্যদ্বক্তুং তে দানাদন্যজ্জনেশ্বর ! ॥৫১॥ (যুগ্মকম্)
ব্রুবন্তু তে মহীপালা সভায়াং যে সমাসতে ।
ধর্ম্মার্থৌ সম্প্রধার্য্যৈব যদি সত্যং ব্রবীম্যহম্ ॥৫২॥
প্রমুঞ্চেমান্ মৃত্যুপাশাৎ ক্ষত্রিয়ান্ পুরুষর্ষভ ! ।
প্রশাম্য ভরতশ্রেষ্ঠ ! মা মন্যুবশমন্বগাঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

বিদ্ধ ইতি। যত্র অধর্ম্মেণ বিদ্ধ আহতো ধর্ম্মঃ সভাং প্রপদ্যতে; কিন্তু সভাসদঃ, অস্য ধর্ম্মস্য, শল্যং শল্যবৎ পীড়াকরম্ অধর্ম্মবেধম্, ন কৃন্তন্তি ন ছিন্দন্তি, তত্র সভাসদোঽপি, বিদ্ধাস্তেনাধর্ম্মেণাহতা ভবন্তি ॥৪৯॥

ধর্ম্ম ইতি। এতান্ সভ্যান্, আরুজতি ছিনত্তি ভনক্তি চ, অনুকূলজান্ তীরে জাতান্ বৃক্ষান্। যে পাণ্ডবাঃ। তূষ্ণীমাসতে অবতিষ্ঠন্তে। আহুঃ রাজ্যার্দ্ধদানম্। শক্যং যোগ্যমপি। দানাৎ রাজ্যার্দ্ধপ্রত্যর্পণাৎ। তেনৈব শান্তিসম্ভবাৎ ॥৫০—৫১॥

ব্রুবন্ত্বিতি। সমাসতে অবতিষ্ঠন্তে। যদি শব্দঃ সম্ভাবনায়াম্ ॥৫২॥

প্রমুঞ্চেতি। প্রশাম্য শান্তো ভব। মা মন্যুবশমন্বগা লোভবশং ন গচ্ছ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

তত্রৈ ॥৪৫—৪৬॥ পুবিষদঃ ধর্ম্মজনতাঃ পুত্রাঃ পাণ্ডবাঃ ॥৪৭—৪৯॥ আরুজতি ছিনত্তি অনুকূলজান্ কূলং কূলসমীপস্থং জাতান্ দ্রুমাদীন্ ॥৫০॥ যে পাণ্ডবাঃ তূষ্ণীমাসতে কালং নির্ব্বাহ

যেখানে সভায় ধর্ম্ম অধর্ম্মকর্তৃক আহত হয়, কিন্তু সভ্যেরা সে আঘাতের প্রতিবিধান করেন না, সেখানে সভ্যেরাও অধর্ম্মাহত হন ॥৪৯॥

নদী যেমন তীরজাত বৃক্ষ সকল ভগ্ন করে, সেইরূপ ধর্ম্মই এই সভ্যগণকে বিধ্বস্ত করে।' ভরতশ্রেষ্ঠ! যাঁহারা ধর্ম্মের দিকে লক্ষ্য রাখিয়া, কেবল কর্ত্তব্য বিষয়ের চিন্তা করিতে থাকিয়া নীরবে রহিয়াছেন, সেই পাণ্ডবেরা রাজ্যার্দ্ধপ্রত্যর্পণের কথা সত্য, ধর্ম্মসঙ্গত ও ন্যায়সঙ্গতই বলিতেছেন। নরনাথ! আমিও রাজ্যার্দ্ধপ্রত্যর্পণভিন্ন আপনার নিকট আর কি বলিতে পারি? ॥৫০—৫১॥

যাঁহারা সভায় রহিয়াছেন, সেই রাজারাও বলুন যে, আমি ধর্ম্ম ও অর্থ নির্ণয় করিয়া সত্য বলিতেছি কি না ॥৫২॥

পুরুষপ্রধান! ভরতশ্রেষ্ঠ! আপনি এই ক্ষত্রিয়গণকে মৃত্যুপাশ হইতে মুক্ত করুন, শান্ত হউন, লোভের বশীভূত হইবেন না ॥৫৩॥

পিত্র্যং তেভ্যঃ প্রদায়াংশং পাণ্ডবেভ্যো যথোচিতম্।
ততঃ সপুত্রঃ সিদ্ধার্থো ভুঙ্‌ক্ষ্ব ভোগান্ পরন্তপ! ॥৫৪॥
অজাতশত্রুং জানীষে স্থিতং ধর্ম্মে সতাং সদা।
সপুত্রে ত্বয়ি বৃত্তিঞ্চ বর্ত্ততে যাং নরাধিপ! ॥৫৫॥
দাহিতশ্চ নিরস্তশ্চ ত্বামেবোপাশ্রিতঃ পুনঃ।
ইন্দ্রপ্রস্থং ত্বয়ৈবাসৌ সপুত্রেণ বিবাসিতঃ ॥৫৬॥
স তত্র নিবসন্ সর্বান্ বশমানীয় পার্থিবান্।
ত্বন্মুখানকরোদ্রাজন্! ন চ ত্বামত্যবর্ত্তত ॥৫৭॥
তস্যৈবং বর্ত্তমানস্য সৌবলেন জিহীর্ষতা।
রাষ্ট্রাণি ধনধান্যঞ্চ প্রযুক্তঃ পরমোপধিঃ ॥৫৮॥

ভাবতকৌমুদী

পিত্র্যমিতি। পিত্র্যং পিতৃত আগতম্। সিদ্ধার্থো নিষ্পন্নপ্রযোজনঃ ॥৫৪॥

অজাতেতি। অজাতশত্রুং যুধিষ্ঠিবম্। যাং বৃত্তিং বর্ত্ততে অনুবর্ত্ততে তাঞ্চ জানীষে ॥৫৫॥

দাহিত ইতি। দাহিতো জতুগৃহে, পুনস্ত্বামেবোপাশ্রিতঃ, নিবস্তো বনে-নির্বাসিতঃ, পুনস্ত্বামেবোশ্রিতঃ। সপুত্রেণ দুর্য্যোধনাদিনা সহ, বিবাসিতঃ প্রেবিতঃ ॥৫৬॥

স ইতি। ত্বন্মুখান্ ভবদনুকূলান্। অত্যবর্ত্তত অত্যক্রামৎ ॥৫৭॥

তস্যেতি। সৌবলেন শকুনিনা। পবমোপধিঃ দ্যূতে মহাচ্ছলম্ ॥৫৮॥

পবন্তপ! আপনি পাণ্ডবগণকে ন্যায্য পৈতৃক অংশ প্রত্যর্পণ কবিয়া তৎপবে পুত্রগণের সহিত সিদ্ধকাম হইয়া সুখভোগ কবিতে থাকুন ॥৫৪॥

নবনাথ! যুধিষ্ঠিব যে সর্ব্বদা সাধুধর্ম্মে অবস্থান কবিতেছেন এবং পুত্রগণের সহিত আপনাব উপবে যে ব্যবহাব কবিতেছেন, তাহা আপনি জানেন ॥৫৫॥

আপনি জতুগৃহে যুধিষ্ঠিনকে দগ্ধ করিবার চেষ্টা কবিয়াছিলেন; তথাপি তিনি আবাব আসিযা আপনারই আশ্রয় লইয়াছিলেন; তা'ব পবে বনে পাঠাইয়াছিলেন, আবাবও আসিয়া আপনারই আশ্রয় লইতেছেন এবং মধ্যে পুত্রগণেব সহিত মিলিত হইযা আপনি উঁহাকে ইন্দ্রপ্রস্থে প্রেবণ কবিয়াছিলেন ॥৫৬॥

রাজা! তিনি ইন্দ্রপ্রস্থে থাকিয়া সকল বাজাকে বশীভূত করিয়া আপনাব অনুগভ কবিয়াছিলেন; কিন্তু আপনাকে অতিক্রম কবেন নাই ॥৫৭॥

---

(৫৭) স তত্রবিবসন্…বা ব বা নি।

স তামবস্থাং সম্প্রাপ্য কৃষ্ণাং প্রেক্ষ্য সভাগতাম্।
ক্ষত্রধর্ম্মাদমেয়াত্মা নাকম্পত যুধিষ্ঠিরঃ ॥৫৯॥
অহন্তু তব তেষাঞ্চ শ্রেয় ইচ্ছামি ভারত!।
ধর্ম্মাদর্থাৎ সুখাচ্চৈব মা রাজন্! নীনশঃ প্রজাঃ ॥৬০॥
অনর্থমর্থং মন্বানোঽপ্যর্থঞ্চানর্থমাত্মনঃ।
লোভেঽতিপ্রসৃতান্ পুত্রান্ নিগৃহ্লীষ বিশাংপতে! ॥৬১॥
স্থিতাঃ শুশ্রূষিতুং পার্থাঃ স্থিতা যোদ্ধুমরিন্দমাঃ।
যত্তে পথ্যতমং রাজংস্তস্মিংস্তিষ্ঠ পরন্তপ! ॥৬২॥

ভাবতকৌমুদী

স ইতি। অমেয়াত্মা অজ্ঞেয়হৃদয়ঃ, নাকম্পত ন ব্যচলৎ ॥৫৯॥
অহমিতি। মা নীনশঃ ন নাশয় ন ভ্রংশয়েত্যর্থঃ, প্রজা জনান্ ॥৬০॥
অনর্থমিতি। মন্বানো মন্যমানঃ। অতিপ্রসৃতান্ অতিশয়েন প্রস্থিতান্ ॥৬১॥
স্থিতা ইতি। শুশ্রূষিতুং সন্ধৌ সতি ভবন্তং সেবিতুম্। পথ্যতমং হিততমম্ ॥৬২॥

ভাবতভাবদীপঃ

ভবন্তো! বাজ্যাংশং লব্ধুমিচ্ছন্তি তে সত্যং ধর্ম্ম্যং ন্যায্যঞ্চাহুঃ ॥৫১—৫৫॥ দাহিতঃ জতুগৃহে নিবস্তো দ্যূতেন বাজ্যাদ্দূরীকৃতঃ ॥৫৬—৫৭॥ পবমোপধিঃ মহচ্ছদ্ম ॥৫৮—৬৩॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৮॥

——:০:——

তিনি এইভাবে চলিতে লাগিলেন, অথ চ শকুনি তাঁহাব রাজ্য, ধন ও ধান্য হবণ কবিবাব ইচ্ছা কবিয়া দ্যূতক্রীড়ায় অত্যন্ত কপটতা করিলেন ॥৫৮॥

অসাধারণ ধৈর্য্যশীল যুধিষ্ঠিব সেই অবস্থায় উপস্থিত হইয়াও এবং দ্রৌপদীকে সভাগত দেখিয়াও ক্ষত্রিয়ধর্ম্ম হইতে বিচলিত হইলেন না ॥৫৯॥

সে যাহা হউক, ভবতনন্দন! আমি আপনাব ও তাঁহাদেব মঙ্গলই ইচ্ছা করি। কিন্তু বাজা! আপনি লোকদিগকে ধর্ম্ম, অর্থ ও সুখ হইতে বিচ্যুত করিবেন না ॥৬০॥

নবনাথ! আপনি নিজের বিপদ্‌কে সম্পদ্ এবং সম্পদ্‌কে বিপদ্ মনে করিয়া লোভেব দিকে ধাবিত পুত্রগণকে দমন করুন ॥৬১॥

পবন্তপ রাজা! অরিন্দম পাণ্ডবেবা আপনাব সেবা কবিতেও প্রস্তুত, আবার যুদ্ধ কবিতেও প্রস্তুত। সুতবাং যাহা আপনাব বিশেষ হিত, তাহাই করুন' ॥৬২॥

(৫৯)…সভাং গতাম্ নি।

বৈশম্পায়ন উবাচ।

তদ্বাক্যং পার্থিবাঃ সর্ব্বে হৃদয়ৈঃ সমপূজয়ন্।
ন তত্র কশ্চিদ্বক্তুং হি বাচং প্রাক্রামদগ্রতঃ ॥৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি ভগবদ্যানে শ্রীকৃষ্ণবাক্যে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

উনননবতিতমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

তস্মিন্নভিহিতে বাক্যে কেশবেন মহাত্মনা।
স্তিমিতা হৃষ্টরোমাণ আসন্ সর্ব্বে সভাসদঃ ॥১॥
কশ্চিদুত্তরমেতেষাং বক্তুং নোৎসহতে পুমান্।
ইতি সর্ব্বে মনোভিস্তে চিন্তয়ন্তি স্ম পার্থিবাঃ ॥২॥

ভারতকৌমুদী

তদিতি। প্রাক্রামৎ আরভত, অগ্রতঃ প্রথমম্, দুর্য্যোধনভয়াদিতি ভাবঃ ॥৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্বণি ভগবদ্যানে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

তস্মিন্নিতি। স্তিমিতা নীরবাঃ, হৃষ্টরোমাণো বিস্ময়াদ্রোমাঞ্চিতদেহাঃ ॥১॥
কশ্চিদিতি। এতেষাং সভাসদাং মধ্যে, নোৎসহতে ন শক্নোতি স্ম ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—রাজারা সকলেই মনে মনে কৃষ্ণের সেই কথার প্রশংসা করিলেন; কিন্তু তখন কেহই প্রথমে কোন কথা বলিবার উপক্রম করিলেন না ॥৬৩॥

বৈশম্পায়ন বলিলেন—মহাত্মা কৃষ্ণ সেই সকল বাক্য বলিলে, সভ্যেরা সকলেই নীরব ও রোমাঞ্চিতদেহ হইয়া রহিলেন ॥১॥

কিন্তু তাঁহাদের মধ্যে কোন ব্যক্তিই কৃষ্ণের কথার উত্তর দিতে সমর্থ হইলেন না, কেবল সেই রাজারা সকলে মনে মনে এই বিষয়েই চিন্তা করিতে লাগিলেন ॥২॥

---

* '...পঞ্চনবতি তমোঽধ্যায়ঃ'—বা ব বা নি।

তথা তেষু চ সর্ব্বেষু তূষ্ণীম্ভূতেষু রাজসু।
জামদগ্ন্য ইদং বাক্যমব্রবীৎ কুরুসংসদি ॥৩॥
ইমাং মে সোপমাং বাচং শৃণু সত্যামশঙ্কিতঃ।
তাং শ্রুত্বা শ্রেয় আদৎস্ব যদি সাধ্বিতি মন্যসে ॥৪॥
রাজা দম্ভোদ্ভবো নাম সার্ব্বভৌমঃ পুরাঽভবৎ।
অখিলাং বুভুজে সর্ব্বাং পৃথিবীমিতি নঃ শ্রুতম্ ॥৫॥
স স্ম নিত্যং নিশাপায়ে প্রাতরুত্থায় বীর্য্যবান্।
ব্রাহ্মণান্ ক্ষত্রিয়ান্ বৈশ্যান্ পৃচ্ছন্নাস্তে মহারথঃ ॥৬॥
অস্তি কশ্চিদ্বিশিষ্টো বা মদ্বিধো বা ভবেদ্‌যুধি।
শূদ্রো বৈশ্যঃ ক্ষত্রিয়ো বা ব্রাহ্মণো বাপি শস্ত্রভৃৎ ॥৭॥
ইতি ব্রুবন্নম্বচরৎ স রাজা পৃথিবীমিমাম্।
দর্পেণ মহতা মত্তঃ কঞ্চিদন্যমচিন্তয়ন্ ॥৮॥

ভাবকৌমুদী

তথেতি। তথা তাদৃক্ তূষ্ণীম্ভূতেষু নীরবেষু স্থিতেষু সৎসু ॥৩॥

ইমামিতি। সোপমাং সোদাহরণাম্। শ্রেয়ো মঙ্গলম্, আদৎস্ব গৃহাণ ॥৪॥

নরনারায়ণাবতারয়োরর্জ্জুনকৃষ্ণয়োঃ প্রাধান্যমাবেদয়িতুমুপাখ্যানমবতারয়তি রাজেতি। অহো! মুনয়ঃ খলু তদানীমতীবগৌরবাস্পদান্যাসন্। অন্যথা ঈদৃশেঽবসরে ঈদৃশানাবশ্যক-বিস্তৃতোপাখ্যানাবস্থাদপি নিবার্য্যেরন্ নিঃসার্য্যেরন্ বা। সার্ব্বভৌমঃ প্রধানঃ। অখিলাং নির্বিঘ্নাম্ ॥৫॥

স ইতি। নিশাপায়ে রাত্র্যতিক্রমে। আস্তে স্ম ॥৬॥

কিং পৃচ্ছন্নাস্ত ইত্যাহ অস্তীতি। বিশিষ্টঃ প্রধানঃ ॥৭॥

সেই রাজারা সকলে সেইরূপ নীরব হইয়া রহিলে, পরশুরাম কৌরবসভায় এই কথা বলিলেন—॥৩॥

'রাজা! আপনি নিঃশঙ্কচিত্তে আমার এই উদাহরণযুক্ত সত্য বাক্য শ্রবণ করুন; তাহা শুনিয়া যদি ভাল মনে করেন, তবে মঙ্গলময় পথ অবলম্বন করুন ॥৪॥

আমাদের শুনা আছে—পূর্ব্বকালে 'দম্ভোদ্ভব'-নামে এক সার্বভৌম রাজা ছিলেন; তিনি নির্বিঘ্নে সমগ্র পৃথিবী ভোগ করিতেন ॥৫॥

বলবান্ ও মহারথ সেই রাজা রাত্রি অতীত হইলে প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণের নিকট প্রশ্ন করিতেন—॥৬॥

'যুদ্ধে আমা অপেক্ষা প্রধান কিংবা আমার সমান অস্ত্রধারী কোন ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র আছে কি?' ॥৭॥

তঞ্চ বৈদ্যা অকৃপণা ব্রাহ্মণাঃ সর্ব্বতোঽভয়াঃ।
প্রত্যষেধন্ত রাজানং শ্লাঘমানং পুনঃ পুনঃ ॥৯॥
নিষিধ্যমানোঽপ্যসকৃৎ পৃচ্ছত্যেব স বৈ দ্বিজান্।
অতিমানং শ্রিয়া মত্তং তমূচুর্ব্রাহ্মণাস্তদা ॥১০॥
তপস্বিনো মহাত্মানো বেদব্রতসমন্বিতাঃ।
উদীর্য্যমাণং রাজানং ক্রোধদীপ্তা দ্বিজাতয়ঃ ॥১১॥ (যুগ্মকম্)
অনেকজয়িনৌ সংখ্যে যৌ তৌ পুরুষসত্তমৌ।
তয়োস্ত্বং ন সমো রাজন্! ভবিতাসি কদাচন ॥১২॥
এবমুক্তঃ স রাজা তু পুনঃ পপ্রচ্ছ তান্ দ্বিজান্।
ক্ব তৌ বীরৌ ক্বজন্মানৌ কিংকর্ম্মাণৌ চ কৌ চ তৌ ॥১৩॥

ভারতকৌমুদী

ইতীতি। অব্রচবং বিচবিতুমৈচ্ছৎ। অচিন্তয়ন্ আত্মসদৃশত্বেনাভাবয়ন্ ॥৮॥

তমিতি। বৈদ্যা বিদ্যাবন্তঃ, অকৃপণা নির্ভয়ত্বেনাক্ষুদ্রহৃদয়াঃ। অভযা নির্ভয়াঃ ॥৯॥

নিষিধ্যেতি। অতিমানং মহাগর্বযুক্তম্, শ্রিয়া বলসম্পদা। উদীর্য্যমাণং গর্ব্বোদ্রিক্তচিত্তম্। ক্রোধেন দীপ্তা উত্তেজিতাঃ ॥১০—১১॥

অনেকেতি। সংখ্যে যুদ্ধে। তৌ প্রসিদ্ধৌ। সমঃ সমানঃ ॥১২॥

এবমিতি। ক্ব জন্ম যয়োস্তৌ, কিং কর্ম্ম যযোস্তৌ ॥১৩॥

মহাদর্পমত্ত সেই রাজা এই কথা বলিয়া অন্য কাহাকেও নিজের সমান মনে না করিয়া এই পৃথিবীতে বিচবণ কবিবাব ইচ্ছা করিলেন ॥৮॥

দম্ভোদ্ভবরাজা বাব বাব সেইরূপ আত্মশ্লাঘা কবিতে থাকিলে, বিদ্বান্, সর্বত্র নির্ভয়চিত্ত ও প্রবলহৃদয় ব্রাহ্মণেবা তাঁহাকে নিষেধ কবিলেন ॥৯॥

নিষেধ কবিলেও রাজা ব্রাহ্মণদের নিকট বাব বাব সেইরূপই প্রশ্ন কবিতেন; পবে একদা তপস্বী, মহাত্মা, বেদজ্ঞ ও ব্রতশালী ব্রাহ্মণেবা ক্রোধে উত্তেজিত হইয়া অতিদাম্ভিক, অতিগর্বিত ও বলমত্ত সেই বাজাকে বলিলেন—॥১০—১১॥

'রাজা! যুদ্ধে অনেকবীববিজয়ী সেই যে পুরুষশ্রেষ্ঠ দুই জন আছেন, আপনি কখনও তাঁহাদেব সমান হইবেন না' ॥১২॥

ব্রাহ্মণেরা এইরূপ বলিলে, সেই রাজা পুনবায় সেই ব্রাহ্মণদের নিকট জিজ্ঞাসা কবিলেন—'সেই বীব দুই জন কোথায় আছেন? কোথায় তাঁহাদেব জন্ম হইয়াছিল? তাঁহারা কি কবেন? তাঁহাদেব নামই বা কি?' ॥১৩॥

---

(৯) তঞ্চ বৈদ্যাঃ স্বকৃপণাঃ...পি। (১১)...বেদপ্রত্যয়দর্শিনঃ...বা ব বা নি। (১২)... যৌ বৈ...বা ব রা নি।

ব্রাহ্মণা ঊচুঃ।

নরো নারায়ণশ্চৈব তাপসাবিতি নঃ শ্রুতম্।
আয়াতৌ মানুষে লোকে তাভ্যাং যুধ্যস্ব পার্থিব! ॥১৪॥
শ্রূয়েতে তৌ মহাত্মানৌ নরনারায়ণাবুভৌ।
তপো ঘোরমনির্দ্দেশ্যং তপ্যেতে গন্ধমাদনে ॥১৫॥
স রাজা মহতীং সেনাং যোজয়িত্বা ষড়ঙ্গিনীম্।
অমৃষ্যমাণঃ সংপ্রায়াদ্‌যত্র তাবপরাজিতৌ ॥১৬॥
স গত্বা বিষমং ঘোরং পর্বতং গন্ধমাদনম্।
মার্গমাণোঽন্বগচ্ছত্তৌ তাপসৌ বনমাশ্রিতৌ ॥১৭॥
তৌ দৃষ্ট্বা ক্ষুৎপিপাসাভ্যাং কৃশৌ ধমনিসন্ততৌ।
শীতবাতাতপৈশ্চৈব কর্শিতৌ পুরুষোত্তমৌ ॥১৮॥

ভারতকৌমুদী

নর ইতি। আয়াতৌ স্বর্গাদিতি শেষঃ ॥১৪॥
শ্রূয়েতে ইতি। অনির্দ্দেশ্যমনির্বচনীয়ম্। গন্ধমাদনে গিরৌ ॥১৫॥
স ইতি। ষড়ঙ্গিনীং হস্ত্যশ্বরথপদাতিশকটোষ্ট্রযুক্তাম্ ॥১৬॥
স ইতি। বিষমম্ উন্নতাবনতম্। মার্গমাণঃ অন্বিষ্যন্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—১০॥ বেদপ্রত্যয়দর্শিনঃ বেদজঃ প্রত্যয়ো ব্রহ্মাত্মৈক্যাপরোক্ষং তদেব দ্রষ্টুং শীলং যেষাং তে ॥১১—১৪॥ তপ্যতে তাভ্যামিতি শেষঃ ॥১৫॥ ষড়ঙ্গিনীং রথনাগাশ্ব-

---

ব্রাহ্মণেরা বলিলেন—'আমাদের শুনা আছে যে, তপস্বী নর ও নারায়ণ স্বর্গ হইতে মনুষ্যলোকে আসিয়াছেন। রাজা! আপনি যাইয়া তাঁহাদের সহিত যুদ্ধ করুন ॥১৪॥

আমরা শুনিতে পাই—সেই মহাত্মা নর ও নারায়ণ উভয়েই গন্ধমাদন-পর্ব্বতে অনির্ব্বচনীয় ভয়ঙ্কর তপস্যা করিতেছেন' ॥১৫॥

তাহার পর দম্ভোদ্ভবরাজা অসহিষ্ণু হইয়া ষড়ঙ্গযুক্ত বিশাল সৈন্য যোজনা করিয়া—যেখানে অপরাজিত নর ও নারায়ণ ছিলেন, সেইখানে গমন করিলেন ॥১৬॥

তিনি ভয়ঙ্কর উঁচু-নীচু গন্ধমাদনপর্ব্বতে যাইয়া অন্বেষণ করিতে থাকিয়া বনস্থিত সেই তপস্বী দুই জনের নিকট উপস্থিত হইলেন ॥১৭॥

সেই ঋষিদের শরীর দুইটী ক্ষুধা ও পিপাসায় কৃশ, শিরাব্যাপ্ত এবং শীত,

---

(১৭) মৃগয়ানোঽন্বগচ্ছত্তৌ ··পি।

অভিগম্যোপসংগৃহ্য পর্য্যপৃচ্ছদনাময়ম্।
তমর্চ্চিত্বা মূলফলৈরাসনেনোদকেন চ ॥১৯॥
ন্যমন্ত্রয়েতাং রাজানং কিং কার্য্যং ক্রিয়তামিতি।
ততস্তামানুপূর্ব্বীং স পুনরেবান্বকীর্ত্তয়ৎ ॥২০॥ (বিশেষকম্)
বাহুভ্যাং মে জিতা ভূমির্নিহতাঃ সর্ব্বশত্রবঃ।
ভবদ্ভ্যাং যুদ্ধমাকাঙ্ক্ষন্নুপযাতোঽস্মি পর্ব্বতম্।
আতিথ্যং দীয়তামেতৎ কাঙ্ক্ষিতং মে চিরং প্রতি ॥২১॥
নরনারায়ণাবূচতুঃ।
অপেতক্রোধলোভোঽয়মাশ্রমো রাজসত্তম!।
ন হ্যস্মিন্নাশ্রমে যুদ্ধং কুতঃ শস্ত্রং কুতোঽনৃজুঃ।
অন্যত্র যুদ্ধমাকাঙ্ক্ষ বহবঃ ক্ষত্রিয়াঃ ক্ষিতৌ ॥২২॥

ভারতকৌমুদী

তাবিতি। ধমনিসন্ততৌ শিবাব্যাপ্তদেহৌ। উপসংগৃহ্য পাদাবিতি শেষঃ। পর্য্যপৃচ্ছৎ রাজা। ন্যমন্ত্রয়েতাং তাপসৌ। ক্রিয়তামাবাভ্যাম্। স রাজা ॥১৮—২০॥

কীর্ত্তনপ্রকারমাহ বাহুভ্যামিতি। মে ময়া। এতদ্‌যুদ্ধরূপম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

অপেতেতি। অপেতৌ দূরীভূতৌ ক্রোধলোভৌ যস্মাৎ সঃ। অনৃজুঃ কুটিলো ব্যবহারঃ। ক্ষত্রিয়াঃ সন্তীতি শেষঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২২॥

বায়ু ও আতপে ক্লান্ত ছিল; এই অবস্থায় রাজা তাঁহাদিগকে দেখিয়া, নিকটে যাইয়া, নমস্কার করিয়া মঙ্গল জিজ্ঞাসা করিলেন। তখন ঋষিরাও ফল, মূল, আসন ও জল দানপূর্ব্বক রাজার আদর করিয়া বলিলেন—'আমরা আপনার কি কার্য্য করিব'। তাহার পর রাজা তাঁহাদের নিকট আনুপূর্ব্বীক সমস্ত বৃত্তান্ত বলিলেন ॥১৮—২০॥

'আমি বাহুবলে পৃথিবী জয় করিয়াছি এবং সমস্ত শত্রু সংহার করিয়াছি। এখন আপনাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া এই পর্ব্বতে আসিয়াছি। অতএব আমার চিরকালের আকাঙ্ক্ষিত এই যুদ্ধরূপ আতিথ্যই আমাকে দান করুন' ॥২১॥

নর ও নারায়ণ বলিলেন—'রাজশ্রেষ্ঠ! এই আশ্রমে ক্রোধ ও লোভ নাই। সুতরাং যুদ্ধও নাই। এখানে অস্ত্রই বা কোথায় এবং কুটিল ব্যবহারই বা কোথায়? অতএব আপনি অন্যত্র যুদ্ধ কামনা করুন; পৃথিবীতে বহুতর ক্ষত্রিয় আছেন' ॥২২॥

---

(১৯) অভিগম্যোপসম্পূজ্য···গি।

রাম উবাচ।

উচ্যমানস্তথাপি স্ম ভূয় এবাভ্যভাষত।
পুনঃ পুনঃ ক্ষাম্যমাণঃ সান্ত্ব্যমানশ্চ ভারত ! ॥২৩॥
দম্ভোদ্ভবো যুদ্ধমিচ্ছন্নাহ্বয়ত্যেব তাপসৌ।
ততো নরস্ত্বিষীকাণাং মুষ্টিমাদায় ভারত ! ॥২৪॥
অব্রবীদেহি যুধ্যস্ব যুদ্ধকামুক ! ক্ষত্রিয় ! ।
সর্ব্বশস্ত্রাণি চাদৎস্ব যোজয়স্ব চ বাহিনীম্ ॥২৫॥ (বিশেষকম্)
অহং হি তে বিনেষ্যামি যুদ্ধশ্রদ্ধামিতঃ পরম্।
যদাহ্বয়সি দর্পেণ ব্রাহ্মণপ্রমুখান্ জনান্ ॥২৬॥

দম্ভোদ্ভব উবাচ।

যদ্যেতদস্ত্রমস্মাসু যুক্তং তাপস ! মন্যসে।
এতেনাপি ত্বয়া যোৎস্যে যুদ্ধার্থী হ্যহমাগতঃ ॥২৭॥

ভারতকৌমুদী

উচ্যেতি। স্মেতি পাদপূরণে। ক্ষাম্যমাণো যুদ্ধান্নিবর্ত্ত্যমানঃ। ইষীকাণাং তৃণবিশেষাণাম্। আদৎস্ব গৃহাণ। বাহিনীং সেনাম্ ॥২৩—২৫॥

অহমিতি। বিনেষ্যামি দূরীকরিষ্যামি। যুদ্ধায় ব্রাহ্মণাহ্বানমযুক্তমিতি ভাবঃ ॥২৬॥

যদীতি। এতদিষীকারূপম্। এতেনাপি প্রকারেণ। হি যস্মাৎ ॥২৭॥

পরশুরাম বলিলেন—'ভরতনন্দন ! নর ও নারায়ণ ঋষি এইরূপ বলিলেন, বার বার যুদ্ধ হইতে নিবৃত্ত হইতে কহিলেন এবং অনুনয় বিনয়ও করিলেন; তথাপি দম্ভোদ্ভবরাজা বার বারই ঐ কথা বলিলেন এবং যুদ্ধ ইচ্ছা করিয়া সেই তপস্বী দুই জনকে আহ্বান করিতে লাগিলেন। ভরতনন্দন ! তাহার পর নর ইষীকামুষ্টি (একমুট নলখাগড়া) গ্রহণ করিয়া বলিলেন—'যুদ্ধকামুক ক্ষত্রিয় ! আইস, যুদ্ধ কর, সমস্ত অস্ত্র ধারণ কর এবং সৈন্য যোজনা কর ॥২৩—২৫॥

ইহার পর আমিই তোমার যুদ্ধকামনা দূর করিব। যে হেতু তুমি দর্পবশতঃ ব্রাহ্মণপ্রভৃতি লোককেও যুদ্ধের জন্য আহ্বান কর' ॥২৬॥

দম্ভোদ্ভব বলিলেন—'তপস্বী ! এই অস্ত্রই যদি আপনি আমাদের পক্ষে উপযুক্ত বলিয়া মনে করেন, তবে আমিও এইভাবেই যুদ্ধ করিব। কারণ, আমি যুদ্ধের জন্যই আসিয়াছি' ॥২৭॥

---

(২৬) দ্বিতীয়ার্দ্ধং পি বা ব ব্রা নাস্তি।

রাম উবাচ।

ইত্যুক্ত্বা শরবর্ষেণ সর্বতঃ সমবাকিরৎ।
দম্ভোদ্ভবস্তাপসং তং জিঘাংসুঃ সহসৈনিকঃ ॥২৮॥
তস্য তানস্যতো ঘোরানিষূন্ পরতনুচ্ছিদঃ।
কদর্থীকৃত্য স মুনিরিষীকাভিঃ সমার্পয়ৎ ॥২৯॥
ততোহস্মৈ প্রাসৃজদ্ ঘোরমৈষীকমপরাজিতঃ।
অস্ত্রমপ্রতিসন্ধেয়ং তদদ্ভুতমিবাভবৎ ॥৩০॥
তেষামক্ষীণি কর্ণাংশ্চ নাসিকাশ্চৈব মায়য়া।
নিমিত্তবেধী স মুনিরিষীকাভিঃ সমার্পয়ৎ ॥৩১॥
স দৃষ্ট্বা শ্বেতমাকাশমিষীকাভিঃ সমাচিতম্।
পাদয়োর্ন্যপতদ্রাজা স্বস্তি মেহস্ত্বিতি চাব্রবীৎ ॥৩২॥
তমব্রবীন্নরো রাজন্! শরণ্যঃ শরণৈষিণাম্।
ব্রহ্মণ্যো ভব ধর্ম্মাত্মা মা চ স্মৈবং পুনঃ কৃথাঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

ইতীতি। সমবাকিরৎ সমাবৃণোৎ। সৈনিকৈঃ সহেতি সহসৈনিকঃ ॥২৮॥

তস্যেতি। অস্যতঃ ক্ষিপতঃ। ইষূন্ বাণান্। কদর্থীকৃত্য ব্যর্থীকৃত্য। সমার্পয়ৎ প্রাহরৎ ॥২৯॥

তত ইতি। অপরাজিতো নরো মুনিঃ। অপ্রতিসন্ধেয়মনিবার্য্যম্ ॥৩০॥

তেষামিতি। তেষাং সৈনিকানাম্। নিমিত্তবেধী লক্ষ্যভেত্তা। সমার্পয়ৎ প্রাহরৎ ॥৩১॥

স ইতি। সমাচিতং ব্যাপ্তম্। স্বস্তি মঙ্গলম্ ॥৩২॥

পরশুরাম বলিলেন—'এই কথা বলিয়া দম্ভোদ্ভবরাজা সৈন্যগণের সহিত মিলিত হইয়া সেই তপস্বীকে বধ করিবার ইচ্ছা করিয়া বাণবৃষ্টিদ্বারা সকল দিক্ আবৃত করিলেন ॥২৮॥

তখন নরমুনি দম্ভোদ্ভবরাজার সেই পরদেহচ্ছেদী ভয়ঙ্কর বাণসমূহ ব্যর্থ করিয়া ইষীকাদ্বারাই তাঁহাদিগকে প্রহার করিতে লাগিলেন ॥২৯॥

তৎপরে অপরাজিত নরমুনি দম্ভোদ্ভবরাজার প্রতি অনিবার্য্য ও ভয়ঙ্কর ঐষীকাস্ত্র নিক্ষেপ করিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইতে লাগিল ॥৩০॥

এবং লক্ষ্যভেদী নরমুনি মায়া করিয়া ইষীকাদ্বারাই সৈন্যগণের চক্ষু, কর্ণ ও নাসিকা বিদ্ধ করিলেন ॥৩১॥

তখন ইষীকাব্যাপ্ত আকাশ শ্বেতবর্ণ হইয়াছে দেখিয়া দম্ভোদ্ভবরাজা যাইয়া নরমুনির চরণযুগলে পতিত হইলেন এবং বলিলেন—'আমার মঙ্গল হউক' ॥৩২॥

নৈতাদৃক্‌পুরুষো রাজন্! ক্ষত্রধর্ম্মমনুস্মরন্।
মনসা নৃপশার্দ্দূল! ভবত্যরিপুবঞ্জয়ঃ ॥৩৪॥
মা চ দর্পসমাবিষ্টঃ ক্ষেপ্সীঃ কাংশ্চিৎ কথঞ্চন।
অণীয়াংসং বিশিষ্টং বা তত্তে রাজন্! সমাহিতম্ ॥৩৫॥
কৃতপ্রজ্ঞো বীতলোভো নিরহঙ্কার আত্মবান্।
দান্তঃ ক্ষান্তো মৃদুঃ সৌম্যঃ প্রজাঃ পালয় পার্থিব! ॥৩৬॥
মাস্ম ভূয়ঃ ক্ষিপেঃ কঞ্চিদবিদিত্বা বলাবলম্।
অনুজ্ঞাতঃ স্বস্তি গচ্ছ মৈবং ভূয়ঃ সমাচরেঃ।
কুশলং ব্রাহ্মণান্ পৃচ্ছেরাবয়োর্ব্বচনাদ্‌ভৃশম্ ॥৩৭॥

ভাবতকৌমুদী

তমিতি। ব্রহ্মণ্যো ব্রাহ্মণহিতঃ। এবমিত্থঞ্চ পুনর্মাস্ম কুথাঃ ॥৩৩॥

নেতি। হে রাজন্! নৃপশার্দ্দূল! অরিপুবঞ্জয়ঃ ক্ষত্রিয়ঃ পুরুষঃ ক্ষত্রধর্ম্মমনুস্মরন্, মনসাপি, এতাদৃক্ যুদ্ধানভিলাষিণা সহ যুদ্ধাভিলাষী ন ভবতীত্যর্থঃ ॥৩৪॥

মেতি। মা ক্ষেপ্সীঃ ন আক্রামেঃ। বিশিষ্টঃ প্রধানম্। সমাহিতমুচিতম্ ॥৩৫॥

কৃতেতি। কৃতপ্রজ্ঞঃ শিক্ষিতবুদ্ধিঃ। আত্মবান্ মনস্বী। দান্ত ইন্দ্রিয়জয়ী ॥৩৬॥

মাস্মেতি। ক্ষিপেঃ আক্রামেঃ। স্বস্তি মঙ্গলেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

রাজা! তখন শরণার্থীদিগের রক্ষাকর্ত্তা নরমুনি তাঁহাকে বলিলেন— 'রাজা! আপনি ব্রাহ্মণগণের হিতকারী ও ধর্ম্মাত্মা হউন এবং পুনরায় যেন এরূপ করেন না ॥৩৩॥

রাজা! রাজশ্রেষ্ঠ! শত্রুনগরবিজয়ী ক্ষত্রিয়পুরুষ ক্ষত্রিয়ের ধর্ম্ম স্মরণ করিয়া মনে মনেও এরূপ (যুদ্ধানভিলাষীর সহিত যুদ্ধাভিলাষী) হন না ॥৩৪॥

রাজা! আপনি দর্পযুক্ত হইয়া দুর্ব্বল, বা প্রবল, কিংবা অন্য কোন প্রকার লোককে কোন কারণে আক্রমণ করিবেন না; তাহাই আপনার পক্ষে ন্যায্য ॥৩৫॥

নরনাথ! আপনি শিক্ষিতবুদ্ধি, লোভশূন্য, অহঙ্কারবিহীন, উদারচেতা, জিতেন্দ্রিয়, ক্ষমাশীল, কোমলমূর্ত্তি ও সুন্দরস্বভাব হইয়া প্রজা পালন করুন ॥৩৬॥

আপনি বলাবল না জানিয়া পুনরায় কাহাকেও আক্রমণ করিবেন না। আমরা আপনাকে অনুমতি দিলাম; আপনি কুশলে গমন করুন; কিন্তু পুনরায় এরূপ আচরণ করিবেন না এবং আমাদের বাক্য অনুসারে ব্রাহ্মণদের নিকট বিশেষভাবে মঙ্গল জিজ্ঞাসা করিবেন ॥৩৭॥

---

(৩৬) সুহৃৎ প্রাজ্ঞঃ·· পি,·· সৌম্য ।· নি।

ততো রাজা তয়োঃ পাদাবভিবাদ্য মহাত্মনোঃ।
প্রত্যাজগাম স্বপুরং ধর্ম্মঞ্চৈবাচরদ্ভৃশম্ ॥৩৮॥
সুমহচ্চাপি তৎ কর্ম্ম যন্নরেণ কৃতং পুরা।
ততো গুণৈঃ সুবহুভিঃ শ্রেষ্ঠো নারায়ণোঽভবৎ ॥৩৯॥
তস্মাদ্ যাবদ্ধনুঃশ্রেষ্ঠে গাণ্ডীবেঽস্ত্রং ন যুজ্যতে।
তাবত্ত্বং মানমুৎসৃজ্য গচ্ছ রাজন্! ধনঞ্জয়ম্ ॥৪০॥
কাকুদীকং শুকং নাকমক্ষিসন্তর্জনং তথা।
সন্তানং নর্ত্তকং ঘোরমাস্যমোদকমষ্টমম্ ॥৪১॥

ভাবতকৌমুদী

তত ইতি। তয়োর্নরনারায়ণযোঃ। ধর্ম্মমাচরচ্চ ততঃ প্রভৃতি ॥৩৮॥

সুমহদিতি। তৎ দম্ভোদ্ভবদমনরূপম্। ততো নরাৎ ॥৩৯॥

তস্মাদিতি। মানং গর্বম্। গচ্ছ সন্ধিনা শান্তয়ে আশ্রয় ॥৪০॥

অথ কিং কিমস্ত্রং গাণ্ডীবে যোক্তুমর্হতীত্যাহ কাকুদীকমিতি। গজাশ্বারোহিণঃ সৈনিকা যদস্ত্রস্পর্শেন গজাশ্বয়োঃ ককুদি স্বপন্তি, তৎ প্রস্বাপনাপরপর্য্যায়ং কাকুদীকং নামাস্ত্রম্। পদাতয়ো যদস্ত্রস্পর্শেন নিদ্রাকালে শুকা ইব নষ্টসংজ্ঞা বিচেতসো বিকৃতচিত্তা বা ভবন্তি, তৎ সম্মোহনাপরপর্য্যায়ং শুকং নামাস্ত্রম্। সর্ববিধা এব সৈনিকা যদস্ত্রসংসর্গেণ স্বর্গগমনায় প্রবন্তে উল্লম্ফন্তি, তদুন্মাদনাপরপর্য্যায়ং নাকাখ্যমস্ত্রম্। সৈন্যা যদস্ত্রদর্শনমাত্রেণ ভয়ান্মূত্রয়ন্তে, তৎ ত্রাসনাপরপর্য্যায়ম্ অক্ষিসন্তর্জনং নামাস্ত্রম্। সৈনিকা যদবিচ্ছিন্নাস্ত্রদর্শনাৎ ক্রন্দন্তি, তদ্দৈবতাপরপর্য্যায়ং সন্তানং নামাস্ত্রম্। যোদ্ধারো যেন স্পৃষ্টা উন্মত্তাঃ সন্তো বিচেষ্টন্তে

ভারতভাবদীপঃ

পাদাতশকটোষ্ট্রবতীম্ ॥১৬—৪০॥ কাকুদীকমিত্যাদয়োঽষ্টাবস্ত্রজাতয়ঃ যেনাস্ত্রেণাভিভূতা রথগজাদীনাং ককুদ্মেব শেরতে তৎকাকুদীকং প্রস্বাপনং নাম। যেন শুকনলিকান্যায়েন অভয়েঽপি ভয়দর্শিনো হয়রথাদিপাদেষু গাঢ়ং শ্লিষ্যন্তি তৎ শুকং মোহনং নাম। যেন স্বর্গনগরং পশ্যন্তি তন্নামকম্ উন্মাদনং নাম। যেন ক্ষিপ্তমাত্রেণান্যবিদ্ধাস্ত্রাসাৎ শকৃন্মূত্রং স্রবন্তি তৎ অক্ষিসন্তর্জনং ত্রাসনং নাম। সন্তানম্ অবিচ্ছেদেন শস্ত্রাণাং বৃষ্টিকরম্ ঐন্দ্রাদি দিব্যং

তাহার পর দম্ভোদ্ভবরাজা মহাত্মা নর ও নারায়ণ ঋষির চরণযুগলে নমস্কার করিয়া আপন রাজধানীতে প্রত্যাগমন করিলেন এবং তদবধি বিশেষভাবে ধর্ম্মাচরণ করিতে লাগিলেন ॥৩৮॥

অতএব পূর্ব্বকালে নরঋষি যে কার্য্য করিয়াছিলেন, তাহা বিশেষ প্রশস্তই হইয়াছিল। নারায়ণঋষি বহুতর গুণে নর অপেক্ষাও শ্রেষ্ঠ ছিলেন ॥৩৯॥

অতএব রাজা! যেপর্য্যন্ত ধনুঃশ্রেষ্ঠ গাণ্ডীবে অস্ত্রসংযুক্ত না হয়, তাহার মধ্যেই আপনি গর্ব ত্যাগ করিয়া অর্জ্জুনকে আশ্রয় করুন ॥৪০॥

এতৈর্বিদ্ধাঃ সর্ব এব মরণং যান্তি মানবাঃ।
উন্মত্তাশ্চ বিচেষ্টন্তে নষ্টসংজ্ঞা বিচেতসঃ ॥৪২॥
স্বপন্তি চ প্লবন্তে চ চ্ছর্দ্দয়ন্তি চ মানবাঃ।
মূত্রয়ন্তে চ সততং রুদন্তি চ হসন্তি চ ॥৪৩॥
কামক্রোধৌ লোভমোহৌ মদমানৌ তথৈব চ।
মাৎসর্য্যাহঙ্কৃতী চৈব ক্রমাদেত উদাহৃতাঃ ॥৪৪॥
নির্ম্মাতা সর্বলোকানামীশ্বরঃ সর্বকর্ম্মবিৎ।
যস্য নারায়ণো বন্ধুরর্জ্জুনো দুঃসহো যুধি ॥৪৫॥
কস্তমুৎসহতে জেতুং ত্রিষু লোকেষু ভারত!।
বীরং কপিধ্বজং জিষ্ণুং যস্য নাস্তি সমো যুধি ॥৪৬॥

ভারতকৌমুদী

নৃত্যন্তি, তদ্গান্ধর্ব্বাপরপর্য্যায়ং নর্ত্তকং নামাস্ত্রম্। যোধা যদস্ত্রস্পৃষ্টাঃ সন্তশ্ছর্দ্দয়ন্তি বমন্তি, তদ্রাক্ষসাপরপর্য্যায়ং ঘোরাখ্যং সপ্তমমস্ত্রম্। সৈন্যা যেনাহতা হসন্তি, তৎ পৈশাচাপরপর্য্যায়ম্ আস্যমোদকং নামাষ্টমমস্ত্রম্ ॥৪১॥

এতেষাং প্রয়োগে শেষফলং মরণমেবেত্যাহ এতৈরিতি। উন্মত্তা ইত্যাদয়ো গতার্থাঃ ॥৪২॥

স্বপন্তীতি। এতেঽপি বিবৃতার্থাঃ। "ছর্দ্দ বমনে" ইতি চৌরাদিকো ধাতুঃ ॥৪৩॥

কামেতি। মানো গর্ব্বঃ। মাৎসর্য্যং দ্বেষঃ। এতে দোষাঃ পরিহার্য্যতয়োদাহৃতাঃ ॥৪৪॥

নিরিতি। নির্ম্মাতা স্রষ্টা। সঃ অর্জ্জুনো যুধি সর্ব্বেষামেব দুঃসহঃ ॥৪৫॥

ক ইতি। উৎসহতে শক্নোতি। জিষ্ণুং সর্বত্র জয়শীলম্ ॥৪৬॥

প্রস্বাপন, সম্মোহন, উন্মাদন, ত্রাসন, দৈবত, গান্ধর্ব্ব, রাক্ষস ও পৈশাচ এই অষ্টবিধ অস্ত্র ॥৪১॥

এই অস্ত্রগুলিদ্বারা বিদ্ধ হইয়া সকল মানুষই মৃত্যুমুখে পতিত হয়। মানুষ গান্ধর্ব্ব অস্ত্রে আহত হইয়া উন্মত্তের ন্যায় নৃত্য করে এবং সম্মোহনাস্ত্র স্পর্শ হইলে মানুষ চৈতন্যহীন বা বিকৃতচিত্ত হইয়া যায় ॥৪২॥

প্রস্বাপন অস্ত্রে হস্তী ও অশ্বের উপরে শয়ন করে, উন্মাদন অস্ত্রে উল্লম্ফন করে, রাক্ষসাস্ত্রে বমন করে, ত্রাসনাস্ত্রে মূত্রত্যাগ করিতে থাকে, দৈবতাস্ত্রে রোদন করে এবং পৈশাচাস্ত্রে হাস্য করিতে থাকে ॥৪৩॥

কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মান, মাৎসর্য্য ও অহঙ্কার এই আটটা দোষ সকলেরই ক্রমশঃ পরিহার্য্য ॥৪৪॥

সমগ্র জগতের সৃষ্টিকর্ত্তা ও অধীশ্বর এবং সর্বকর্ম্মজ্ঞ নারায়ণ যাঁহার বন্ধু, সেই অর্জ্জুন যুদ্ধে সকলেরই দুঃসহ ॥৪৫॥

---

(৪৪) অয়ং শ্লোকঃ পি বা ব রা নাস্তি।

অসংখ্যেয়া গুণাঃ পার্থে তদ্বিশিষ্টো জনার্দ্দনঃ।
ত্বমেব ভূয়ো জানাসি কুন্তীপুত্রং ধনঞ্জয়ম্ ॥৪৭॥
নরনারায়ণৌ যৌ তৌ তাবেবার্জ্জুনকেশবৌ।
বিজানীহি মহারাজ! প্রবীরৌ পুরুষোত্তমৌ ॥৪৮॥
যদ্যেতদেবং জানাসি ন চ মামভিশঙ্কসে।
আর্য্যাং মতিং সমাস্থায় শাম্য ভারত! পাণ্ডবৈঃ ॥৪৯॥
অথ চেন্মন্যসে শ্রেয়ো ন মে ভেদো ভবেদিতি।
প্রশাম্য ভরতশ্রেষ্ঠ! মা চ যুদ্ধে মনঃ কৃথাঃ ॥৫০॥

ভারতকৌমুদী

অসমিতি। তস্মাৎ পার্থাদ্বিশিষ্টঃ প্রধানঃ। ভূয়ো বহুলং যথা স্যাত্তথা ॥৪৭॥
নরেতি। যৌ তাবভূতাম্। প্রবীরৌ মহাবীরৌ ॥৪৮॥
যদীতি। আর্য্যাং সতীম্, আস্থায় অবলম্ব্য, শাম্য শান্তো ভব ॥৪৯॥
অথেতি। ভেদঃ পাণ্ডবৈঃ সহানৈক্যম্। প্রশাম্য সন্ধিনা প্রশান্তো ভব ॥৫০॥

ভারতভাবদীপঃ

নর্ত্তনং নর্ত্তনকরং পৈশাচম্। ঘোরং কদনকরং রাক্ষসম্। আস্তমোদকং যেনাভিহতাঃ মুখে পাষাণং দত্ত্বা মরণার্থমেব প্রতিষ্ঠন্তে তৎ যাম্যং নাম। অত্রৈব উন্মত্তাশ্চেতি শ্লোকোক্তা দোষা যথাযোগ্যং সম্বন্ধনীয়াঃ ॥৪১—৫১॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উননবতিতমোঽধ্যায়ঃ ॥৮৯॥

——:০:——

ভরতনন্দন! যুদ্ধে যাঁহার সমান কেহ নাই, সেই বীর ও জয়শীল অর্জ্জুনকে ত্রিভুবনের মধ্যে কোন্ লোক জয় করিতে সমর্থ হয়? ॥৪৬॥

অর্জ্জুনের গুণ অসংখ্য এবং কৃষ্ণ তাঁহা অপেক্ষাও শ্রেষ্ঠ। রাজা! আপনিই ত কুন্তীনন্দন অর্জ্জুনকে অধিক জানেন ॥৪৭॥

পূর্ব্বে সেই যে নর ও নারায়ণ ঋষি ছিলেন, তাঁহারাই অর্জ্জুন ও কৃষ্ণ হইয়াছেন। অতএব মহারাজ! আপনি কৃষ্ণ ও অর্জ্জুনকে মহাবীর ও পুরুষশ্রেষ্ঠ বলিয়া অবগত হউন ॥৪৮॥

ভরতনন্দন! আপনি যদি ইহা এইরূপই জানিয়া থাকেন এবং আমার কথায় সন্দেহ না করেন, তবে নির্দ্দোষ বুদ্ধি আশ্রয় করিয়া পাণ্ডবগণের সহিত শান্ত হউন ॥৪৯॥

ভরতশ্রেষ্ঠ! 'পাণ্ডবগণের সহিত আমার যেন অনৈক্য হয় না' এইরূপই যদি আপনি ভাল মনে করেন, তবে শান্ত হউন, যুদ্ধের দিকে মন দিবেন না ॥৫০॥

(৪৮)...প্রবীরৌ পুরুষর্ষভৌ—পি।

ভবতাঞ্চ কুরুশ্রেষ্ঠ ! কুলং বহুমতং ভুবি ।
তত্তথৈবাস্তু ভদ্রং তে স্বার্থমেবোপচিন্তয় ॥৫১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে দম্ভোদ্ভবোপাখ্যানে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——ঃঃ——

নবতিতমোঽধ্যায়ঃ ।

——ঃ৵ঃ——

বৈশম্পায়ন উবাচ ।
জামদগ্ন্যবচঃ শ্রুত্বা কণ্বোঽপি ভগবানৃষিঃ ।
দুর্য্যোধনমিদং বাক্যমব্রবীৎ কুরুসংসদি ॥১॥
কণ্ব উবাচ ।
অক্ষয়শ্চাব্যয়শ্চৈব ব্রহ্মা লোকপিতামহঃ ।
তথৈব ভগবন্তৌ তৌ নরনারায়ণাবৃষী ॥২॥

ভারতকৌমুদী

ভবতামিতি । তে তব, ভদ্রং মঙ্গলমস্তু । স্বার্থং নিজহিতম্ ॥৫১॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্বণি ভগবদ্‌যানে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃঃ)——

জামেতি । কণ্বঃ শকুন্তলায়াঃ পালয়িতৃত্বেনাদিপর্বণ্যুক্তঃ ॥১॥
অক্ষয় ইতি । অক্ষয়ো লয়ং যাবন্নাশহীনঃ, অব্যয়ো হ্রাসরহিতঃ ॥২॥

কৌরবশ্রেষ্ঠ ! আপনাদের বংশটা জগতে বিশেষ গৌরবের পাত্র । সুতরাং তাহা সেইরূপই থাকুক, আপনারও মঙ্গল হউক ; আপনি নিজের হিতেরই চিন্তা করুন' ॥৫১॥

——০(০০)০——

বৈশম্পায়ন বলিলেন—পরশুরামের কথা শুনিয়া ভগবান্ কণ্বমুনিও কৌরব-সভায় দুর্য্যোধনকে এই কথা কহিলেন ॥১॥

কণ্ব কহিলেন—'লোকপিতামহ ব্রহ্মার নাশও নাই, হ্রাসও নাই ; ভগবান্ নর ও নারায়ণ ঋষিও সেইরূপই বটেন ॥২॥

* '…ষ্যাবতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি ।

আদিত্যানাং হি সর্ব্বেষাং বিষ্ণুরেকঃ সনাতনঃ।
অজয্যশ্চাব্যয়শ্চৈব শাশ্বতঃ প্রভুরীশ্বরঃ ॥৩॥
নিমিত্তমরণাশ্চান্যে চন্দ্রসূর্য্যৌ মহী জলম্।
বায়ুরগ্নিস্তথাকাশং গ্রহাস্তারাগণাস্তথা ॥৪॥
তে চ ক্ষয়ান্তে জগতো হিত্বা লোকত্রয়ং সদা।
ক্ষয়ং গচ্ছন্তি বৈ সর্বে সৃজ্যন্তে চ পুনঃ পুনঃ ॥৫॥
মুহূর্ত্তমরণাস্ত্বন্যে মানুষা মৃগপক্ষিণঃ।
তৈর্য্যগ্‌যোন্যাশ্চ যে চান্যে জীবলোকচরাস্তথা ॥৬॥
ভূয়িষ্ঠেন তু রাজানঃ শ্রিয়ং ভুক্ত্বায়ুষঃ ক্ষয়ে।
তরুণাঃ প্রতিপদ্যন্তে ভোক্তুং সুকৃতদুষ্কৃতে ॥৭॥

ভাবতকৌমুদী

আদিত্যানামিতি। আদিত্যানাং দেবানাং মধ্যে। অজয্যো জেতুমশক্যঃ, প্রভুঃ শক্তিমান্ ॥৩॥

নিমিত্তেতি। নিমিত্তান্নিয়তকালাদেব মরণং যেষাং তে। তানাহ চন্দ্রেত্যাদি ॥৪॥

ত ইতি। তে চন্দ্রাদয়ঃ। সৃজ্যন্তে বিধাত্রা ॥৫॥

মুহূর্ত্তেতি। মুহূর্ত্তমরণা অল্পায়ুষঃ। তৈর্য্যগ্‌যোন্যাঃ তির্য্যগ্‌যোনিজা মৎস্যাদয়ঃ ॥৬॥

ভূয়িষ্ঠেনেতি। ভূয়িষ্ঠেন বাহুল্যেন। আয়ুষঃ ক্ষয়ে মৃত্যৌ সতি। তরুণা নবীনাঃ ॥৭॥

ভাবতভাবদীপঃ

জামদগ্ন্যেতি ॥১॥ অব্যয়ঃ অপচয়শূন্যঃ ॥২॥ প্রভবত্যস্মাদিতি প্রভুর্জগত উপাদানকারণং ঘটস্যেব মৃৎপিণ্ডঃ ॥৩॥ নিমিত্তমরণা ইতি নাশবস্ত ইত্যর্থঃ। পাঠান্তরে নিমিত্তকারণানি চক্রচীবরকুলালাদিস্থানীয়ানি ॥৪—৬॥ তরুণা ইতি ভোগকালে যুদ্ধেন মরণং মা প্রাপ্নুবন্তী-

আবার সকল দেবগণের মধ্যে একমাত্র বিষ্ণুই অজেয়, হ্রাসবিহীন, সনাতন, নিত্য, প্রভাবশালী এবং সকলের নিয়ন্তা ॥৩॥

আর চন্দ্র, সূর্য্য, পৃথিবী, জল, অগ্নি, বায়ু, আকাশ, গ্রহ ও নক্ষত্রপ্রভৃতি অন্য সকলেরই নিয়ত সময়ে বিনাশ হয় ॥৪॥

জগতের বিনাশের পরে সে সকলই ত্রিভুবন পরিত্যাগ করিয়া বিনাশ প্রাপ্ত হয় এবং পুনরায় সেগুলির সৃষ্টি হয়। এই ঘটনা চিরকালই বার বার হইয়া আসিতেছে ॥৫॥

আর মানুষ, পশু, পক্ষী এবং মর্ত্ত্যচর অন্যান্য তির্য্যগ্‌যোনিজাত প্রাণীরা অল্পকালের মধ্যেই মৃত্যুমুখে পতিত হয় ॥৬॥

(৬)…তির্য্যগ্‌যোনিশ্চ… পি,…তৈর্য্যগ্‌যোন্যশ্চ…বা ব রা। (৭) ভূয়িষ্ঠা যে তু রাজানঃ …পি।

স ভবান্ ধর্ম্মপুত্রেণ শমং কর্ত্তুমিহার্হতি ।
পাণ্ডবাঃ কুরবশ্চৈব পালয়ন্তু বসুন্ধরাম্ ॥৮॥
বলবানহমিত্যেব ন মন্তব্যং সুযোধন ! ।
বলবন্তো বলিভ্যো হি দৃশ্যন্তে পুরুষর্ষভ ! ॥৯॥
ন বলং বলিনাং মধ্যে বলং ভবতি কৌরব ! ।
বলবন্তো হি তে সর্ব্বে পাণ্ডবা দেববিক্রমাঃ ॥১০॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্ ।
মাতলের্দাতুকামস্য কন্যাং মৃগয়তো বরম্ ॥১১॥
মতস্ত্রৈলোক্যনাথস্য মাতলির্নাম সারথিঃ ।
তস্যৈকৈব কুলে কন্যা রূপতো লোকবিশ্রুতা ॥১২॥

ভারতকৌমুদী

স ইতি। স রাজা। অল্পায়ুষ্কতয়া যুষ্মাকং নির্বিঘ্নভোগ এব শ্রেয়ানিতি ভাবঃ ॥৮॥
বলবানিতি। উৎকর্ষাপকর্ষয়োশ্চিরমেবানবস্থেত্যাশয়ঃ ॥৯॥
নেতি। বলং সৈন্যম্, বলং শক্তিঃ। বলবন্তঃ শক্তিমন্তঃ, যতো দেববিক্রমাঃ ॥১০॥
গাণ্ডীবস্য কৃষ্ণস্য চাসাধারণ্যমাবেদয়িতুমাখ্যানমবতারয়তি অত্রেতি। বরং পাত্রম্, মৃগয়তঃ অন্বিষ্যতো মাতলেরিতিহাসমিতি সম্বন্ধঃ ॥১১॥

প্রায় রাজারাও সম্পদ্ ভোগ করিয়া মৃত্যুর পরে আবার পুণ্য ও পাপের ফল ভোগ করিবার জন্য নূতন হইয়া জন্ম গ্রহণ করেন ॥৭॥

দুর্য্যোধন। তুমিও সেই রাজা। সুতরাং যুধিষ্ঠিরের সহিত শান্তিস্থাপন করাই তোমার উচিত। তা'র পর পাণ্ডবেরা ও কৌরবেরা মিলিত হইয়া পৃথিবী পালন কর ॥৮॥

দুর্য্যোধন। 'আমিই বলবান্' এইরূপ মনে করা তোমার উচিত নহে। কারণ, পুরুষশ্রেষ্ঠ। বলবান্ অপেক্ষাও বলবান্ দেখা যায় ॥৯॥

কুরুনন্দন। বলবান্‌দিগের মধ্যে সৈন্যবলই প্রকৃত বল নহে। বিশেষতঃ সেই পাণ্ডবেরা সকলেই দেবতার ন্যায় বিক্রমশালী বলিয়া অত্যন্ত বলবান্ ॥১০॥

মাতলি যখন কন্যাদান করিবার ইচ্ছায় বরের অন্বেষণ করিতেছিলেন, সেই সময়ের তাঁহার ইতিহাস এবিষয়ে ঐতিহাসিকেরা উল্লেখ করিতে পারেন ॥১১॥

'মাতলি'-নামে ইন্দ্রের এক প্রিয় সারথি আছেন। রূপে জগদ্বিখ্যাত একটীমাত্র কন্যা তাঁহার বংশে জন্মিয়াছিল ॥১২॥

---

(১২) মতস্ত্রিলোকরাজস্য···বা ব রা নি।

গুণকেশীতি বিখ্যাতা নাম্না সা দেবরূপিণী।
শ্রিয়া চ বপুষা চৈব স্ত্রিয়োহন্যাঃ সাতিরিচ্যতে ॥১৩॥
তস্যাঃ প্রদানসময়ং মাতলিঃ সহ ভার্য্যয়া।
জ্ঞাত্বা বিমমৃশে রাজন্! তৎপরঃ পরিচিন্তয়ন্ ॥১৪॥
ধিক্খল্বলঘুশীলানামুচ্ছ্রিতানাং যশস্বিনাম্।
নরাণাং মৃদুসত্ত্বানাং কুলে কন্যাপ্ররোহণম্ ॥১৫॥
মাতুঃ কুলং পিতৃকুলং যত্র চৈব প্রদীয়তে।
কুলত্রয়ং সংশয়িতং কুরুতে কন্যকা সতাম্ ॥১৬॥
দেবমানুষলোকৌ দ্বৌ মানুষেণৈব চক্ষুষা।
অবগাহ্যেব বিচিতৌ ন চ মে রোচতে বরঃ ॥১৭॥

ভারতকৌমুদী

মত ইতি। মতঃ প্রিয়ঃ, ত্রৈলোক্যনাথস্য ইন্দ্রস্য। একৈব কন্যা জাতা ॥১২॥
গুণেতি। সা কন্যা, অতিরিচ্যতে অতিক্রামতি ॥১৩॥
তস্যা ইতি। বিমমৃশে আলোচয়ামাস। তৎপর একাগ্রচিত্তঃ ॥১৪॥
ধিগিতি। উচ্ছ্রিতানামুন্নতবংশানাম্। মৃদুসত্ত্বানামল্পবলানাম্। কন্যাপ্ররোহণং ধিক্ ॥১৫॥
মাতুরিতি। যত্র কুলে, প্রদীয়তে কন্যা। সংশয়িতং কুরুতে স্বদোষেণ ॥১৬॥
দেবেতি। মানুষেণৈব রূপপ্রত্যক্ষকারিণা, ন পুনর্দেববৎ মনোনয়নেনেতি ভাবঃ। অবগাহ্যেব সর্ব্বত্র বিচর্য্যৈব, বিচিতৌ অন্বিষ্টৌ ॥১৭॥

সেই কন্যাটীর নাম ছিল—'গুণকেশী' এবং রূপে সে—দেবকন্যার তুল্যা ছিল, আর লাবণ্যে ও দেহের সৌষ্ঠবে সে অন্য মহিলাদিগকে অতিক্রম করিয়াছিল ॥১৩॥

রাজা! তাহাকে দান করিবার সময় উপস্থিত হইয়াছে জানিয়া মাতলি একাগ্রচিত্ত হইয়া চিন্তা করিয়া ভার্য্যার সহিত আলোচনা করিতে লাগিলেন—॥১৪॥

'উদারচেতা, উন্নতবংশ, যশস্বী, অথ চ দুর্ব্বল মানুষের বংশে কন্যার জন্মকে আমি নিন্দা করি ॥১৫॥

মাতৃকুল, পিতৃকুল এবং যে কুলে দান করা হয়, সজ্জনগণের এই তিনটী কুলকেই কন্যা সংশয়াপন্ন করে ॥১৬॥

দেবলোক ও মানুষলোক এই দুইটী লোকেই বিচরণ করিয়া মানুষনয়নেই

(১৭)···মানসেনৈব চক্ষুষা ··পি।

কণ্ব উবাচ।

ন দেবান্ নৈব দিতিজান্ ন গন্ধর্ব্বান্ ন মানুষান্।
অরোচযদ্বরকৃতে তথৈব বহুলানৃষীন্ ॥১৮॥
ভার্য্যয়া তু স সংমন্ত্র্য সহ রাত্রৌ সুধর্ম্ময়া।
মাতলির্নাগলোকায চকার গমনে মতিম্ ॥১৯॥
ন মে দেবমনুষ্যেষু গুণকেশ্যাঃ সমো বরঃ।
রূপতো দৃশ্যতে কশ্চিন্নাগেষু ভবিতা ধ্রুবম্ ॥২০॥
ইত্যামন্ত্র্য সুধর্ম্মাং স কৃত্বা চাভিপ্রদক্ষিণম্।
কন্যাং শিরস্যুপাঘ্রায় প্রবিবেশ মহীতলম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে মাতলিবরান্বেষণে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

নেতি। বরকৃতে গুণকেশ্যা বরত্বনিমিত্তে ॥১৮॥
ভার্য্যয়েতি। সুধর্ম্ময়া তদাখ্যযা। নাগলোকায় পাতালায় ॥১৯॥
নেতি। সম উপযুক্তঃ। ভবিতা স্যাদিতি ॥২০॥

ভারতভাবদীপঃ

অর্থঃ ॥৭—৯॥ বলং সৈন্যঃ বলিনাম্ ঐরাবতবলত্বাং বলং সামর্থ্যং ন ভবতি ॥১০॥ মাতলেরিতিহাসমিতি সম্বন্ধঃ ॥১১—১৪॥ উচ্ছ্রিতানাং মহত্ত্বয়া খ্যাতানাম্ ॥১৫—১৬॥ চক্ষুষা জ্ঞানেন বিচিত্তৌ অন্বিষ্টৌ ॥১৭—২১॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবতিতমোঽধ্যায়ঃ ॥৯০॥

আমি অন্বেষণ করিয়াছি; কিন্তু কোন ব্যক্তিই গুণকেশীর বররূপে আমার অভিপ্রেত হয় নাই' ॥১৭॥

কণ্ব বলিলেন—দেব, দানব, গন্ধর্ব্ব, মনুষ্য এবং বহুতর ঋষি পর্য্যবেক্ষণ করিয়াও মাতলি গুণকেশীর বর নির্ব্বাচন করিতে পারিলেন না ॥১৮॥

তাহার পর মাতলি একদা রাত্রিতে সুধর্ম্মানাম্নী ভার্য্যার সহিত আলোচনা করিয়া পাতালে যাইবার সঙ্কল্প করিলেন (এবং বলিলেন—) ॥১৯॥

'দেবতা বা মানুষের মধ্যে কোন ব্যক্তিকেই গুণকেশীর উপযুক্ত বররূপে দেখা গেল না। কিন্তু নিশ্চয়ই পাতালে থাকিবে' ॥২০॥

---

* '…সপ্তনবতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

একনবতিতমোঽধ্যায়ঃ ।

কণ্ব উবাচ ।

মাতলিস্তু ব্রজন্ মার্গে নারদেন সুরর্ষিণা ।
বরুণং গচ্ছতা দ্রষ্টুং সমাগচ্ছদ্‌যদৃচ্ছয়া ॥১॥
নারদোঽথাব্রবীদেনং ক্ক ভবান্ গন্তুমুদ্যতঃ ।
স্বেন বা সূত ! কার্য্যেণ শাসনাদ্বা শতক্রতোঃ ॥২॥
মাতলির্নারদেনৈবং সংপৃষ্টঃ পথি গচ্ছতা ।
যথাবৎ সর্বমাচষ্ট স্বকার্য্যং নারদং প্রতি ॥৩॥

ভাতকৌমুদী

ইতীতি। সুধর্ম্মাং তদাখ্যাং ভার্য্যাম্। অভিপ্রদক্ষিণম্ অভীষ্টদেবতাবাঃ। মহ্যাস্তলং পাতালম্ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যাযামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে নবতিতমোঽধ্যাযঃ ॥০॥

মাতলিবিতি। সমাগচ্ছৎ মিলিতোঽভবৎ, যদৃচ্ছয়া অতর্কিতভাবেন ॥১॥
নাবদ ইতি। এনং মাতলিম্। স্বেন স্বকীযেন। শাসনাদাদেশাৎ, শতক্রতোবিন্দ্রস্য ॥২॥
মাতলিবিতি। স্বকার্য্যং গুণকেশ্যা ববান্বেষণম্ ॥৩॥

মাতলি নিজভার্য্যা সুধর্ম্মাব সহিত এইরূপ আলোচনা কবিযা অভীষ্টদেবতা-প্রদক্ষিণ ও কন্যাব মস্তকাঘ্রাণপূর্বক পাতালে যাইযা প্রবেশ কবিলেন' ॥২১॥

কণ্ব বলিলেন—'মাতলি যাইবাব সমযে পথে অতর্কিতভাবে দেবর্ষি নাবদেব সহিত মিলিত হইলেন। কাবণ, নাবদও বরুণেব সহিত সাক্ষাৎ কবিবাব জন্য যাইতেছিলেন ॥১॥

তাহাব পব নাবদ মাতলিকে বলিলেন—'মাতলি! তুমি আপন কার্য্যে কিংবা দেববাজেব আদেশে কোথায যাইতে উদ্যত হইযাছ? ॥২॥

নাবদ পথে চলিতে চলিতে এইরূপ জিজ্ঞাসা কবিলে, মাতলি নিজেব সমস্ত কার্য্যেব বিষয় যথাযথভাবে তাঁহাব নিকট বলিলেন ॥৩॥

(১) নাবদেন মহর্ষিণা বা ব বা নি।

তমুবাচাথ স মুনির্গচ্ছাবঃ সহিতাবিতি।
সলিলেশদিদৃক্ষার্থমহমপ্যুদ্যতো দিবঃ ॥৪॥
অহং তে সর্বমাখ্যাস্যে দর্শয়ন্ বসুধাতলম্।
দৃষ্ট্বা তত্র বরং কঞ্চিদ্রোচয়িষ্যাব মাতলে ! ॥৫॥
অবগাহ্য তু তৌ ভূমিমুভৌ মাতলিনারদৌ।
দদৃশাতে মহাত্মানৌ লোকপালমপাংপতিম্ ॥৬॥
তত্র দেবর্ষিসদৃশীং পূজাং প্রাপ স নারদঃ।
মহেন্দ্রসদৃশীঞ্চৈব মাতলিঃ প্রত্যপদ্যত ॥৭॥
তাবুভৌ প্রীতমনসৌ কার্য্যবন্তৌ নিবেদ্য হ।
বরুণেনাভ্যনুজ্ঞাতৌ নাগলোকং বিচেরতুঃ ॥৮॥

ভারতকৌমুদী

তমিতি। সলিলেশদিদৃক্ষার্থং বরুণদর্শনার্থম্। উদ্যতো গন্তুম্, দিবঃ স্বর্গাৎ ॥৪॥
অহমিতি। আখ্যাস্যে বর্ণয়িষ্যামি। রোচয়িষ্যাব ইতি বিসর্গলোপ আর্ষঃ ॥৫॥
অবেতি। অবগাহ্য প্রাপ্য। অপাংপতিং বরুণম্ ॥৬॥
তত্রেতি। দেবর্ষেঃ সদৃশীং যোগ্যাম্। মহেন্দ্রসদৃশীং পূজাম্, প্রত্যপদ্যত প্রাপ্নোৎ ॥৭॥
তাবিতি। নিবেদ্য বরুণায় মাতলিকার্য্যং বিজ্ঞাপ্য। নাগলোকং পাতালম্ ॥৮॥

তৎপরে নারদ মাতলিকে কহিলেন—'আমরা একসঙ্গে যাইব। কারণ, আমিও বরুণের সহিত সাক্ষাৎ করিবার জন্য স্বর্গ হইতে মর্ত্ত্যে যাইবার উদ্যম করিয়াছি ॥৪॥

মাতলি। আমি তোমাকে ভূতল দর্শন করাইতে থাকিয়া তোমার নিকট সকলের বিষয় বর্ণন করিব; তাহার পর সেখানে দেখিয়া দেখিয়া আমরা কোন ব্যক্তিকে তোমার কন্যার বর নির্বাচন করিব' ॥৫॥

তাহার পর মহাত্মা নারদ ও মাতলি উভয়েই ভূতলে উপস্থিত হইয়া লোকপাল বরুণের সহিত সাক্ষাৎ করিলেন ॥৬॥

সেখানে নারদ দেবর্ষির উপযুক্ত পূজা লাভ করিলেন এবং মাতলিও দেবরাজের তুল্য সম্মান পাইলেন ॥৭॥

তাহার পর তাঁহারা দুই জনেই সন্তুষ্টচিত্ত হইয়া বরুণের নিকটে মাতলির কার্য্যের বিষয় জানাইয়া তাঁহার অনুমতিক্রমে পাতালে বিচরণ করিতে লাগিলেন ॥৮॥

(৬) অবগাহ্য ততো ভূমিম্ পি।

নারদঃ সর্বভূতানামন্তভূ মিনিবাসিনাম্।
জানংশ্চকার ব্যাখ্যানং যন্তুঃ সর্বমশেষতঃ ॥৯॥

নারদ উবাচ।

দৃষ্টস্তে বরুণঃ সূত! পুত্রপৌত্রসমাবৃতঃ।
পশ্যোদকপতেঃ স্থানং সর্বতোভদ্রমৃদ্ধিমৎ ॥১০॥
এষ পুত্রো মহাপ্রাজ্ঞো বরুণস্যেহ গোপতেঃ।
এষ বৈ শীলবৃত্তেন শৌচেন চ বিশিষ্যতে ॥১১॥
এষোঽস্য পুত্রোঽভিমতঃ পুষ্করঃ পুষ্করেক্ষণঃ।
রূপবান্ দর্শনীয়শ্চ সোমপুত্র্যা বৃতঃ পতিঃ ॥১২॥
জ্যোৎস্নাকাবীতি যামাহুর্দ্বিতীয়াং রূপতঃ শ্রিয়ম্।
আদিত্যাশ্চৈব যঃ পুত্রো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠঃ কৃতঃ স্মৃতঃ ॥১৩॥

ভাবতকৌমুদী

নাবদ ইতি। অন্তর্ভূমিনিবাসিনাং পাতালান্তর্গতানাম্। যন্তুঃ সাবথের্মাতলেঃ ॥৯॥
দৃষ্ট ইতি। তে ত্বয়া। উদকপতের্ব্বকণস্য, সর্ব্বতোভদ্রং সর্ব্বত্র মঙ্গলময়ম্ ॥১০॥
এষ ইতি। গোপতের্জলাধিপতেঃ। শীলবৃত্তেন স্বভাবাচাবেণ ॥১১॥
এষ ইতি। অভিমতঃ প্রিয়ং, পুষ্কবো নাম, পুষ্কবেক্ষণঃ পদ্মনয়নঃ ॥১২॥
জ্যোৎস্নেতি। আদিত্যা দেবাঃ, যাং সোমপুত্রীং চন্দ্রতনযাম্, নাম্না জ্যোৎস্নাকাবীতি কপতশ্চ দ্বিতীযাং শ্রিযং লক্ষ্মীমাহুঃ, তয়া বকণস্য যো জ্যেষ্ঠঃ পুত্রঃ পুষ্কবঃ, আত্মনা পতিত্বেন ববণাদেব শ্রেষ্ঠঃ কৃতঃ স্মৃতঃ। জ্যোৎস্নাং কবোতীতি কর্ম্মণ্যণ্ ॥১৩॥

নারদ পাতালবাসী সকল প্রাণীবই সমস্ত বিষয় জানিতেন বলিযা মাতলিব নিকটে সে সকলেব বর্ণনা কবিলেন ॥৯॥

তাহাব পব নাবদ বলিলেন—'মাতলি! তুমি পুত্র-পৌত্র-পবিবেষ্টিত অবস্থায় বকণকে দেখিলে; এখনে সর্বত্র মঙ্গলময় ও সমৃদ্ধিশালী বকণেব নগবী দর্শন কব ॥১০॥

জলাধিপতি বকণেব এই মহাপ্রাজ্ঞ পুত্র এখানে আছেন; ইনি স্বভাব, আচার ও পবিত্রতার গুণে প্রাধান্য লাভ কবিযাছেন ॥১১॥

এই পদ্মনয়ন পুকষ বকণেব প্রিয়তম পুত্র; ইহাব নাম—'পুষ্কব' ইনি কপবান্ বলিয়া চন্দ্রেব কন্যা ইহাকে পতিত্বে ববণ কবিযাছেন ॥১২॥

দেবতারা যাঁহাকে 'জ্যোৎস্নাকাবী'-নাম্নী এবং কপে দ্বিতীয়া লক্ষ্মী বলিয়া

---

(১৩) জ্যোৎস্নাকালীতি ·আদিত্যাশ্চৈব বা ব বা নি।

ভবনং বারুণং পশ্য যদেতৎ সর্বকাঞ্চনম্ ।
যৎ প্রাপ্য সুরতাং প্রাপ্তাঃ সুরাঃ সুরপতেঃ সখে ! ॥১৪॥
এতানি হৃতরাজ্যানাং দৈতেয়ানাং স্ম মাতলে ! ।
দীপ্যমানানি দৃশ্যন্তে সর্বপ্রহরণান্যুত ॥১৫॥
অক্ষয়াণি কিলৈতানি বিবর্ত্তন্তে স্ম মাতলে ! ।
অনুভাবপ্রযুক্তানি সুরৈরবজিতানি হ ॥১৬॥
অত্র রাক্ষসজাত্যশ্চ দৈত্যজাত্যশ্চ মাতলে ! ।
দিব্যপ্রহরণাশ্চাসন্ পূর্বদৈবতনির্ম্মিতাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

ভবনমিতি। সর্ব্বেশ্বরবেষু কাঞ্চনঃ স্বর্ণময়ম্। সুরতাং দেবত্বম্ ॥১৪॥
এতানীতি। সর্ব্বপ্রহরণানি সর্ব্ববিধান্যস্ত্রাণি ॥১৫॥
অক্ষয়াণীতি। বিবর্ত্তন্তে ক্ষিপ্তান্যপি পুনঃ ক্ষেপ্তুর্হস্তমায়ান্তি ॥১৬॥
অত্রেতি। অত্র অঙ্গুল্যা নির্দ্দিষ্টে দেশে। পূর্ব্বদৈবতৈরসুরৈর্নির্ম্মিতাঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

মাতলিরিতি ॥১—৮॥ যন্তঃ যন্তারং মাতলিং প্রতি ॥৯—১০॥ গোপতেঃ বারিপতেঃ। "ভূবাগ্বারিষু গৌর্মতঃ" ইতি বিশ্বঃ ॥১১—১২॥ দ্বিতীয়াং সোমপুত্রীম্, তথা অদিত্যাঃ পুত্রঃ সূর্য্যঃ শ্রেষ্ঠঃ কৃতঃ ভর্ত্তা কৃতঃ ॥১৩। বারুণ্যাৎ বারুণ্যাঃ সুরায়াঃ ইদং বারুণ্যং সুরা বিদ্যতে যেষাং তে সুরাঃ ॥১৪—১৫॥ বিবর্ত্তন্তে প্রক্ষিপ্তান্যপি পুনঃপুনঃ প্রহর্ত্তুর্হস্তমায়ান্তি ॥১৬॥ জাত্যঃ জাতীয়াঃ পূর্বদৈবতানি পূর্বদেবাঃ দৈত্যাঃ। সর্বেতি পাঠে নির্ম্মিতাঃ নিশ্চয়েন

থাকেন; ইনি বরুণের যে জ্যেষ্ঠপুত্রকে পতিরূপে বরণ করিয়া শ্রেষ্ঠ করিয়াছেন ॥১৩॥

দেবরাজমিত্র! দেখ, এই যে স্বর্ণময় ভবন রহিয়াছে, ইহা বরুণের। দেবগণ যাহা প্রাপ্ত হইয়া দেবত্ব প্রাপ্ত হইয়াছেন ॥১৪॥

মাতলি! হৃতরাজ্য দৈত্যগণের এই সর্বপ্রকার উজ্জ্বল অস্ত্র দেখা যাইতেছে ॥১৫॥

মাতলি! এই অক্ষয় অস্ত্রগুলি নিক্ষিপ্ত হইয়া পুনরায় হস্তে উপস্থিত হয় এবং পূর্বে এইগুলিকে দৈত্যেরা শক্তি অনুসারে প্রয়োগ করিত, পরে দেবতারা জয় করিয়া রাখিয়াছেন ॥১৬॥

মাতলি! এইস্থানে রাক্ষসেরা ও দৈত্যেরা বাস করিত; এই বাসভবনগুলিতে অলৌকিক অস্ত্র সকল ছিল এবং দৈত্যেরা এগুলি নির্ম্মাণ করিয়াছিল ॥১৭॥

(১৪) ভবনং পশ্য বারুণ্যম্ বা ব বা নি।

অগ্নিরেষ মহার্চ্চিষ্মান্ জাগর্ত্তি বারুণে হ্রদে।
বৈষ্ণবং চক্রমাবিদ্ধং বিধূমেন হবিষ্মতা ॥১৮॥
এষ গাণ্ডীময়শ্চাপো লোকসংহারসংভৃতঃ।
রক্ষ্যতে দৈবতৈর্নিত্যং যতস্তদ্‌গাণ্ডিবং ধনুঃ ॥১৯॥
এষ কৃত্যে সমুৎপন্নে তত্তদ্ধারয়তে বলম্।
সহস্রশতসংখ্যেন প্রাণেন সততং ধ্রুবঃ ॥২০॥
অশাস্যানপি শাস্ত্যেষ রক্ষোবন্ধুষু রাজসু।
সৃষ্টঃ প্রথমতশ্চণ্ডো ব্রহ্মণা ব্রহ্মবাদিনা ॥২১॥

ভাবতকৌমুদী

অগ্নিরিতি। জাগর্ত্তি বর্ত্ততে। আবিদ্ধং পরিবেষ্টিতম্, হবিষ্মতা অগ্নিনা ॥১৮॥

এষ ইতি। মহিষাসুরস্য গণ্ডস্য ইয়মস্থিসংহতিরিতি গাণ্ডী তন্ময়স্তদ্বিকারঃ, চাপো ধনুঃ, লোকসংহারায় সংভৃতো ব্রহ্মণা নির্ম্মিতঃ। তদেতৎ ॥১৯॥

এষ ইতি। সহস্রশতসংখ্যেন লক্ষসংখ্যকেন অতিবিশালেনেত্যর্থঃ, প্রাণেন শক্ত্যা যুক্ত ইতি শেষঃ, সততং ধ্রুবো নিশ্চলশ্চ, এষ চাপঃ, কৃত্যে কার্য্যে, সমুৎপন্নে উপস্থিতে সতি, তত্তৎ দৈবমাসুরঞ্চ বলং ধারয়তে ॥২০॥

অশাস্যানিতি। ব্রহ্মবাদিনা বেদবাদিনা ব্রহ্মণা, প্রথমতঃ সৃষ্টঃ, চণ্ডো ভয়ঙ্করঃ, এষ চাপঃ, রক্ষোবন্ধুষু রাক্ষসসুহৃৎসু রাক্ষসপ্রকৃতিষিত্যর্থঃ রাজসু মধ্যে, অশাস্যান্ অদম্যানপি রাজ্ঞঃ, শাস্তি দময়তি। মহাশক্তিকোঽয়ং চাপ ইতি ভাবঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

প্রক্ষিপ্তাঃ ॥১৭॥ অগ্নিরিতি। হবিষ্মতাগ্নিনা আবিদ্ধং রুদ্ধং বিষ্ণুচক্রজমপ্যত্র ভয়ং নাস্তীত্যর্থঃ ॥১৮॥ গাণ্ডী খড়্গাখ্যঃ পশুবিশেষঃ তস্য বিকারো গাণ্ডীময়ঃ তস্য হি পশূনাং বা পৃষ্ঠবংশস্য ধনুঃ কর্ত্তুং শক্যং যস্ত গাণ্ডীময়ত্বাদেব তৎ গাণ্ডীবং নাম ধনুরভূৎ গাণ্ডীশব্দাদ্বিকারার্থো বপ্রত্যয়ঃ কল্প্যত ইতি ভাবঃ। গাণ্ডীবজ্রগ্রন্থিস্তন্ময় ইত্যন্যে ॥১৯॥ এষ চাপঃ কৃত্যে অভেত্তভেদেন তত্তৎ তাবত্তাবৎপ্রাণেন বলেন সর্বদা লক্ষচাপতুল্যবলোঽপ্যয়ং চাপঃ কার্য্যকালেঽধিকবলোঽপি ভবতীত্যনন্তবল ইত্যর্থঃ ॥২০॥ রক্ষোবন্ধুষু রক্ষস্তুল্যেষু ॥২১॥

এই বারুণহ্রদে এই বিশাল অগ্নি রহিয়াছে; ধূমবিহীন এই অগ্নিই বিষ্ণুর সুদর্শনচক্র পরিবেষ্টন করিয়া প্রকাশ পাইতেছে ॥১৮॥

মহিষাসুরের গণ্ডাস্থিনির্ম্মিত এই ধনু রহিয়াছে; ব্রহ্মা লোকসংহারের জন্য এই ধনু নির্ম্মাণ করিয়াছিলেন এবং দেবতারা সর্বদা ইহা রক্ষা করিয়া থাকেন। যে হেতু এই ধনুখানাকেই সেই গাণ্ডিব বলে ॥১৯॥

বিশালশক্তিশালী ও সর্বদা নিশ্চল এই গাণ্ডীবধনু কার্য্যকাল উপস্থিত হইলে দৈববল ও আসুরবল ধারণ করে ॥২০॥

এতচ্ছত্ত্রং নরেন্দ্রাণাং মহচ্চক্রেণ ভাসিতম্ ।
পুত্রাঃ সলিলরাজস্য ধারয়ন্তি মহোদয়ম্ ॥২২॥
এতৎ সলিলরাজস্য ছত্রং ছত্রগৃহে স্থিতম্ ।
সর্বতঃ সলিলং শীতং জীমূত ইব বর্ষতি ॥২৩॥
এতচ্ছত্রাৎ পবিভ্রষ্টং সলিলং সোমনির্ম্মলম্ ।
তমসা মূর্চ্ছিতং ভাতি যেন নার্চ্ছতি দর্শনম্ ॥২৪॥
বহূন্যদ্ভুতরূপাণি দ্রষ্টব্যানীহ মাতলে ! ।
তব কার্য্যোপরোধস্তু তস্মাদ্‌গচ্ছাব মা চিরম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে মাতলিবরান্বেষণে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতদিতি । শস্ত্রং ধনুঃ । চক্রেণ সুদর্শনেন । মহান্ উদয়ো জয়োন্নতির্যস্মাত্তৎ ॥২২॥

এতদিতি । সলিলরাজস্য বরুণস্য । জীমূতো মেঘঃ ॥২৩॥

এতদিতি । মূর্চ্ছিতং দেবপ্রভাবাদাবৃতম্ । নার্চ্ছতি ন প্রাপ্নোতি ॥২৪॥

বহূনীতি । কার্য্যস্য উপরোধো হানিঃ । গচ্ছাব ইতি বিসর্গলোপ আর্ষঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

এতচ্ছস্ত্রং ধনুঃ চক্রেণ চক্রাদপি । 'এতচ্ছাস্ত্রং নরেন্দ্রাণাং মহচ্ছুক্রেণ ভাষিত'মিতি পাঠে নীতিশাস্ত্রং শুক্রেণ কাব্যেন । ছত্রেণেতি বা পাঠঃ ॥২২—২৩॥ মূর্চ্ছিতম্ অভিভূতম্ আবৃতমিতি যাবৎ । যেন হেতুনা জনোঽস্য দর্শনং নার্চ্ছতি ন প্রাপ্নোতি ॥২৪—২৫॥

ইতি উদ্‌যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একনবতিতমোঽধ্যায়ঃ ॥৯১॥

বেদবাদী ব্রহ্মা প্রথম এই ভীষণ ধনু সৃষ্টি করিয়াছিলেন ; এই ধনু রাক্ষসস্বভাব রাজাদের মধ্যে অদম্য রাজগণকেও দমন করিতে পারে ॥২১॥

সুদর্শনচক্রের তেজে সমুদ্ভাসিত এই ধনু রাজাদের পক্ষে গুরুতর অস্ত্র এবং জয়োন্নতিসাধক এই ধনু বরুণের পুত্রেরা ধারণ করেন ॥২২॥

ছত্রগৃহে স্থিত এই বরুণদেবের ছত্র ; এই ছত্র মেঘের ন্যায় সকল দিকে শীতল জল বর্ষণ করে ॥২৩॥

এই ছত্র হইতে নির্গত চন্দ্রের ন্যায় নির্ম্মল জল অন্ধকারে আবৃত থাকে ; যে জন্য দৃষ্টিগোচর হয় না ॥২৪॥

---

* 'অষ্টনবতিতমোঽধ্যায়ঃ' বা ব বা নি ।

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

এতত্তু নাগলোকস্য নাভিস্থানে স্থিতং পুরম্।
পাতালমিতি বিখ্যাতং দৈত্যদানবসেবিতম্ ॥১॥
ইদমদ্ভিঃ সমং প্রাপ্তা যে কেচিদ্ভুবি জঙ্গমাঃ।
প্রবিশন্তো মহানাদং নদন্তি ভয়পীড়িতাঃ ॥২॥
অত্রাসুরোঽগ্নিঃ সততং দীপ্যতে বারিভোজনঃ।
ব্যাপারেণ ধৃতাত্মানং নিবদ্ধং সমবুধ্যত ॥৩॥

ভাবকৌমুদী

এতদিতি। এতদঙ্গুল্যা নির্দ্দিষ্টম্। নাভিস্থানে মধ্যদেশে ॥১॥

ইদমিতি। অদ্ভিঃ সাগরজলেন, সমং সহ, প্রাপ্তা আগতাঃ। জঙ্গমাঃ প্রাণিনঃ ॥২॥

অত্রেতি। আসুরঃ অসুরসেবিতঃ। বারিভোজনো জলপায়ী। ব্যাপারেণ দেবানাং যত্নেন, ধৃতাত্মানং প্রসরণে নিবারিতস্বরূপম্, অতো নিবদ্ধমিব। অন্যথা সর্ব্বং দহেৎ ॥৩॥

ভারতভাবদীপঃ

এতদিতি ॥১॥ অদ্ভিঃ সমং প্রাপ্তাঃ জলবেগেনানীতাঃ ॥২॥ ব্যাপারেণ যত্নেন ধৃতঃ মর্য্যাদায়াঃ স্থাপিতঃ অন্যথা সদ্যঃ কৃৎস্নং সমুদ্রং লোকাংশ্চ দহেৎ আত্মানং নিবদ্ধং দেবৈরিতি শেষ।

মাতলি! এখানে বহুতর অদ্ভুতবস্তু দ্রষ্টব্য আছে; কিন্তু সেগুলি দেখিতে লাগিলে তোমার কার্য্যের ব্যাঘাত ঘটিবে। অতএব চল, আমরা সত্বর যাই' ॥২৫॥

নারদ বলিলেন—'নাগলোকের মধ্যস্থানে 'পাতাল' নামে বিখ্যাত এবং দৈত্যদানবসেবিত এই একটী নগর রহিয়াছে ॥১॥

জগতে যে কিছু জঙ্গম প্রাণী আছে, তাহারা জলের সহিত এই নগরের নিকটে উপস্থিত হইয়া ইহার ভিতরে প্রবেশ করিবার সময়ে ভয়ে গুরুতর শব্দ করে ॥২॥

এই নগরে জলপায়ী আসুর অগ্নি সর্বদা জ্বলিতেছে; দেবতাদের চেষ্টায় উহার প্রসার হয় না। কারণ, ঐ অগ্নি যেন আপনাকে নিবদ্ধ বলিয়া মনে করে ॥৩॥

অত্রামৃতং সুরৈঃ পীত্বা নিহিতং নিহতারিভিঃ।
অতঃ সোমস্য হানিশ্চ বৃদ্ধিশ্চৈব প্রদৃশ্যতে ॥৪॥
অত্রাদিত্যো হয়শিরাঃ কালে পর্ব্বণি পর্ব্বণি।
উত্তিষ্ঠতি সুবর্ণাখ্যো বাগ্‌ভিরাপূরয়ন্ জগৎ ॥৫॥
যস্মাদলং সমস্তাস্তাঃ পতন্তি জলমূর্ত্তয়ঃ।
তস্মাৎ পাতালমিত্যেব খ্যাযতে পুবমুত্তমম্ ॥৬॥

ভাবতকৌমুদী

অত্রেতি। নিহিতং স্থাপিতম্। হানিঃ পানে বৃদ্ধিশ্চ নিধানে, সোমস্যামৃতময়ত্বাৎ ॥৪॥

অত্রেতি। আদিত্যঃ অদিত্যাঃ পুত্রঃ, সুবর্ণমিব আখ্যাযতে কান্তৌ উচ্যত ইতি সুবর্ণাখ্যঃ, হযশিবা হযগ্রীবো বিষ্ণুঃ, পর্ব্বণি পর্ব্বণি কালে সর্ব্বদা দর্শপৌর্ণমাস্যোঃ, বাগ্‌ভিঃ ব্রহ্মচাবিণাং বেদধ্বনিভিঃ, জগদাপূবযন্ অত্র উত্তিষ্ঠতি ॥৫॥

যস্মাদিতি। অলমত্যর্থম্। জলমূর্ত্তযো জলানি। পাতে অলমিতি পাতালম্ ॥৬॥

ভাবতভাবদীপঃ

সমবুধ্যত অগ্নিবিত্যর্থঃ। প্রতাপস্থেতি সন্ধিবার্ষঃ ॥৩॥ নিহিতং স্থাপিতম্ অতঃ সোমস্যেতি কন্দুকাকাবং ভূগোলং প্রদক্ষিণীকুর্বতঃ সূর্য্যস্য সোমস্য বা কেনচিদ্ভূগোলপ্রদেশেন আববণাৎ কদাচিদ্দর্শনং ভবতি নৈব তেষাং বাত্রিঃ। যে তু গোলস্য শিবসি অধস্তাচ্চ তিষ্ঠন্তি তে সর্বদৈব সূর্য্যাদীন্ পশ্যন্তি তত্র জলময়ং চন্দ্রমণ্ডলং সূর্য্যবশ্মিভিস্তৈজসৈঃ প্রকাশ্যতে তযোশ্চ যথা যথা বিপ্রকর্ষঃ তথা তথাধিকং চন্দ্রোঽবভাষতে। যথা যথা সন্নিকর্ষঃ তথা তথাধিকং সূর্য্যপুবোবর্ত্তিভিবগ্ন্যাদিভির্দেবতাভিস্তিবোধীযতেঽস্মদ্দৃষ্ট্যা। এতদেবাভিলক্ষ্য—"প্রথমং পিবতে বহ্নির্দ্বিতীয়াং পিবতে ববি"বিত্যাদিশাস্ত্রং প্রবৃত্তম্। পানং চেহ সন্নিধ্যাদাপ্যাযনমাত্রং পাতালনাভিস্থানাং তু মেরুশিখবস্থানামিব সর্বদা সম্পূর্ণ এব চন্দ্রোঽবভাসতে। তদ্দৃশ্যপ্রদেশেঽগ্র্যাদ্যাববণাভাবাৎ অতঃ স্থানাৎ চন্দ্রস্য হ্রাসবৃদ্ধী প্রদৃশ্যেতে ইতি বিরম্বলক্ষণযা ন দৃশ্যেতে ইত্যর্থঃ। ন দৃশ্যতে ইত্যেব পাঠে লেখকপ্রমাদাদ্ভ্রষ্টো বা ॥৪॥ আদিত্যোঽদিতেঃ পুত্রো বিষ্ণুর্হযগ্রীবরূপী সুবর্ণাখ্যং জগৎ বেদরূপী নামাত্মকঃ প্রপঞ্চঃ। "নাম বা ঋগ্বেদ" ইত্যাদিশ্রুতেঃ। তং বাগ্‌ভিরা পূবযন্ উত্তিষ্ঠতি বেদাধ্যাযিনাং ধ্বনিং উপবৃংহযিতুমাবির্ভবতীত্যর্থঃ ॥৫॥ জলমূর্ত্তযশ্চন্দ্রশ্চন্দ্রাদ্যাঃ

শক্রবিজয়ী দেবতাবা অমৃত পান কবিযা তাহাব অবশিষ্ট এইখানেই বাখেন। তাহাতেই চন্দ্রেব ক্ষয় ও বৃদ্ধি দেখা যায ॥৪॥

অদিতিনন্দন হযগ্রীব বিষ্ণু স্বর্ণকান্তি ধাবণ কবিয়া প্রত্যেক পর্বকালে বেদধ্বনিদ্বাবা জগৎ পূর্ণ কবতঃ এই নগবেই উত্থিত হন ॥৫॥

যে হেতু প্রসিদ্ধ সমস্ত জল এই নগবেই অধিক পতিত হয়, সেই জন্যই এই উত্তম নগবটীকে 'পাতাল' বলে ॥৬॥

---

(৫) সুবর্ণাক্ষং বাগ্ভিঃ পি। (৬) যস্মাদত্র সমগ্রাস্তাঃ পি।

ঐরাবণোঽস্মাৎ সলিলং গৃহীত্বা জগতো হিতঃ।
মেঘেষ্বামুঞ্চতে শীতং যন্মহেন্দ্রঃ প্রবর্ষতি ॥৭॥
ঐরাবণো নাগরাজো বামনঃ কুমুদোঽঞ্জনঃ।
প্রসূতাঃ সুপ্রতীকস্য বংশে বারণসত্তমাঃ ॥৮॥
অত্র নানাবিধাকারাস্তিময়ো নৈকরূপিণঃ।
অপ্সু সোমপ্রভাং পীত্বা বসন্তি জলচারিণঃ ॥৯॥
অত্র সূর্য্যাংশুভির্ভিন্নাঃ পাতালতলমাশ্রিতাঃ।
মৃতা হি দিবসে সূত! পুনর্জীবন্তি বৈ নিশি ॥১০॥
উদয়ন্ নিত্যশশ্চাত্র চন্দ্রমা রশ্মিবাহুভিঃ।
অমৃতং স্পৃশ্য সংস্পর্শাৎ সঞ্জীবয়তি দেহিনঃ ॥১১॥
অত্র তেঽধর্ম্মনিরতা বদ্ধাঃ কালেন পীড়িতাঃ।
দৈতেয়া নিবসন্তি স্ম বাসবেন হৃতশ্রিয়ঃ ॥১২॥

ভাবতকৌমুদী

ঐবেতি। ঐবাবণো দেবহস্তী, অস্মাৎ পাতালাৎ। আমুঞ্চতে উদ্গিবতি ॥৭॥
অথ কো নামৈবাবণ ইত্যাহ ঐবেতি। প্রসূতা জাতাঃ। বাবণা হস্তিনঃ ॥৮॥
অত্রেতি। তিময়ো জন্তুবিশেষাঃ, নৈকরূপিণো নানাবর্ণাঃ। অপ্সু জলে ॥৯॥
অত্রেতি। ভিন্না আহতাঃ, তে জলচাবিণ এব। হে সূত! ইন্দ্রসাবথে। ॥১০॥
উদয়ন্নিতি। স্পৃশ্য স্পৃষ্ট্বা, সংস্পর্শাৎ তত্তদ্দেহিদেহানাম্ ॥১১॥
অত্রেতি। কালেন অতিদীর্ঘেণ। স্মেতি পাদপূরণে। বাসবেন ইন্দ্রেণ ॥১২॥

জগতেব হিতকাবী ঐবাবতহস্তী এই স্থান হইতেই জল গ্রহণ কবিয়া মেঘেব উপবে উদ্গাব কবে ; ইন্দ্র যে শীতল জল বর্ষণ কবেন ॥৭॥

নাগবাজ ঐবাবণ, বামন, কুমুদ ও অঞ্জন এই হস্তিশ্রেষ্ঠগুলি সুপ্রতীকেব (হস্তীব) বংশে জন্মিযাছে ॥৮॥

নানাবিধাকৃতি ও নানাবিধবর্ণ জলচাবী তিমি সকল চন্দ্রেব কিবণ পান কবিয়া এই স্থানে জলে বাস কবে ॥৯॥

মাতলি! পাতালবাসী সেই জীবগুলি এই স্থানে দিনে সূর্য্যেব কিবণে আহত হইযা মৃত অবস্থায থাকে, আবাব বাত্রিতে জীবিত হয় ॥১০॥

কাবণ, চন্দ্র প্রত্যহ এই স্থানে উদিত হইয়া কিবণরূপ হস্তদ্বাবা অমৃত স্পর্শ কবিযা আবাব সেই হস্তস্পর্শে জীবগণকে উজ্জীবিত কবেন ॥১১॥

(৮) অয়ং শ্লোকঃ পবস্তাদ্বিন্যস্তঃ পি বা ব বা। ঐবাবতো নাগবাজঃ নি। (১১) নিত্যশশ্চাপি পি।

অত্র ভূতপতির্নাম সর্বভূতমহেশ্বরঃ।
ভূতয়ে সর্বভূতানামচরত্তপ উত্তমম্ ॥১৩॥
অত্র গোব্রতিনো বিপ্রাঃ স্বাধ্যায়াম্নায়কর্শিতাঃ।
ত্যক্তপ্রাণা জিতস্বর্গা নিবসন্তি মহর্ষয়ঃ ॥১৪॥
যত্রতত্রশয়ো নিত্যং যেন কেনচিদাশিতঃ।
যেন কেনচিদাচ্ছন্নঃ স গোব্রত ইহোচ্যতে ॥১৫॥
পশ্য যদ্যত্র তে কশ্চিদ্রোচতে গুণতো বরঃ।
বরয়িষ্যামি তং গত্বা যত্নমাস্থায় মাতলে ! ॥১৬॥
অণ্ডমেতজ্জলে ন্যস্তং দীপ্যমানমিব শ্রিয়া।
আ প্রজানাং নিসর্গাদ্বৈ নোদ্ভিদ্যতি ন সর্পতি ॥১৭॥

ভারতকৌমুদী

অত্রেতি। সর্বভূতমহেশ্বরঃ শিবঃ। ভূতয়ে মঙ্গলায় ॥১৩॥

অত্রেতি। স্বাধ্যায়ানাং বেদানাম্ আম্নায়েন পাঠেন কর্শিতাঃ ক্লেশিতাঃ ॥১৪॥

অথ কিং নাম গোব্রতমিত্যাহ যত্রেতি। যত্র তত্র দেশে শেত ইতি যত্রতত্রশয়ঃ, যেন কেনচিৎ খাদ্যেন আশিতঃ সম্পাদিতভোজনঃ, যেন কেনচিৎ বাসসা তরুবল্কলেন বা আচ্ছন্ন আবৃতদেহো যঃ, স ইহ গোব্রত উচ্যতে গোরিব ব্রতং যস্যেতি ব্যুৎপত্তেঃ ॥১৫॥

পশ্যেতি। গুণতো গুণেন। আস্থায় অবলম্ব্য ॥১৬॥

ভারতভাবদীপঃ

পতন্তি চন্দ্রকান্তবজ্জলং স্রবন্তি অতোঽয়ং পতজ্জল ইতি বক্তব্যে পাতাল ইত্যর্থঃ ॥৬—৮॥ প্রদেশান্তরং গত্বাহ—অত্র সূর্য্যাংশুভিরিতি। দিবসেঽস্মদীয়রাত্রৌ নিশি অস্মদীয়দিবসে ॥৯—১২॥ স্বাধ্যায়াম্নায়ো বেদপাঠঃ ॥১৩॥ গোব্রতং ব্যাচষ্টে—যত্রেতি ॥১৪—১৬॥

ইন্দ্রকর্ত্তৃক হৃতসম্পত্তি অধর্ম্মনিরত দৈত্যেরা অনিয়ত কালে বদ্ধ ও পীড়িত থাকিয়া এই স্থানে বাস করে ॥১২॥

'ভূতপতি'—নামক মহাদেব সমস্ত প্রাণীর মঙ্গলের জন্য এই স্থানেই তপস্যা করিয়াছিলেন ॥১৩॥

বেদপাঠক্লিষ্ট, সংযতপ্রাণ ও স্বর্গবিজয়ী মহর্ষি ব্রাহ্মণেরা গোব্রত ধারণপূর্বক এই স্থানেই বাস করেন ॥১৪॥

যিনি সর্বদা যেখানে সেখানে শয়ন করেন, যে কোন বস্তু আহার করেন এবং যে কোন পদার্থদ্বারা দেহ আবৃত রাখেন, তাঁহাকে গোব্রতী বলে ॥১৫॥

মাতলি ! দেখ, যদি এখানে কোন লোক গুণ অনুসারে বর বলিয়া তোমার মনোনীত হয়, তবে আমি যাইয়া যত্ন সহকারে তাহাকে বরণ করিব ॥১৬॥

নাস্য জাতিং নিসর্গং বা কথ্যমানং শৃণোমি বৈ।
পিতরং মাতরঞ্চাপি নাস্য জানাতি কশ্চন ॥১৮॥
অতঃ কিল মহানগ্নিরন্তকালে সমুত্থিতঃ।
ধক্ষ্যতে মাতলে! সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরম্ ॥১৯॥
মাতলিস্ত্বব্রবীচ্ছ্রুত্বা নাবদস্যাথ ভাষিতম্।
ন মেঽত্র রোচতে কশ্চিদন্যতো ব্রজ মা চিরম্ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে মাতলিবরান্বেষণে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(::)———

ভাবতকৌমুদী

অণ্ডমিতি। নিসর্গাৎ সৃষ্টে', নোদ্ভিদ্যতি ন স্ফুটতি, ন সর্পতি ন চলতি ॥১৭॥
নেতি। অস্য অণ্ডস্য, জাতিং জন্ম, নিসর্গং স্বভাবম্, কথ্যমানং কেনাপি ॥১৮॥
অত ইতি। অতঃ অণ্ডাৎ। অন্তকালে প্রলয়সময়ে ॥১৯॥
মাতলিরিতি। কশ্চিদ্বরঃ। মা চিরং ন বিলম্বং কুরু ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভাবতভাবদীপঃ

আপ্রজানাং নিসর্গাৎ প্রজোৎপত্তিমারভ্য ॥১৭॥ জাতিং জন্ম নিসর্গং স্বভাবং ততঃ পূর্ব্বমুৎপন্নস্য কস্যচিদভাবাৎ ॥১৮—২০॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯২॥

——:০:——

জলের ভিতরে এই একটী অণ্ড (ডিম) স্থাপিত আছে; ইহা যেন আপন কান্তিতে জ্বলিতেছে; আবার ইহা জগৎসৃষ্টি হইতে বিদীর্ণও হয় না, স্থানচ্যুতও হয় না ॥১৭॥

আমি ইহার জন্ম বা স্বভাবের কথা কাহাকেও বলিতে শুনি নাই, কিংবা কোন ব্যক্তিই ইহার পিতা বা মাতার সংবাদ জানে না ॥১৮॥

মাতলি! প্রলয়কালে এই অণ্ড হইতে বিশাল অগ্নি সমুত্থিত হইয়া স্থাবর-জঙ্গমের সহিত সমগ্র জগৎ দগ্ধ করিবে' ॥১৯॥

মাতলি নারদের কথা শুনিয়া বলিলেন—এখানে কোন ব্যক্তিই আমার বর বলিয়া মনোনীত হয় না। সুতরাং অন্যত্র চলুন, বিলম্ব করিবেন না' ॥২০॥

* '. ঊনশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

হিরণ্যপুরমিত্যেতৎ খ্যাতং পুরবরং মহৎ।
দৈত্যানাং দানবানাঞ্চ মায়াশতবিচারিণাম্ ॥১॥
অনল্পেন প্রযত্নেন নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা।
ময়েন মনসা সৃষ্টং পাতালতলমাশ্রিতম্ ॥২॥ (যুগ্মকম্)
অত্র মায়াসহস্রাণি বিকুর্ব্বাণা মহৌজসঃ।
দানবা নিবসন্তি স্ম শূরা দত্তবরাঃ পুরা ॥৩॥
নৈতে শক্রেণ নান্যেন যমেন বরুণেন বা।
শক্যন্তে বশমানেতুং তথৈব ধনদেন চ ॥৪॥
অসুরাঃ কালখঞ্জাশ্চ তথা বিষ্ণুপদোদ্ভবাঃ।
নৈর্ঋতা যাতুধানাশ্চ ব্রহ্মপাদোদ্ভবাশ্চ যে ॥৫॥

ভারতকৌমুদী

হিরণ্যেতি। পুরবরং পুরশ্রেষ্ঠম্। বিশ্বকর্ম্মণা অসুরাণাম্। ময়েন তদাখ্যেন ॥১—২॥ অত্রেতি। বিকুর্ব্বাণা আবিষ্কুর্ব্বাণাঃ। ব্রহ্মণা পুরা দেবেভ্যো দত্তবরা যে ভবন্তে ॥৩॥ অতএবাহ নৈতে ইতি। শক্রেণ ইন্দ্রেণ। ধনদেন কুবেরেণ ॥৪॥

নারদ বলিলেন—'নানাবিধ-মায়া-কারী দৈত্য ও দানবগণের এই একটী উৎকৃষ্ট বিশাল নগর, ইহার নাম—'হিরণ্যপুর'। অসুরদিগের বিশ্বকর্ম্মা ময়-দানব মনের কল্পনা অনুসারে গুরুতর যত্ন সহকারে পাতাললোকে এই নগর নির্ম্মাণ করিয়াছিলেন ॥১—২॥

পূর্ব্বে ব্রহ্মা যাহাদিগকে দেবগণের অবধ্যত্ব বর দিয়াছিলেন, সেই মহাতেজা ও মহাবীর দানবেরা নানাবিধ মায়া আবিষ্কার করিতে থাকিয়া এই নগরে বাস করে ॥৩॥

অতএব ইন্দ্র, যম, বরুণ, কুবের বা অন্য কোন দেবতাই ইহাদিগকে বশীভূত করিতে পারেন না ॥৪॥

মাতলি! বিষ্ণুর চরণ হইতে উৎপন্ন 'কালখঞ্জ'—নামক যে সকল অসুর রহিয়াছে এবং ব্রহ্মার চরণ হইতে সমুদ্ভূত, বিশালদন্তশালী, ভয়ঙ্কর-বেগ-যুক্ত,

---

(১) হিরণ্যপুরমিত্যেব পি। (৫) কালখঞ্জাশ্চ ব্য ব রা নি।

দংষ্ট্রিণো ভীমবেগাশ্চ বাতবেগপরাক্রমাঃ।
মায়াবীর্য্যোপসম্পন্না নিবসন্ত্যত্র মাতলে! ॥৬॥ (যুগ্মকম্)
নিবাতকবচা নাম দানবা যুদ্ধদুর্ম্মদাঃ।
জানাসি চ যথা শক্রো নৈতান্ শক্নোতি বাধিতুম্ ॥৭॥
বহুশো মাতলে! ত্বঞ্চ তব পুত্রশ্চ গোমুখঃ।
নির্ভগ্নো দেবরাজশ্চ সহপুত্রঃ শচীপতিঃ ॥৮॥
পশ্য বেশ্মানি রৌক্মাণি মাতলে! রাজতানি চ।
কর্ম্মণা বিধিযুক্তেন যুক্তান্যুপগতানি চ ॥৯॥
বৈদূর্য্যমণিচিত্রাণি প্রবালরুচিরাণি চ।
অর্কস্ফটিকশুভ্রাণি বজ্রসারোজ্জ্বলানি চ ॥১০॥
পার্থিবানীব চাভান্তি পদ্মরাগময়ানি চ।
শৈলানীব চ দৃশ্যন্তে দারবাণীব চাপ্যুত ॥১১॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

অসুরা ইতি। কালকঞ্জাস্তদাখ্যাঃ। নৈর্ঋতা যাতুধানাশ্চোভয়েঽপি রাক্ষসভেদাঃ। দংষ্ট্রিণো বিশালদন্তযুক্তাঃ। অত্র হিরণ্যপুরে ॥৫—৬॥

নিবাতেতি। দানবাঃ সন্তীতি শেষঃ। বাধিতুং পীড়য়িতুং ব্রহ্মবরাৎ ॥৭॥

বহুশ ইতি। গোমুখো নাম। বহুশো নির্ভগ্নঃ পরাজিতঃ ॥৮॥

পশ্যেতি। রৌক্মাণি স্বর্ণময়ানি, রাজতানি রজতময়ানি। বিধিযুক্তেন শিল্পশাস্ত্রবিধানানুসারিণা, কর্ম্মণা যুক্তানি উপগতানি পরস্পরমিলিতানি ॥৯॥

বৈদূর্য্যেতি। অর্কং পুষ্পম্। বজ্রসারৈঃ উত্তমহীরকৈরুজ্জ্বলানি। পার্থিবানি মৃন্ময়ানি। শৈলানি শিলাময়ানি, দারবাণি দারুময়ানি ॥১০—১১॥

বায়ুর ন্যায় বেগ ও পরাক্রম-সম্পন্ন এবং মায়া ও বীর্য্যসমন্বিত যে সকল নৈর্ঋত ও যাতুধান আছে, তাহারাও এই হিরণ্যপুরে বাস করে ॥৫—৬॥

নিবাতকবচনামক যুদ্ধদুর্দ্ধর্ষ দানবেরা এইখানেই বাস করে। মাতলি! তুমি ত জানই যে, ইন্দ্র ইহাদিগকে জয় করিতে সমর্থ নহেন ॥৭॥

মাতলি! তুমি ও তোমার পুত্র গোমুখ এবং দেবরাজ ও তাঁহার পুত্র জয়ন্ত, তোমরা বহুবার ইহাদের নিকট পরাজিত হইয়াছ ॥৮॥

মাতলি! দেখ, এই কতকগুলি স্বর্ণময় ও রৌপ্যময় গৃহ রহিয়াছে; এগুলি শিল্পশাস্ত্রীয় বিধান অনুসারে নির্ম্মিত এবং পরস্পর সংশ্লিষ্ট ॥৯॥

এগুলি বৈদূর্য্যমণি সন্নিবেশিত থাকায় বিচিত্র, পদ্মরাগমণিযুক্ত হওয়ায়

(১০) বৈদূর্য্যভূমিচিত্রাণি পি।

সূর্য্যরূপাণি চাভান্তি দীপ্তাগ্নিসদৃশানি চ।
মণিজালবিচিত্রাণি প্রাংশূনি নিবিড়ানি চ ॥১২॥
নৈতানি শক্যং নির্দ্দেষ্টুং রূপতো দ্রব্যতস্তথা।
গুণতশ্চৈব সিদ্ধানি প্রমাণগুণবন্তি চ ॥১৩॥
আক্রীড়ান্ পশ্য দৈত্যানাং তথৈব শযনান্যুত।
রত্নবন্তি মহার্হাণি ভাজনান্যাসনানি চ ॥১৪॥
জলদাভাংস্তথা শৈলাংস্তোয়প্রস্রবণানি চ।
কামপুষ্পফলাংশ্চাপি পাদপান্ কামচারিণঃ ॥১৫॥ (যুগ্মকম্)
মাতলে! কশ্চিদত্রাপি রুচিরস্তে বরো ভবেৎ।
অথবান্যাং দিশং ভূমের্গচ্ছাব যদি মন্যসে ॥১৬॥

ভাবপ্রকৌমুদী

সূর্য্যেতি। প্রাংশূনি উচ্চানি, নিবিডানি ঘনানি ॥১২॥

নেতি। প্রমাণানি বৃহদাকারা গুণা উৎকর্ষাশ্চ তদ্বন্তি ॥১৩॥

আক্রীডানিতি। আক্রীডান্ উদ্যানানি। শয়নানি শয্যাঃ। মহার্হাণি মহামূল্যানি। কামেন স্বামিন ইচ্ছানুসারেণ পুষ্পাণি ফলানি চ যেষাং তান্ ॥১৪—১৫॥

মাতল ইতি। রুচিরো রুচিরত্বেনাভিমতঃ ॥১৬॥

মনোহর, আকন্দপুষ্প ও স্ফটিকের ন্যায় শুভ্রবর্ণ এবং উত্তম উত্তম হীরক থাকায় উজ্জ্বল। অতএব এগুলি মৃন্ময় ও পদ্মরাগমণিময়ের ন্যায় প্রকাশ পাইতেছে এবং শিলাময় ও দারুময়ের ন্যায় দেখা যাইতেছে ॥১০—১১॥

আর মণিসমূহবিচিত্র, উচ্চ ও ঘন এই গৃহগুলি সূর্য্য ও প্রজ্বলিত অগ্নির ন্যায় বিরাজ করিতেছে ॥১২॥

এগুলি কিরূপ সুন্দর ও কোন্ কোন্ দ্রব্যদ্বারা নির্ম্মিত হইয়াছে, তাহা নিরূপণ করিতে পারা যায় না ; আর এগুলি সৌন্দর্য্যে প্রসিদ্ধ, বৃহদাকার এবং পরম উৎকৃষ্ট ॥১৩॥

মাতলি! দৈত্যগণের উদ্যান, শয্যা, রত্নময় মহামূল্য ভাজন, আসন, মেঘের ন্যায় ক্রীডাপর্বত, জলপ্রপাত এবং ইচ্ছানুসারে ফল ও পুষ্পজনক কামচারী বৃক্ষ সকল দর্শন কর ॥১৪—১৫॥

মাতলি! এখানেও যদি কোন ব্যক্তি সুন্দর বলিয়া গুণকেশীর বররূপে তোমার মনোনীত হয়, তবে বল। অথবা যদি মনে কর, তবে অন্যদিকে যাই' ॥১৬॥

মাতলিস্ত্বব্রবীদেনং ভাষমাণং তথাবিধম্।
দেবর্ষে! নৈব মে কার্য্যং বিপ্রিয়ং ত্রিদিবৌকসাম্ ॥১৭॥
নিত্যানুষক্তবৈরা হি ভ্রাতরো দেবদানবাঃ।
পরপক্ষেণ সম্বন্ধং রোচয়িষ্যাম্যহং কথম্ ॥১৮॥
অন্যত্র সাধু গচ্ছাব দ্রষ্টুং নার্হামি দানবান্।
জানামি তব চাত্মানং হিংসাত্মকমলং তথা ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে মাতলিবরান্বেষণে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভারতকৌমুদী

মাতলিরিতি। এনং নারদম্। কার্য্যং কর্ত্তব্যম্ ॥১৭॥

নিত্যেতি। কথং রোচয়িষ্যামি কথমপি নেত্যর্থঃ, আত্মনো দেবপক্ষত্বাদিত্যাশয়ঃ ॥১৮॥

অন্যত্রেতি। অলমতিশয়েন, হিংসা বিরোধ আত্মনি যস্য তম্, আত্মানং মনঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

ভারতভাবদীপঃ

হিরণ্যেতি ॥১-১০॥ শৈলানি শৈলময়ানি ॥১১—১৩॥ আক্রীডান্ ক্রীডাস্থানানি ॥১৪-১৮॥ আত্মানম্ অহিংসাপরং জানামি হিংসাত্মনাং তথা হিংসাত্মকমনং হিংসাপ্রধানানাং দৈত্যানাং কমনম্ অপেক্ষণীয়ঞ্চ হিংসোদর্কতয়া জানামি। অন্যে তু দিংসাত্মকমলং তথেতি পাঠং প্রকল্প্য দিংসাত্মকং দানেচ্ছাপ্রচুরম্ অলম্ অত্যর্থম্ ইতি ব্যাচক্ষতে ॥১৯॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৩॥

———:০:———

নারদ সেইরূপ বলিলে, মাতলি তাঁহাকে বলিলেন—'দেবর্ষি! দেবগণের অপ্রিয় কার্য্য করা আমার উচিত নহে ॥১৭॥

দেবতারা ও দানবেরা পরস্পর ভ্রাতা, অথ চ উঁহাদের মধ্যে সর্বদাই শত্রুতা লাগিয়া রহিয়াছে, এদিকে আমি দেবগণের পক্ষভুক্ত। সুতরাং আমি কি করিয়া বিপক্ষের সহিত সম্বন্ধ মনোনীত করি ॥১৮॥

অতএব চলুন, আমরা অন্যত্র যাই। কারণ, আমি দানবগণের সহিত সাক্ষাৎ করিতেও পারি না। আবার ইহাও জানি যে, আপনার মনে বিরোধ ঘটাইবার প্রবল ইচ্ছা রহিয়াছে' ॥১৯॥

(১৯) হিংসাত্মকমনং তথা—বা ব বা নি। * 'শততমোঽধ্যায়ঃ' বা ব বা নি।

চতুর্নবতিতমোঽধ্যায়ঃ।

—————ঃ-০-ঃ—————

নারদ উবাচ।

অয়ং লোকঃ সুপর্ণানাং পক্ষিণাং পন্নগাশিনাম্।
বিক্রমে গমনে ভারে নৈষামস্তি পরিশ্রমঃ ॥১॥

বৈনতেয়সুতৈঃ সূত। ষড়্‌ভিস্ততমিদং কুলম্।
সুমুখেন সুনাম্না চ সুনেত্রেণ সুবর্চ্চসা ॥২॥

সুরুচা পক্ষিরাজেন সুবলেন চ মাতলে!।
বর্দ্ধিতানি প্রসূত্যা বৈ বিনতাকুলকর্ত্তৃভিঃ ॥৩॥

পক্ষিরাজাভিজাত্যানাং সহস্রাণি শতানি চ।
কশ্যপস্য ততো বংশে জাতৈর্ভূতিবিবর্দ্ধনৈঃ ॥৪॥ (বিশেষকম্)

সর্ব্বে হ্যেতে শ্রিযা যুক্তাঃ সর্ব্বে শ্রীবৎসলক্ষণাঃ।
সর্ব্বে শ্রিয়মভীপ্সন্তো ধারয়ন্তি বলান্যুত ॥৫॥

ভারতকৌমুদী

অয়মিতি। সুপর্ণানাং গরুড়বংশীয়ানাম্। ভারে ভারবহনে ॥১॥

বৈনতেয়েতি। বৈনতেয়সুতৈর্গরুড়পুত্রৈঃ। ততং বিস্তারিতম্। কে তে ষট্‌সুতা ইত্যাহ সুমুখেনেতি। ততঃ কশ্যপস্য বংশে জাতৈঃ, ভূতিবিবর্দ্ধনৈঃ সম্পদবৃদ্ধিকারিভিঃ, বিনতাকুলকর্ত্তৃভিঃ, উক্তৈঃ সুমুখাদিভিঃ ষড়্‌ভিঃ, প্রসূত্যা পুত্রোৎপাদনেন, পক্ষিরাজাভিজাত্যানাং গরুড়বংশজাতানাম্, সহস্রাণি শতানি চ বর্দ্ধিতানি ॥২—৪॥

সর্ব ইতি। শ্রিয়া কান্ত্যা। শ্রীবৎসো বক্ষসি রোমাবর্ত্ত এব লক্ষণং চিহ্নং যেষাং তে ॥৫॥

নারদ বলিলেন—'এই লোকটা—গরুড়বংশীয় সর্পভোজী পক্ষিগণের। বিক্রমপ্রকাশে, গমনে ও ভারবহনে ইহাদের পরিশ্রম হয় না। ॥১॥

মাতলি! সুমুখ, সুনামা, সুনেত্র, সুবর্চ্চা, সুরুক্ ও পক্ষিশ্রেষ্ঠ সুবল এই ছয় জন গরুড়পুত্র এই বংশটাকে বিস্তৃত করিয়াছেন। কশ্যপবংশজাত ও সম্পত্তিবর্দ্ধক উক্ত ছয় জন পুত্র উৎপাদনদ্বারা গরুড়বংশীয়দিগের শত শত ও সহস্র সহস্র শাখা বর্দ্ধিত করিয়াছেন ॥২—৪॥

ইহারা সকলেই সুন্দর, সকলেই শ্রীবৎসচিহ্নধারী, সকলেই সম্পৎকামী এবং সকলেই বলবান্ ॥৫॥

---

(৩) বর্দ্ধিতানি প্রসূত্যা বৈ বা ব বা নি।

কর্ম্মণা ক্ষত্রিয়াশ্চৈতে নির্ঘৃণা ভোগিভোজিনঃ।
জ্ঞাতিসংক্ষয়কর্ত্তৃত্বাদ্ব্রাহ্মণ্যং ন লভন্তি বৈ ॥৬॥
নামানি চৈষাং বক্ষ্যামি যথাপ্রাধান্যতঃ শৃণু।
মাতলে! শ্লাঘ্যমেতদ্ধি কুলং বিষ্ণুপরিগ্রহম্ ॥৭॥
দৈবতং বিষ্ণুরেতেষাং বিষ্ণুরেব পরায়ণম্।
হৃদি চৈষাং সদা বিষ্ণুর্বিষ্ণুরেব সদা গতিঃ ॥৮॥
সুবর্ণচূড়ো নাগাশী দারুণশ্চণ্ডতুণ্ডকঃ।
অনিলশ্চানলশ্চৈব বিশালাক্ষোঽথ কুণ্ডলী ॥৯॥
পঙ্কজিদ্বজ্রবিষ্কম্ভো বৈনতেয়োঽথ বামনঃ।
বাতবেগো দিশাচক্ষুর্নিমেষোঽনিমিষস্তথা ॥১০॥
ত্রিরাবঃ সপ্তরাবশ্চ বাল্মীকির্দ্বীপকস্তথা।
দৈত্যদ্বীপঃ সরিদ্দ্বীপঃ সারসঃ পদ্মকেতনঃ ॥১১॥

ভারতকৌমুদী

কর্ম্মণেতি। কর্ম্মণা হিংসাব্যাপারেণ ক্ষত্রিয়াঃ, নির্ঘৃণা নির্দ্দয়াঃ, ভোগিভোজিনঃ সর্প-ভোজিনশ্চ, এতে গরুড়বংশীয়াঃ, জ্ঞাতীনাং সর্পাণাং সংক্ষয়কর্ত্তৃত্বাৎ সংহারকত্তৃতয়া হিংস্রত্বাৎ, ব্রাহ্মণকশ্যপবংশীয়ত্বেঽপি ব্রাহ্মণ্যং ন লভন্তি ন লভন্তে ॥৬॥

নামানীতি। বিষ্ণুং পরিগৃহ্ণাতীতি বিষ্ণুপরিগ্রহং বিষ্ণূপাসকমিত্যর্থঃ ॥৭॥

দৈবতমিতি। পরায়ণং পরমাশ্রয়ঃ। গতিরুপায়ঃ ॥৮॥

সুবর্ণেতি। দারুণ ইত্যেকং নাম। দিশাচক্ষুস্তদাখ্যঃ। সারসঃ স্বজাতীয় এব। অনয

ভারতভাবদীপঃ

অয়মিতি ॥১—২॥ প্রস্থত্যা প্রকৃষ্টগত্যা জবেন বৃদ্ধিমন্তীত্যর্থঃ ॥৩—৫ নির্ঘৃণা নির্দ্দয়াঃ ॥৬—১৬॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥৯৪॥

ইহারা কার্য্যে ক্ষত্রিয় এবং নির্দ্দয় ও সর্পভোজী। আর ইহারা ব্রাহ্মণের বংশে জন্মিয়াও জ্ঞাতিগণের (সর্পগণের) ধ্বংস করেন বলিয়া ব্রাহ্মণত্ব লাভ করিতে পারেন নাই ॥৬॥

মাতলি! আমি প্রধান অনুসারে ইহাদের নাম বলিব, তুমি শ্রবণ কর। বিষ্ণুর উপাসক এই বংশটী শ্লাঘ্য বটে ॥৭॥

বিষ্ণু ইহাদের দেবতা, বিষ্ণু ইহাদের পরম আশ্রয়, ইহাদের হৃদয়ে সর্বদাই বিষ্ণু আছেন এবং সর্বদা বিষ্ণুই ইহাদের গতি ॥৮॥

সুবর্ণচূড়, নাগাশী, দারুণ, চণ্ডতুণ্ডক, অনিল, অনল, বিশালাক্ষ, কুণ্ডলী

স্তুমুখশ্চিত্রকেতুশ্চ চিত্রবর্হস্তথাঽনঘঃ।
মেঘহৃৎ কুমুদো দক্ষঃ সর্পান্তঃ সোমভোজনঃ ॥১২॥
গুরুভারঃ কপোতশ্চ সূর্য্যনেত্রশ্চিরান্তকঃ।
বিষ্ণুধর্ম্মা কুমারশ্চ পরিবর্হো হরিস্তথা ॥১৩॥
সুস্বরো মধুপর্কশ্চ হেমবর্ণস্তথৈব চ।
মালয়ো মাতরিশ্বা চ নিশাকরদিবাকরৌ ॥১৪॥
এতে প্রদেশমাত্রেণ ময়োক্তা গরুড়াত্মজাঃ।
প্রাধান্যতস্তে যশসা কীর্ত্তিতাঃ প্রাণিনশ্চ যে ॥১৫॥ (কুলকম্)
যদ্যত্র ন রুচিঃ কাচিদেহি গচ্ছাব মাতলে!।
তং নয়িষ্যামি দেশং ত্বাং বরং যত্রোপলপ্স্যসে ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে মাতলিবরান্বেষণে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভারতকৌমুদী

ইতি নাম। কুমারোঽপি নাম। সুস্বর ইত্যপি নামধেয়ম্। প্রদেশঃ সংক্ষেপঃ প্রাণিনো বলবন্তঃ ॥৯—১৫॥

যদীতি। রুচিঃ বরনির্ব্বাচনেচ্ছা। নয়িষ্যামি নেষ্যামি ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

পঙ্কজিৎ, বজ্রবিষ্কম্ভ, বৈনতেয়, বামন, বাতবেগ, দিশাচক্ষু, নিমেষ, অনিমিষ, ত্রিরাব, সপ্তরাব, বাল্মীকি, দীপক, দৈত্যদ্বীপ, সরিদ্‌দ্বীপ, সারস, পদ্মকেতন, সুমুখ, চিত্রকেতু, চিত্রবর্হ, অনঘ, মেঘহৃৎ, কুমুদ, দক্ষ, সর্পান্ত, সোমভোজন, গুরুভার, কপোত, সূর্য্যনেত্র, চিরান্তক, বিষ্ণুধর্ম্মা, কুমার, পরিবর্হ, হরি, সুস্বর, মধুপর্ক, হেমবর্ণ মালয, মাতরিশ্বা, নিশাকর ও দিবাকর, এই আমি সংক্ষেপে গরুড়সন্তানগণের নাম বলিলাম। যাঁহারা বলবান্, তাঁহারাই প্রাধান্য ও যশে প্রসিদ্ধ ॥৯—১৫॥

মাতলি! এখানে যদি বরের বিষয়ে তোমার কোন ইচ্ছা না হয়, তবে চল, আমরা যাই। তুমি যেখানে বর লাভ করিবে, সেইখানে তোমাকে লইয়া যাইব' ॥১৬॥

---

* 'একাধিকশততমোঽধ্যায়ঃ' বা ব বা নি।

পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

ইদং রসাতলং নাম সপ্তমং পৃথিবীতলম্।
যত্রাস্তে সুরভির্মাতা গবামমৃতসম্ভবা ॥১॥
ক্ষরন্তী সততং ক্ষীরং পৃথিবীসারসম্ভবম্।
ষণ্ণাং রসানাং সারেণ রসমেকমনুত্তমম্ ॥২॥ (যুগ্মকম্)
অমৃতেনাভিতৃপ্তস্য সারমুদ্গিরতঃ পুরা।
পিতামহস্য বদনাদুদতিষ্ঠদনিন্দিতা ॥৩॥
যস্যাঃ ক্ষীরস্য ধারায়া নিপতন্ত্যা মহীতলে।
হ্রদঃ কৃতঃ ক্ষীরনিধিঃ পবিত্রং পরমুচ্যতে ॥৪॥

ভারতকৌমুদী

ইদমিতি। গবাং মাতেতি সম্বন্ধঃ। সাবেণ সাবসংযোগেন, একং বসম্ অনির্বচনীয়ৈক-রসযুক্তম্, ন বিদ্যতে উত্তমং যস্মাত্তদনুত্তমম্ ॥১—২॥

অমৃতেনেতি। সাবমমৃতস্যেব। পিতামহস্য ব্রহ্মণঃ, অনিন্দিতা সুরভিঃ ॥৩॥

যস্যা ইতি। হ্রদঃ হ্রদস্বরূপঃ, ক্ষীবনিধিঃ ক্ষীবোদসাগবঃ ॥৪॥

ভাবতভাবদীপঃ

ইদং বসাতলমিতি ॥১—২॥ বদনাৎ মুখাদুদতিষ্ঠৎ তেন মুখজেন ব্রাহ্মণেন তস্যা এক কুলত্বম্। যথোক্তং—"ব্রাহ্মণাশ্চৈব গাবশ্চ কুলমেকং দ্বিধাকৃত"মিতি ॥৩—৪॥ ফেনেন

নাবদ বলিলেন—'মাতলি! এইটা সপ্তম পৃথিবীতল; ইহাব নাম 'বসাতল'। যেখানে অমৃতজাতা গোমাতা সুবভি বাস কবেন। এই সুরভি পৃথিবীব সারসম্ভূত, ষড়্‌বসেব সাবসংযুক্ত এবং সর্বোত্তম অনির্বচনীয় একবসযুক্ত ক্ষীব সর্বদাই নিঃসাবণ কবিতেছেন ॥১—২॥

পূর্বকালে ব্রহ্মা যখন অমৃতপানে পবিতৃপ্ত হইয়া তাহাব সাব উদ্গাব কবিয়াছিলেন, তখন তাঁহাব মুখ হইতে এই অনিন্দিতা সুবভি উৎপন্ন হইয়াছিলেন ॥৩॥

যে সুবভির ক্ষীবধাবা ভূতলে পতিত হইতে থাকায় তাহাব হ্রদস্বরূপ ক্ষীবোদসাগর উৎপন্ন হইয়াছিল। সেই জন্যই ক্ষীবোদসাগবকে পবম পবিত্র বলা হয় ॥৪॥

পুষ্পিতস্যেব ফেনেন পর্য্যন্তমনুবেষ্টিতম্ ।
পিবন্তো নিবসন্ত্যত্র ফেনপা মুনিসত্তমাঃ ॥৫॥
ফেনপা নাম তে খ্যাতাঃ ফেনাহারাশ্চ মাতলে ! ।
উগ্রে তপসি বর্ত্তন্তে যেষাং বিভ্যতি দেবতাঃ ॥৬॥
অস্যাশ্চতস্রো ধেন্বোঽন্যা দিক্ষু সর্বাসু মাতলে ! ।
নিবসন্তি দিশাং পাল্যো ধারয়ন্ত্যো দিশঃ স্ম তাঃ ॥৭॥
পূর্বাং দিশং ধারয়তি সুরূপা নাম সৌরভী ।
দক্ষিণাং হংসিকা নাম ধারয়ত্যপরাং দিশম্ ॥৮॥
পশ্চিমা বারুণী দিক্ চ ধার্য্যতে বৈ সুভদ্রয়া ।
মহানুভাবয়া নিত্যং মাতলে ! বিশ্বরূপয়া ॥৯॥

ভারতকৌমুদী

পুষ্পিতস্যেতি । ফেনেন পুষ্পিতস্যেব সঞ্জাতপুষ্পস্যেব ক্ষীরনিধেঃ পর্য্যন্তং তীরসন্নিহিত-স্থানম্, বেনেনৈব অনুবেষ্টিতম্ । ফেনপা নাম মুনিসত্তমাঃ ফেনান্ পিবন্তঃ অত্র রসাতল এব নিবসন্তি । ফেনপানাদেব ফেনপা ইতি ভাবঃ ॥৫॥

ফেনপা ইতি । বিভ্যতি, স্বপদগ্রহণাশঙ্কাবশাদিতি ভাবঃ ॥৬॥

অস্যা ইতি । অস্যাঃ সুরভেঃ, চতস্রস্তনয়া ইতি শেষঃ । পাল্যো রক্ষিকাঃ ॥৭॥

পূর্ব্বামিতি । সৌরভী সুরভিপুত্ত্রী । হংসিকা হংসবর্ণত্বাৎ ॥৮॥

ভারতভাবদীপঃ

পুষ্পিতস্যেব শ্বেতস্যাস্য পর্য্যন্তং তীরপ্রদেশং ফেনেনৈবানুবেষ্টিতং পিবন্তঃ সাদরমবলোকয়ন্ত এব বসন্তি তেনৈব ফেনপা ইত্যুচ্যন্তে ॥৫॥ এতেভ্যোঽন্যে ফেনাহারাশ্চেত্যর্থঃ ॥৬—৯॥

ক্ষীরোদসাগরে অসংখ্য ফেন উৎপন্ন হয়, সেই গুলিকেই পুষ্পের ন্যায় বোধ হইতে থাকে এবং সেই ফেনগুলিই ক্ষীরোদসাগরের প্রান্তদেশ ব্যাপ্ত করে। 'ফেনপ'-নামক মুনিশ্রেষ্ঠেরা সেই সকল ফেন পান করতঃ এই রসাতলেই বাস করেন ॥৫॥

মাতলি ! 'ফেনপ' ও 'ফেনাহার'-নামে বিখ্যাত সেই মহর্ষিরা দারুণ তপস্যা করিতেছেন ; দেবতারাও যাঁহাদের ভয় করেন ॥৬॥

মাতলি ! সুরভির কন্যা অপর চারিটী ধেনু সকল দিকে বাস করেন ; তাঁহারা দিক্ সকল রক্ষা করেন বলিয়া 'দিক্‌পালী'-নামে বিখ্যাত ॥৭॥

'সুরূপা'-নাম্নী সুরভিকন্যা পূর্বদিক্ রক্ষা করেন এবং 'হংসিকা'-নাম্নী সুরভিকন্যা দক্ষিণদিক্ পালন করেন ॥৮॥

(৭) দিশঃ স্মৃতাঃ—পি। (৮) পূর্ব্বাং দিশং ধারয়তে বা ব বা নি।

সর্বকামদুঘা নাম ধেনুর্ধারয়তে দিশম্।
উত্তরাং মাতলে! ধর্ম্ম্যাং তথৈলবিলসংশ্রিতাম্ ॥১০॥
আসান্তু পয়সা মিশ্রং পয়ো নির্মথ্য সাগরে।
মন্থানং মন্দরং কৃত্বা দেবৈরসুরসংহিতৈঃ ॥১১॥
উদ্ধৃতা বারুণী লক্ষ্মীরমৃতঞ্চাপি মাতলে!।
উচ্চৈঃশ্রবাশ্চাশ্বরাজো মণিরত্নঞ্চ কৌস্তুভম্ ॥১২॥ (যুগ্মকম্)
সুধাহারেষু চ সুধাং স্বধাভোজিষু চ স্বধাম্।
অমৃতঞ্চামৃতাশেষু সুরভী ক্ষরতে পয়ঃ ॥১৩॥
অত্র গাথা পুরা গীতা রসাতলনিবাসিভিঃ।
পৌরাণী শ্রূয়তে লোকে গীয়তে যা মনীষিভিঃ ॥১৪॥

ভারতকৌমুদী

পশ্চিমেতি। বারুণী বরুণরক্ষিতা। সুভদ্রয়া তদাখ্যয়া ॥৯॥

সর্ব্বেতি। ঐলবিলেন কুবেরেণ সংশ্রিতামধিষ্ঠিতাম্ ॥১০॥

আসামিতি। অসুরসংহিতৈঃ অসুরসহিতৈর্দেবৈঃ, মন্দরং পর্ব্বতম্, মন্থানং মথনদণ্ডং কৃত্বা, আসাং ধেনূনাম্, পয়সা দুগ্ধেন মিশ্রম্, সাগরে সাগরস্থ. পয়ো জলম্, নির্মথ্য, বারুণী সুরা উদ্ধৃতা। অন্যত্রাপীত্থং যোজ্যম্ ॥১১—১২॥

সুধেতি। সুরভী, পয় আত্মনঃ ক্ষীরম্, সুধাহারেষু সুরাপায়িষু অসুরেষু, সুধাং সুরা-রূপেণ পরিণতং সৎ, ক্ষরতে নিঃসারয়তি, স্বধাভোজিষু পিতৃষু, স্বধামন্নং ক্ষরতে, "স্বধা বৈ পিতৃণামন্নম্" ইতি শ্রুতেঃ, অমৃতাশেষু অমৃতভোজিষু দেবেষু চ অমৃতং ক্ষরতে। তৎপয়স এবায়ং মহিমেতি ভাবঃ ॥১৩॥

মাতলি! মহাপ্রভাবশালিনী ও বিশ্বরূপিণী 'সুভদ্রা'-নাম্নী সুরভিকন্যা সর্ব্বদাই বরুণাধিষ্ঠিত পশ্চিমদিক্ ধারণ করিতেছেন ॥৯॥

মাতলি! আর 'সর্বকামদুঘা'-নাম্নী সুরভিকন্যা, ধর্ম্মযুক্তা ও কুবেরাধিষ্ঠিতা উত্তরদিক্ পালন করিতেছেন ॥১০॥

মাতলি! দেবতারা অসুরদের সহিত মিলিত হইয়া, মন্দরপর্বতকে মথন-দণ্ড করিয়া, এই ধেনুগণের দুগ্ধমিশ্রিত সমুদ্রের জল মন্থন করিয়া, সুরা, লক্ষ্মী, অমৃত, অশ্বশ্রেষ্ঠ উচ্চৈঃশ্রবা এবং মণিশ্রেষ্ঠ কৌস্তুভ উত্তোলন করিয়া-ছিলেন ॥১১—১২॥

সুরভি আপন দুগ্ধকে সুরাপায়ী অসুরদের নিকটে সুরারূপে, স্বধাভোজী পিতৃগণের নিকটে স্বধা-(শ্রাদ্ধান্ন) রূপে এবং অমৃতপায়ী দেবতাদের নিকটে অমৃতরূপে সমর্পণ করেন ॥১৩॥

ন নাগলোকে ন স্বর্গে ন বিমানে ত্রিপিষ্টপে।
পরিবাসঃ সুখস্তাদৃগ্ রসাতলতলে যথা ॥১৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে মাতলিবরান্বেষণে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ।

নারদ উবাচ।

ইয়ং ভোগবতী নাম পুরী বাসুকিপালিতা।
যাদৃশী দেবরাজস্য পুরীবর্য্যাঽমরাবতী ॥১॥

ভাবতকৌমুদী

অত্রেতি। গাথা বাগ্বিশেষঃ। মনীষিভিরপি যা গীয়তে, অতো ন মিথ্যেতি ভাবঃ ॥১৪॥
নেতি। ত্রিপিষ্টপে স্বর্গীয়ে বিমানে। পরিবাসঃ স্থিতিঃ, সুখঃ সুখজনকঃ ॥১৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

ইয়মিতি। পুরীবর্য্যা নগরীশ্রেষ্ঠা, অমরাবতী নাম ॥১॥

ভারতভাবদীপঃ

ইলবিলস্যেমাম্ ঐলবিলসংজ্ঞিতাম্ ॥১০॥ অসুরসংহিতৈঃ অসুরসহিতৈঃ ॥১১—১২॥ সুধেতি। সর্পপিতৃদেবানাং তত্তদ্‌যোগ্যাহাররূপং পয়ঃ ক্ষরতীত্যর্থঃ। সুধা সর্পস্য ভোজনং স্বধাভোজিনঃ পিতরঃ অমৃতাশেষু দেবেষু ॥১৩—১৪॥ পরিবাসঃ নিবাসঃ সুখঃ সুখপরঃ ॥১৫॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৫॥

এখানে পূর্ব্বে রসাতলবাসীরা একটী প্রাচীন গাথা গাহিয়াছিল; যাহা জগতেও শুনা যায়, মনীষীরাও গাহিয়া থাকেন—॥১৪॥

'নাগলোকে, স্বর্গলোকে, কিংবা স্বর্গলোকের বিমানে বাস করাও তেমন সুখ উৎপাদন করে না, রসাতলে বাস করা যেমন সুখ উৎপাদন করে' ॥১৫॥

—(::)—

নারদ বলিলেন—'দেবরাজ ইন্দ্রের অমরাবতী যেমন, সেইরূপ এই বাসুকিরক্ষিত 'ভোগবতী'-নাম্নী নগরীও সকল নগরীর মধ্যে শ্রেষ্ঠ ॥১॥

(১৫)· সুখং তাদৃক্ পি। * 'দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব ন্না নি।

এষ শেষঃ স্থিতো নাগো যেনেয়ং ধার্য্যতে সদা।
তপসা লোকমুখ্যেন প্রভাবসহিতা মহী ॥২॥
শ্বেতাচলনিভাকারো দিব্যাভরণভূষিতঃ।
সহস্রং ধারয়ন্ মূর্দ্ধ্নাং জ্বালাজিহ্বো মহাবলঃ ॥৩॥ (যুগ্মকম্)
ইহ নানাবিধাকারা নানাবিধবিভূষণাঃ।
সুরসায়াঃ সুতা নাগা নিবসন্তি গতব্যথাঃ ॥৪॥
মণিস্বস্তিকচক্রাঙ্কাঃ কমণ্ডলুকলক্ষণাঃ।
সহস্রসংখ্যা বলিনঃ সর্ব্বে রৌদ্রাঃ স্বভাবতঃ ॥৫॥
সহস্রশিরসঃ কেচিৎ কেচিৎ পঞ্চশতাননাঃ।
শতশীর্ষাস্তথা কেচিৎ কেচিত্ত্রিশিরসোঽপি চ ॥৬॥

ভাতকৌমুদী

এষ ইতি। শেষঃ অনন্তঃ। লোকেষু মুখ্যেন শ্রেষ্ঠেন তপসা, প্রভাবসহিতা লোক-ধারণাদিশক্তিমতী। শ্বেতাচলঃ কৈলাসস্তন্নিভাকারঃ। জ্বালাবদগ্নিশিখাবজ্জিহ্বা যস্য সঃ ॥২—৩॥

ইহেতি। সুরসায়াঃ কশ্যপভার্য্যায়াঃ। গতব্যথাঃ পীড়ারহিতাঃ ॥৪॥

মণীতি। কমণ্ডলুকস্যেব লক্ষণং চিহ্নং যেষাং তে ॥৫॥

সহস্রেতি। অত্রাননপদং শিরঃপরমেব ॥৬॥

ভাবতভাবদীপঃ

ইষমিতি ॥১—৪॥ কামণ্ডলুকলক্ষণাঃ পানপাত্রসদৃশচিহ্নাঃ ॥৫—২৬॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥৯৬॥পত্র,

এখানে এই অনন্তনাগ রহিয়াছেন; কৈলাসপর্বতের ন্যায় ইঁধৃতরাষ্ট্র, ও শুভ্রবর্ণ শরীর, অগ্নিশিখার ন্যায় জিহ্বাগুলি এবং অসাধারণ বিক্রম ও ইনি দিব্য অলঙ্কারে অলঙ্কৃত আছেন এবং সহস্র মস্তক ধারণাতলি। দেখ, লোকশ্রেষ্ঠ তপস্যার বলে সর্ব্বদাই প্রভাবসম্পন্না [illegible]নোনীত হয়, (তরে ছেন ॥২—৩॥

নানাবিধমূর্ত্তি, নানাবিধ-ভূষণ-সম্পন্ন ও পীড়াকে রহুক্ষণ নিরীক্ষণ করিয়া থানেই বাস করেন ॥৪॥ । করিলেন ॥১৮॥

ইহারা সকলেই বলবান্, উগ্রস্বর সম্মুখে এই যে সুন্দর ও লোভনীয় কেহ কেহ মণিচিহ্ন, কেহ কেহ স্বস্তিধর ॥১৯॥

কমণ্ডলুচিহ্ন, ধারণ করেন ॥৫॥ (১৬) রধিরাঙ্কো। বিকৃষ্টিশ্চ পি। ক অবং পাঠঃ

কতকগুলির সহস্র

মস্তক এবং কতকগু

দিলীপঃ শঙ্খশীর্ষশ্চ জ্যোতিষ্কোঽথাপরাজিতঃ।
কৌরব্যো ধৃতরাষ্ট্রশ্চ কুহুরঃ কৃশকস্তথা ॥১৫॥
বিরজা ধারণশ্চৈব সুবাহুর্মুখরো জয়ঃ।
বধিরান্ধৌ বিশুণ্ডিশ্চ বিরসঃ সুরসস্তথা ॥১৬॥
এতে চান্যে চ বহবঃ কশ্যপস্যাত্মজাঃ স্মৃতাঃ।
মাতলে। পশ্য যদ্যত্র কশ্চিত্তে রোচতে বরঃ ॥১৭॥ (কুলকম্)

কণ্ব উবাচ।

মাতলিস্ত্বেকমব্যগ্রঃ সততং সন্নিবীক্ষ্য বৈ।
পপ্রচ্ছ নারদং তত্র প্রীতিমানিব চাভবৎ ॥১৮॥

মাতলিরুবাচ।

স্থিতো য এষ পুরতঃ কৌরব্যস্যার্য্যকস্য তু।
দ্যুতিমান্ দর্শনীয়শ্চ কস্যৈষ কুলনন্দনঃ ॥১৯॥

ভারতকৌমুদী

দ্বযোরেব নাম। মূষিকমত্তীতি মূষিকাদঃ। অপরাজিতো নাম। বধিরান্ধৌ নামনী। রোচতে অভিমতো ভবতি, তদা ব্রূহীতি শেষঃ ॥৯—১৭॥

মাতলিরিতি। একং পুরুষম্, অব্যগ্রঃ অনাকুলচিত্তঃ ॥১৮॥

স্থিত ইতি। কৌরব্যস্য তদ্বংশীয়স্য। দ্যুতিমান্ কান্তিমান্ ॥১৯॥

আপ্ত, কোটরক, শিখী, নিষ্ঠুরিক, তিত্তিরি, হস্তিভদ্র, কুমুদ, মাল্যপিণ্ডক, দুই পদ্ম, পুণ্ডরীক, পুষ্প, মুদ্গরপর্ণক, করবীর, পিঠরক, সংবৃত্ত, বৃত্ত, পিণ্ডার, বিল্বপত্র, মূষিকাদ, শিরীষক, দিলীপ, শঙ্খশীর্ষ, জ্যোতিষ্ক, অপরাজিত, কৌরব্য, ধৃতরাষ্ট্র, কুহুর, কৃশক, বিরজা, ধারণ, সুবাহু, মুখর, জয়, বধির, অন্ধ, বিশুণ্ডি, বিরস ও সুরস, ইহারা এবং অন্য বহুতর নাগ কশ্যপের সন্তান। মাতলি! দেখ, এখানে যদি কোন ব্যক্তি তোমার কন্যার বর বলিয়া মনোনীত হয়, (তবে বল)' ॥৯—১৭॥

কণ্ব বলিলেন—'মাতলি একাগ্রচিত্তে একটী নাগকে বহুক্ষণ নিরীক্ষণ করিয়া যেন প্রীত হইলেন এবং নারদের নিকট জিজ্ঞাসা করিলেন' ॥১৮॥

মাতলি বলিলেন—'কৌরব্য আর্য্যকের সম্মুখে এই যে সুন্দর ও লোভনীয়-মূর্ত্তি যুবকটী রহিয়াছে, এ—কাহার বংশধর?' ॥১৯॥

(১৫) কুহকঃ কুলকস্তথা—পি। (১৬) বধিরান্ধৌ বিকৃষ্টিশ্চ পি। 'ক' অঙ্কঃ পাঠঃ পি নাস্তি।

কঃ পিতা জননী চাস্য কতমস্যৈব ভোগিনঃ।
বংশস্য কস্যৈষ মহান্ কেতুভূত ইব স্থিতঃ ॥২০॥
প্রণিধানেন ধৈর্য্যেণ রূপেণ বয়সা চ মে।
মনঃ প্রবিষ্টো দেবর্ষে! গুণকেশ্যাঃ পতির্বরঃ ॥২১॥

কণ্ব উবাচ।

মাতলিং প্রীতমনসং দৃষ্ট্বা সুমুখদর্শনাৎ।
নিবেদয়ামাস তদা মাহাত্ম্যং জন্ম কর্ম্ম চ ॥২২॥

নারদ উবাচ।

ঐরাবতকুলে জাতঃ সুমুখো নাম নাগরাট্।
আর্য্যকস্য মতঃ পৌত্রো দৌহিত্রো বামনস্য চ ॥২৩॥
এতস্য হি পিতা নাগশ্চিকুরো নাম মাতলে!।
নচিরাদ্বৈনতেয়েন পঞ্চত্বমুপপাদিতঃ ॥২৪॥
ততোঽব্রবীৎ প্রীতমনা মাতলির্নারদং বচঃ।
এষ মে রুচিতস্তাত! জামাতা ভুজগোত্তমঃ ॥২৫॥

ভাবতকৌমুদী

ক ইতি। কতমস্য ভোগিনো নাগস্যেতি স্বামিপ্রশ্নঃ ॥২০॥

প্রণীতি। প্রণিধানেন অবধানেন। বরো বরণীয়ঃ ॥২১॥

মাতলিমিতি। সুমুখস্য তদাখ্যস্য নাগস্য দর্শনাৎ, মাতলিং প্রীতমনসম্, দৃষ্ট্বা জ্ঞাত্বা, তদা নারদঃ তস্য সুমুখস্য মাহাত্ম্যং জন্ম কর্ম্ম চ নিবেদয়ামাস ॥২২॥

ঐরেতি। আর্য্যকস্য তদাখ্যস্য নাগস্য। এবং বামনস্যেত্যপি ॥২৩॥

এতস্যেতি। বৈনতেয়েন গরুড়েন, পঞ্চত্বং মৃত্যুম্, উপপাদিতঃ প্রাপিতঃ ॥২৪॥

তত ইতি। রুচিতো মনোনীতঃ, তাত। তাতবন্মাননীয়। ॥২৫॥

ইহার পিতা কে? মাতাই বা কে? এ ব্যক্তি কোন্ নাগের তত্ত্বাবধানে আছে? এবং কোন্ বংশেরই বা বিশাল ধ্বজের ন্যায় রহিয়াছে? ॥২০॥

দেবর্ষি! গুণকেশীর পতিরূপে বরণীয় এই নাগটী প্রণিধান, ধৈর্য্য, রূপ ও বয়সে আমার মনে প্রবেশ করিয়াছে' ॥২১॥

কণ্ব বলিলেন—সুমুখনাগকে দর্শন করিয়া মাতলি সন্তুষ্ট হইয়াছেন বুঝিয়া নারদ তখন সুমুখের মাহাত্ম্য, জন্ম ও কর্ম্মের বিষয় জানাইলেন' ॥২২॥

নারদ বলিলেন—'এই নাগশ্রেষ্ঠটীর নাম—'সুমুখ'; ইনি ঐরাবতের বংশে জন্মিয়াছেন, আর্য্যকের পৌত্র এবং বামনের দৌহিত্র ॥২৩॥

মাতলি! ইহার পিতার নাম ছিল—'চিকুর', তিনি অনধিকপূর্ব্বে গরুড়কর্ত্তৃক নিহত হইয়াছেন' ॥২৪॥

ক্রিয়তামত্র যত্নো বৈ প্রীতিমানস্ম্যনেন বৈ।
অস্মৈ নাগায় বৈ দাতুং প্রিয়াং দুহিতরং মুনে।॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি ভগবদ্‌যানে মাতলিবরান্বেষণে ষণ্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

সপ্তনবতিতমোঽধ্যায়ঃ।

—:০:—

কণ্ব উবাচ।
মাতলের্বচনং শ্রুত্বা নারদো মুনিসত্তমঃ।
অব্রবীদ্দেবরাজং তমার্য্যকং কুরুনন্দন।॥১॥
সূতোঽয়ং মাতলির্নাম শক্রস্য দয়িতঃ সুহৃৎ।
শুচিঃ শীলগুণোপেতস্তেজস্বী বীর্য্যবান্ বলী ॥২॥

ভারতকৌমুদী

ক্রিয়তামিতি। প্রিয়াং দুহিতরং দাতুং যত্নঃ ক্রিয়তামিতি সম্বন্ধঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি ভগবদ্‌যানে ষণ্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—(:)—

মাতলেরিতি। দেবরাজং দেবরাজসদৃশম্, আর্য্যকং সুমুখপিতামহম্ ॥১॥

সূত ইতি। সূতঃ সারথিঃ। তেজ উৎসাহঃ, বীর্য্যং মনঃশক্তিঃ, বলং দেহশক্তিঃ ॥২॥

তাহার পর মাতলি প্রীতচিত্ত হইয়া নারদকে এই কথা বলিলেন—'আর্য্য। এই নাগশ্রেষ্ঠটীকেই আমি জামাতৃরূপে মনোনীত করিলাম ॥২৫॥

আমি ইহার দর্শনে প্রীত হইয়াছি। অতএব মহর্ষি! এই নাগটীর হস্তেই আমার প্রিয়তমা কন্যাটীকে দান করিবার জন্য আপনি চেষ্টা করুন' ॥২৬॥

—:০:—

কণ্ব বলিলেন—'কুরুনন্দন। মুনিশ্রেষ্ঠ নারদ মাতলির কথা শুনিয়া দেবরাজতুল্যপ্রভাবশালী সেই আর্য্যকের নিকট যাইয়া বলিলেন—॥১॥

'নাগরাজ! ইনি দেবরাজ ইন্দ্রের সখা ও প্রিয়তম সারথি; ইহার নাম—'মাতলি'; ইনি পবিত্র, সচ্চরিত্র, গুণবান্, তেজস্বী এবং মানসিক বল ও দৈহিক-বলসম্পন্ন ॥২॥

* 'ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব বা নি। (১) অয়ং শ্লোকঃ পি বা ব বা নাস্তি।

শক্রস্যায়ং সখা চৈব মন্ত্রী
অল্পান্তরপ্রভাবশ্চ বাসবে
অয়ং হরিসহস্রেণ যুক্তং ৈ
দেবাসুরেষু যুদ্ধেষু মনসৈব
অনেন বিজিতানশ্বৈর্দোর্ভ্যাং
অনেন প্রহৃতে পূর্বং বলভিৎ
অস্য কন্যা বরারোহা রূপেণা
সত্যশীলগুণোপেতা গুণকেশীতি
তস্যাস্য যত্নাচ্চরতস্ত্রৈলোক্যমম
সুমুখো ভবতঃ পৌত্রো রোচতে
যদি তে রোচতে সম্যগ্ভুজগোত্ত
ক্রিয়তামার্য্যক ! ক্ষিপ্রং বুদ্ধিঃ ব

ভাবকৌমুদী

শক্রস্যেতি। অল্পমন্তরং ব্যবধানং যস্য স তাদৃশঃ প্রভা
অয়মিতি। হরীণামশ্বানাং সহস্রেণ জৈত্রং জয়শীলম্।
অনেনেতি। বিজিতান্ শত্রূন্, দোর্ভ্যাং বাহুভ্যাম্। ব
অস্যেতি। বরারোহা সুন্দরনিতম্বা। অসদৃশী অনুপমা॥
তস্যেতি। অস্য মাতলেঃ। সুমুখো নাম॥৭॥

এবং ইনি ইন্দ্রের সখা, মন্ত্রী ও সারথি, আর প্রভা
ইহার প্রভাবের অল্পমাত্রই ব্যবধান থাকে ॥৩॥

ইনি মনের সঙ্কল্পমাত্রেই দেবাসুরযুদ্ধে সহস্রঘোটকযু
শ্রেষ্ঠকে পরিচালিত করিয়া থাকেন ॥৪॥

ইনি প্রথমে অশ্বদ্বারা শত্রুগণকে জয় করেন, পরে ইন্দ্র
দিগকে জয় করিয়া থাকেন, আর ইনি প্রথমে শত্রুগণের উপ
পরে ইন্দ্র আঘাত করিয়া থাকেন ॥৫॥

'গুণকেশী'-নামে ইহার একটী কন্যা আছে; সেই সু
পৃথিবীতে রূপে নিরুপমা এবং সত্য, সচ্চরিত্র ও নানাগুণসম্পন্না

নাগরাজ ! ইনি সেই মাতলি আপন কন্যার বর নির্বাচ
সহকারে ত্রিভুবনে বিচরণ করিতেছেন; কিন্তু এখানে আপনা
সুমুখ কন্যার পতিরূপে উঁহার মনোনীত হইয়াছেন ॥৭॥

আর্য্যক উবাচ।

ন মে নৈতদ্বহুমতং দেবর্ষে! বচনং তব।
সখা শক্রস্য সংযুক্তঃ কস্যায়ং নেপ্সিতো ভবেৎ।
কারণস্য তু দৌর্বল্যাচ্চিন্তয়ামি মহামুনে। ॥১৪॥
অস্য দেহকরস্তাত! মম পুত্ত্রো মহাদ্যুতে।।
ভক্ষিতো বৈনতেয়েন দুঃখার্ত্তাস্তেন বৈ বয়ম্ ॥১৫॥
পুনরেব চ তেনোক্তং বৈনতেয়েন গচ্ছতা।
মাসেনান্যেন সুমুখং ভক্ষয়িষ্য ইতি প্রভো। ॥১৬॥
ধ্রুবং তথা তদ্ভবিতা জানীমস্তস্য নিশ্চয়ম্।
তেন হর্ষঃ প্রনষ্টো মে সুপর্ণবচনেন বৈ ॥১৭॥

কণ্ব উবাচ।

মাতলিস্ত্বব্রবীদেনং বুদ্ধিরত্র কৃতা ময়া।
জামাতৃভাবেন বৃতঃ সুমুখস্তব পুত্রজঃ ॥১৮॥

ভারতকৌমুদী

স ইতি। দীনো বিমনাঃ পুত্রশোকাৎ, প্রহৃষ্টশ্চ পৌত্রবিবাহসম্ভবাৎ ॥১৩॥

নেতি। বহুমতমত্যাদৃতং। সংযুক্তঃ পৌত্রপরিণয়ঘটনার্থং মিলিতঃ। কারণস্য আনন্দ-হেতোঃ পৌত্রায়ুষঃ, দৌর্বল্যাৎ বক্ষ্যমাণবৈনতেয়োক্তেঃ সন্দিগ্ধত্বাৎ। ষট্‌পাদোহয়ং শ্লোকঃ ॥১৪॥

অস্যেতি। অস্য সুমুখস্য, দেহকরো জনকঃ ॥১৫॥

পুনরিতি। সুমুখং মৎপৌত্রম্। ইতি উক্তমিতি সম্বন্ধঃ ॥১৬॥

ধ্রুবমিতি। সুপর্ণবচনেন গরুড়বাক্যেন ॥১৭॥

আর্য্যক বলিলেন—'দেবর্ষি! আপনার বাক্যে যে আমার বিশেষ আদর নাই, এমন নহে; আর ইন্দ্রের সখা এখানে আসিয়া আমাদের সহিত মিলিত হইয়াছেন, ইনি কাহার অভীষ্ট নহেন? তবে কি জানেন মহর্ষি! কারণের দুর্বলতাবশতঃ আমি একটু চিন্তা করিতেছি ॥১৪॥

মাননীয় মহর্ষি। ইহার পিতা এবং আমার পুত্র চিকুরকে গরুড় ভক্ষণ করিয়াছে, তাহাতেই আমরা দুঃখিত আছি ॥১৫॥

প্রভু! যাইবার সময়ে গরুড় আবার বলিয়া গিয়াছে যে, 'অপর মাসে সুমুখকে ভক্ষণ করিব' ॥১৬॥

গরুড়ের দৃঢ়প্রতিজ্ঞার বিষয় আমরা জানি। সুতরাং নিশ্চয়ই তাহা সেই রূপ হইবে। অতএব গরুড়ের সেই বাক্যে আমার আনন্দ নষ্ট হইয়াছে' ॥১৭॥

(১৪) নমে নৈতদ্বহুমতম্ নি।

সোঽয়ং ময়া চ সহিতো নারদেন চ পন্নগঃ।
ত্রিলোকেশং সুরপতিং গত্বা পশ্যতু বাসবম্ ॥১৯॥
শেষেণৈবাস্য কার্য্যেণ প্রজ্ঞাস্যাম্যহমায়ুষঃ।
সুপর্ণস্য বিঘাতে চ প্রযতিষ্যামি সত্তম! ॥২০॥
সুমুখশ্চ ময়া সার্দ্ধং দেবেশমভিগচ্ছতু।
কার্য্যসংসাধনার্থায় স্বস্তি তেঽস্তু ভুজঙ্গম! ॥২১॥
ততস্তে সুমুখং গৃহ্য সর্ব এব মহৌজসঃ।
দদৃশুঃ শক্রমাসীনং দেবরাজং মহাদ্যুতিম্ ॥২২॥
সঙ্গত্যা তত্র ভগবান্ বিষ্ণুরাসীচ্চতুর্ভুজঃ।
ততস্তৎ সর্ব্বমাচখ্যৌ নারদো মাতলিং প্রতি ॥২৩॥

ভারতকৌমুদী

মাতলিরিতি। এনমার্য্যকম্। পুত্রজঃ পৌত্রঃ ॥১৮॥

স ইতি। সোঽয়ং পন্নগো নাগঃ সুমুখঃ। বাসবমিন্দ্রম্ ॥১৯॥

শেষেণেতি। শেষেণ অবশিষ্টেন কার্য্যেণ, অস্য সুমুখস্য আয়ুষো বিষয়মিতি শেষঃ, প্রজ্ঞাস্যামি। সুপর্ণস্য গরুড়স্য, বিঘাতে বাধাপ্রদানে ॥২০॥

সুমুখ ইতি। দেবেশমিন্দ্রম্। স্বস্তি মঙ্গলম্। হে ভুজঙ্গম। নাগ। আর্য্যক। ॥২১॥

তত ইতি। গৃহ্য গৃহীত্বা, সর্বে নারদার্য্যকমাতলয়ঃ ॥২২॥

সঙ্গত্যেতি। সঙ্গত্যা দৈবগত্যা। মাতলিং প্রতি মাতলিবিষয়কম্ ॥২৩॥

কণ্ব বলিলেন—'তখন মাতলি আর্য্যককে কহিলেন—'আমি এ বিষয়ে এক বুদ্ধি করিয়াছি। আমি আপনার পৌত্র সুমুখকে জামাতৃভাবে বরণ করিয়াছি ॥১৮॥

এই সুমুখ আমার ও নারদের সহিত যাইয়া ত্রিলোকীপতি দেবরাজ ইন্দ্রের সহিত সাক্ষাৎ করুন ॥১৯॥

নাগশ্রেষ্ঠ! তৎপরে আমি অবশিষ্ট কার্য্যদ্বারা উঁহার আয়ুর বিষয় জানিব এবং গরুড়কে বাধা দিবার বিষয়ে চেষ্টা করিব ॥২০॥

নাগরাজ! আপনার মঙ্গল হউক; সুমুখ কার্য্যসাধনের জন্য আমার সহিত দেবরাজের নিকট গমন করুন' ॥২১॥

তাহার পর সেই তেজস্বীরা সকলেই সুমুখকে লইয়া যাইয়া সিংহাসনোপবিষ্ট মহাতেজা দেবরাজ ইন্দ্রকে দর্শন করিলেন ॥২২॥

---

(২১) শ্লোকাৎ পরম্ 'কণ্ব উবাচ। আর্য্যকেণাভ্যনুজ্ঞাতা গম্যতামিতি ভারত।' ইত্যধিকম্—নি।

পক্ষবাতেন মহতা রুদ্ধা ত্রিভুবনং খগঃ।
সুপর্ণঃ পরমক্রুদ্ধো বাসবং সমুপাদ্রবৎ ॥২॥

গরুড় উবাচ।

ভগবন্! কিমবজ্ঞানাদ্‌বৃত্তিঃ প্রতিহতা মম।
কামকারবরং দত্ত্বা পুনশ্চলিতবানসি ॥৩॥
নিসর্গাৎ সর্বভূতানাং সর্বভূতেশ্বরেণ মে।
আহারো বিহিতো ধাত্রা কিমর্থং বার্য্যতে ত্বয়া ॥৪॥
বৃতশ্চৈব ময়া নাগঃ স্থাপিতঃ সময়শ্চ মে।
অনেন চ ময়া দেব! ভর্ত্তব্যঃ প্রসবো মহান্ ॥৫॥
এতস্মিংস্তু তথাভূতে নান্যং হিংসিতুমুৎসহে।
ক্রীড়সে কামকারেণ দেবরাজ! যথেচ্ছকম্ ॥৬॥

ভারতকৌমুদী

পক্ষেতি। রুদ্ধা কম্পয়িত্বেত্যতিশয়োক্তিঃ। সুপর্ণো গরুড়ঃ ॥২॥

ভগবন্নিতি। হে ভগবন্! ঐশ্বর্য্যশালিন্নিতি সাক্ষেপসম্বোধনম্। বৃত্তির্জীবনোপায়ঃ। কামকারেণ ইচ্ছাকরণেন বরং নাগভক্ষ্যত্বরূপং মহ্যং দত্ত্বা, তস্মাৎ কিং চলিতবান্ ॥৩॥

নিসর্গাদিতি। সর্ব্বভূতানাং নিসর্গাৎ সৃষ্টেরারভ্য। ধাত্রা ব্রহ্মণা ॥৪॥

বৃত ইতি। স্থাপিতো নিরূপিতঃ মে ময়া। প্রসবঃ সন্তানঃ, মহান্ বহুলঃ ॥৫॥

এতস্মিন্নিতি। তথাভূতে ময়া বারিতভক্ষণে। কামকারেণ স্বেচ্ছাচারিতয়া ॥৬॥

তাহার পর গরুড় অত্যন্তক্রুদ্ধ হইয়া বিশাল পক্ষবায়ুদ্বারা ত্রিভুবন কম্পিত করিয়া ইন্দ্রের নিকট যাইয়া উপস্থিত হইলেন ॥২॥

গরুড় বলিলেন—‘ঐশ্বর্য্যমদমত্ত! তুমি অবজ্ঞা করিয়া আমার জীবিকা নির্বাহে বাধা দিলে কেন? এবং তুমিই ত ইচ্ছা করিয়া আমাকে নাগ-ভক্ষণের বর দিয়াছিলে, আবার তাহা হইতে বিচ্যুত হইলে কেন? ॥৩॥

সর্বভূতের অধীশ্বর বিধাতা সর্বভূতের সৃষ্টি হইতেই আমার আহার নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন, তুমি কি জন্য তাহাতে বাধা দিতেছ? ॥৪॥

আমি এই নাগকে (ভোজনের জন্য) বরণ করিয়াছিলাম, সময়ও স্থির করিয়াছিলাম এবং ইহাদ্বারাই আমার অনেক সন্তানকে ভরণ করা কর্ত্তব্য বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছিল ॥৫॥

এই নাগের ভোজনে বাধা পড়িলেও আমি অন্য নাগকে ভোজন করিতে

---

(৫) বৃতশ্চৈব মহানাগঃ বা ব বা নি।

সোঽহং প্রাণান্ বিমোক্ষ্যামি তথা পরিজনো মম।
যে চ ভৃত্যা মম গৃহে প্রীতিমান্ ভব বাসব। ॥৭॥

ইন্দ্র উবাচ। †

ন মৎকৃতং বৈনতেয়! ন মাং ক্রোদ্ধুং ত্বমর্হসি।
দত্তাভয়ঃ স সুমুখো বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ॥৮॥
শ্রুত্বা পুরন্দরেণোক্তমুবাচ বিনতাসুতঃ।
এতচ্চৈবাহমর্হামি পুনশ্চ বলবৃত্রহন্!।
ত্রৈলোক্যস্যেশ্বরো যোঽহং পরভৃত্যত্বমাগতঃ ॥৯॥
ত্বয়ি তিষ্ঠতি দেবেশ! ন বিষ্ণুঃ কারণং মম।
ত্রৈলোক্যরাজরাজ্যং হি ত্বয়ি বাসব! শাশ্বতম্ ॥১০॥
মমাপি দক্ষস্য সুতা জননী কশ্যপঃ পিতা।
অহমপ্যুৎসহে লোকান্ সমস্তান্বোঢ়ুমোজসা ॥১১॥

ভাবতকৌমুদী

স ইতি। প্রাণান্ বিমোক্ষ্যামি, খাদ্যাভাবাদিতি ভাবঃ ॥৭॥
নেতি। মাং প্রতি। প্রতিবিষ্ণুনা মদপেক্ষয়া অধিকপ্রভাবশালিনা ॥৮॥
শ্রুত্বেতি। এতদবজ্ঞানম্, প্রাপ্তুমিতি শেষঃ। পরস্য বিষ্ণোর্ভৃত্যত্বম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৯॥
ত্বয়ীতি। কারণং বৃত্তিনিরোধে। অতস্ত্বমেব কারণমিত্যাশয়ঃ ॥১০॥

ইচ্ছা করি না। দেবরাজ! তুমি স্বেচ্ছাচারী বলিয়া ইচ্ছানুসারে খেলা করিতেছ? ॥৬॥

ইন্দ্র! এখন তুমি সন্তুষ্ট হইতে পার। কেন না, খাদ্যের অভাবে আমি প্রাণ ত্যাগ করিব, আমার পরিজনেরা প্রাণত্যাগ করিবে এবং আমার গৃহে যে সকল ভৃত্য আছে, তাহারাও প্রাণত্যাগ করিবে' ॥৭॥

ইন্দ্র বলিলেন—'বিনতানন্দন! আমি তোমার খাদ্যের ব্যাঘাত করি নাই। সুতরাং তুমি আমার প্রতি ক্রুদ্ধ হইতে পার না। কিন্তু আমা অপেক্ষা অধিক প্রভাবশালী বিষ্ণুই সেই সুমুখকে অভয় দিয়াছেন' ॥৮॥

ইন্দ্রের এই কথা শুনিয়া গরুড় বলিলেন—'দেবরাজ! আবারও এই অবজ্ঞা ভোগ করিবার পক্ষে আমি সম্পূর্ণ যোগ্য। কারণ, যে আমি ত্রিভুবনের অধীশ্বর হইবার যোগ্য হইয়াও পরের ভৃত্য হইয়াছি ॥৯॥

দেবরাজ! তুমি থাকিতে বিষ্ণু আমার জীবিকানিরোধের কারণ হইতে পারেন না। যে হেতু তোমার উপরেই ত্রিভুবনের অধীশ্বরত্ব রহিয়াছে ॥১০॥

---

† ইত্যারভ্য 'বিনতাসুতঃ' ইত্যন্তঃ পাঠঃ পি বা ব বা নাস্তি। (১১) সমস্তান্বোঢ়-মঞ্জসা—পি বা ব বা।

. ০তাঃ ॥১৩॥

. . পরিচরাম্যহম্ ।

. . তে তেন মামবমন্যসে ॥১৪॥

কোঽন্যো ভারসহো হ্যস্তি কোঽন্যোঽস্তি বলবত্তরঃ ।
ময়া যোঽহং বিশিষ্টঃ সন্ বহামীমং সবান্ধবম্ ॥১৫॥

অবজ্ঞায় তু যত্তেঽহং ভোজনাদ্ব্যবরোপিতঃ ।
তেন মে গৌরবং নষ্টং ত্বত্তশ্চাস্মাচ্চ বাসব ! ॥১৬॥

ভারতকৌমুদী

ইন্দ্রসাদৃশ্যমাত্মনো দ্যোতয়তি শ্লোকজাতেন মমেতি। উৎসহে শক্নোমি ॥১১॥
অসহ্যমিতি। দৈতেয়বিগ্রহে অতীতাসুরযুদ্ধে ॥১২॥
শ্রুতেতি। দিতিজা এতে শ্রুতশ্রীপ্রভৃতয়ো দৈত্যাঃ ॥১৩॥
যদিতি। পরিচরামি সেবে। তে অনুজং বামনরূপেণ তব কনিষ্ঠসহোদরম্ ॥১৪॥
ক ইতি। ময়া সদৃশঃ অন্যঃ ক ইত্যাদিসম্বন্ধঃ। বিশিষ্টঃ প্রধানং, ইমং বিষ্ণুম্ ॥১৫॥
অবেতি। ব্যবরোপিতো বঞ্চিতঃ। ত্বত্ত ইন্দ্রাৎ, অস্মাদ্বিষ্ণোশ্চ ॥১৬॥

দেখ, ইন্দ্র! আমার মাতাও দক্ষের তনয়া, আমার পিতাও কশ্যপ এবং আমিও আপন শক্তিতে সমস্ত লোক বহন করিতে পারি ॥১১॥

আমার গুরুতর বলও সর্ব্বভূতের অসহ্য এবং আমিও অসুরযুদ্ধে অতিমহৎ কার্য্য করিয়াছি ॥১২॥

শ্রুতশ্রী, শ্রুতসেন, বিবস্বান্, রোচনামুখ, প্রসূত ও কালকাক্ষ এই সকল দৈত্যকে আমিও যুদ্ধে বধ করিয়াছি ॥১৩॥

তবে আমি যে বিষ্ণুর ধ্বজে থাকিয়া যত্নপূর্ব্বক উঁহার সেবা করি এবং তোমার এই কনিষ্ঠ সহোদরকে পৃষ্ঠে বহন করি, সম্ভবতঃ সেই জন্যই তুমি আমাকে অবজ্ঞা করিয়া থাক ॥১৪॥

আমার তুল্য অন্য কোন্ লোক ভারবহনে সমর্থ? এবং আমার সমান অপর কোন্ ব্যক্তি প্রধান বলবান্? যে আমি প্রধান হইয়াও বন্ধুবর্গের সহিত ইঁহাকে (বিষ্ণুকে) বহন করিয়া থাকি ॥১৫॥

---

(১৩) প্রসভঃ কালকক্ষশ্চ পি, প্রসূতঃ বালবাক্ষশ্চ বা ব রা।

ইন্দ্র। তুমি যে আমাকে অবজ্ঞা করিয়া ভোজন হইতে বঞ্চিত করিয়াছ, সেই জন্য তোমা হইতে এবং বিষ্ণু হইতেই আমার গৌরব নষ্ট হইয়াছে ॥১৬॥

বিষ্ণু। অদিতির গর্ভে এই যে সকল বলবিক্রমশালী দেবতা জন্মিয়াছেন, তাঁহাদের সকলের মধ্যেই বলে তুমি প্রধান ॥১৭॥

কিন্তু তথাপি আমি আমার একখানা পাখার একটা স্থান দিয়া বিনা কষ্টে তোমাকে বহন করিয়া থাকি। অতএব বাবা। ইহাদ্বারাই তুমি ধীরে ধীরে বিবেচনা করিয়া দেখ দেখি—আমাদের উভয়ের মধ্যে কে অধিক বলশালী ॥১৮॥

বিষ্ণু গরুড়ের সেই ভাবি-ভয়ঙ্কর-ফল-জনক বাক্য শ্রবণ করিয়া অদম্য গরুড়কে দমন করিবার জন্য বলিলেন—॥১৯॥

'গরুড়! তুমি অতিদুর্বল হইলেও আপনাকে বলবান্ বলিয়া মনে কর। দেখ অণ্ডজ। তুমি আমার সমক্ষে আত্মপ্রশংসা করিও না ॥২০॥

(১৭) অদিত্যা য ইমে জাতা পি।

ইমং তাবন্মমৈকং ত্বং বাহুং সব্যেতরং বহ।
যদ্যেনং ধারয়স্যেকং সফলং তে বিকত্থিতম্ ॥২২॥
ততঃ স ভগবাংস্তস্য স্কন্ধে বাহুং সমাসজৎ।
নিপপাত স ভারার্ত্তো বিহ্বলো নষ্টচেতনঃ ॥২৩॥
যাবান্ হি ভারঃ কৃৎস্নায়াঃ পৃথিব্যাঃ পর্ব্বতৈঃ সহ।
একস্যা দেহশাখায়াস্তাবদ্ভারমমন্যত ॥২৪॥
ন ত্বেনং পীড়য়ামাস বলেন বলবত্তরঃ।
ততো হি জীবিতং তস্য ন ব্যনীনশদচ্যুতঃ ॥২৫॥
ব্যাত্তাস্যঃ স্রস্তকায়শ্চ বিচেতা বিহ্বলঃ খগঃ।
মুমোচ পত্রাণি তদা গুরুভারপ্রপীড়িতঃ ॥২৬॥

ভাবতকৌমুদী

ইমমিতি। সব্যেতরং বামম্, "সব্যস্তু দক্ষিণে। বামে চ প্রতিকূলে চ" ইতি হৈমঃ ॥২২॥
তত ইতি। তস্য গরুড়স্য। সমাসজৎ অস্থাপয়ৎ ॥২৩॥
যাবানিতি। দেহশাখায়া দেহাংশস্য বামবাহোঃ। অমন্যত গরুড় ইতি শেষঃ ॥২৪॥
নেতি। জীবিতং জীবনম্। ন ব্যনীনশৎ ন বিনাশিতবান্, দয়য়েতি ভাবঃ ॥২৫॥
ব্যাত্তেতি। ব্যাত্তং প্রকটিতম্ আস্যং মুখং যেন সঃ। মুমোচ প্রসারয়ামাস ॥২৬॥

সমগ্র ত্রিভুবনও আমার দেহধারণে সমর্থ হয় না। সুতরাং আমি নিজেই নিজেকে বহন করি এবং তোমাকেও ধারণ করিয়া থাকি ॥২১॥

তুমি আমার এই এক বামবাহু বহন কর দেখি। যদি তুমি এই এক বাহু ধারণ করিতে পার, তাহা হইলেও তোমার আত্মপ্রশংসা সফল হইবে' ॥২২॥

তাহার পর ভগবান্ বিষ্ণু গরুড়ের স্কন্ধে বামবাহু স্থাপন করিলেন; তৎক্ষণাৎ গরুড় ভারার্ত্ত, বিহ্বল ও চৈতন্যবিহীন হইয়া ভূতলে পতিত হইলেন ॥২৩॥

কারণ, পর্ব্বতের সহিত সমগ্র পৃথিবীর যত ভার, বিষ্ণুর দেহের এক অংশেরই তত ভার বলিয়া গরুড় মনে করিয়াছিলেন ॥২৪॥

কিন্তু প্রধান বলবান্ বিষ্ণু আপন বলদ্বারা গরুড়কে পীড়ন করিলেন না; তাহাতেই তিনি গরুড়ের জীবন নষ্ট করেন নাই ॥২৫॥

কিন্তু তখন গরুড় অত্যন্তভাবে নিপীড়িত হইয়া পক্ষবিস্তার করিলেন, বিহ্বল হইয়া পড়িলেন এবং তাঁহার মুখ বিবৃত হইল, শরীর শিথিল হইয়া পড়িল, আর চৈতন্য প্রায় লোপ পাইল ॥২৬॥

---

(২৩) ইত্যুক্তা ভগবাংস্তস্য নি।

স বিষ্ণুং শিরসা পক্ষী প্রণম্য বিনতাসুতঃ।
বিচেতা বিহ্বলো দীনঃ কিঞ্চিদ্বচনমব্রবীৎ ॥২৭॥
ভগবন্! লোকসারস্য সদৃশেন বপুষ্মতা।
ভুজেন স্বৈরমুক্তেন নিষ্পিষ্টোঽস্মি মহীতলে ॥২৮॥
ক্ষন্তুমর্হসি মে দেব! বিহ্বলস্যাল্পচেতসঃ।
বলদাহবিদগ্ধস্য পক্ষিণো ধ্বজবাসিনঃ ॥২৯॥
নহি জ্ঞাতং বলং দেব! ময়া তে পরমং বিভো!।
তেন মন্যাম্যহং বীর্য্যমাত্মনো ন সমং পরৈঃ ॥৩০॥
ততশ্চক্রে স ভগবান্ প্রসাদং বৈ গরুত্মতঃ।
মৈবং ভূয় ইতি স্নেহাত্তদা চৈনমুবাচ হ ॥৩১॥
পাদাঙ্গুষ্ঠেন চিক্ষেপ সুমুখং গরুড়োরসি।
ততঃ প্রভৃতি রাজেন্দ্র! সহ সর্পেণ বর্ত্ততে ॥৩২॥

ভাবতকৌমুদী

স ইতি। বিচেতাঃ প্রায়েণ চৈতন্যশূন্যঃ। অতএব কিঞ্চিদল্পম্ ॥২৭॥
ভগবন্নিতি। বপুষ্মতা মূর্ত্তিমতা। স্বৈরমুক্তেন মন্দন্যস্তেন ॥২৮॥
ক্ষন্তুমিতি। বলদাহো বলোষ্মা বলগর্ব্ব ইতি যাবত্তেন বিদগ্ধস্য ॥২৯॥
নহীতি। মন্যামি মন্যে। পরৈর্ন সমং সর্ব্বাধিকমিত্যর্থঃ ॥৩০॥
তত ইতি। প্রসাদমনুগ্রহম্। ভূয়ঃ পুনঃ, মৈবং কুর্ব্বিতি শেষঃ ॥৩১॥

পরে প্রায় চৈতন্যহীন, বিহ্বল ও কাতর অবস্থাতেই গরুড় মস্তকদ্বারা বিষ্ণুকে প্রণাম করিয়া এই অল্প কথা কয়টীমাত্র বলিলেন—॥২৭॥

'ভগবন্! জগতের মূর্ত্তিমান্ সারবস্তুর তুল্য অল্পমাত্রস্থাপিত এই বাহুদ্বারা আমি ভূতলে নিষ্পিষ্ট হইয়াছি ॥২৮॥

দেব! আমি বলের তেজে দগ্ধপ্রায় ছিলাম; এখন বিহ্বল হইয়া পড়িয়াছি, চৈতন্যও অল্পমাত্রই আছে; অথ চ আমি আপনার ধ্বজবাসী একটী পক্ষী। অতএব আপনি আমার উপরে ক্ষমা করুন ॥২৯॥

দেব! প্রভু! আমি আপনার অসাধারণ বলের বিষয় জানিতাম না; তাহাতেই নিজের শক্তিকে অতুলনীয় মনে করিতাম' ॥৩০॥

তাহার পর ভগবান্ বিষ্ণু গরুড়ের উপরে অনুগ্রহ করিলেন এবং স্নেহবশতঃ বলিলেন---'গরুড়! তুমি আর এরূপ করিও না' ॥৩১॥

